The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 896 | 14 November 2025 | শুক্রবার ২৯ কার্তিক ১৪৩২



Mamdani opens floodgates of younger Democrats running for office → Page 19

US lost jobs through late → Page 18





Venezuelan military preparing guerrilla response in case of US attack → Page 18

I would never disrespect a woman: Irfan Sajjad → Page 19



# নির্বাচনের দিনই ‘গণভোট’

## জাতির উদ্দেশ্যে ভাষণে প্রধান উপদেষ্টা

মাসুদ করিম, *ঢাকা থেকে*



প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস গত বৃহস্পতিবার বাংলাদেশ সময় দুপুরে জুলাই জাতীয় সনদ ২০২৫ বাস্তবায়ন বিষয়ে জাতির উদ্দেশে ভাষণ দিয়েছেন। তিনি বলেন, ‘আগামী বছর ফেব্রুয়ারির প্রথমার্ধে অনুষ্ঠিতব্য জাতীয় নির্বাচনের দিনই ‘গণভোট’ অনুষ্ঠিত হবে। ফ্যাসিস্ট সরকারের হত্যাকান্ডের বিচারের রায় শীঘ্রই হতে যাচ্ছে। বাংলাদেশের এরপর ১৪ পৃষ্ঠায়

## ভাষণ ঘিরে বিএনপি জামায়াত পক্ষে-বিপক্ষে

আজকাল রিপোর্ট

অন্তর্বর্তীকালিন সরকারের প্রধান উপদেষ্টা ড. মোহাম্মদ ইউনূস আগামী জাতীয় নির্বাচন এরপর ২৬ পৃষ্ঠায়




## হাসিনার মৃত্যুদণ্ড চায় সরকারপক্ষ

আজকাল রিপোর্ট

জুলাই গণঅভ্যুত্থান দমানোর চেষ্টায় সংঘটিত হত্যাযজ্ঞ, মানবতা বিরোধী অপরাধের মামলায় ‘পলাতক’ সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার ফাঁসি, যাবজ্জীবন বা খালাসের রায় আন্তর্জাতিক এরপর ১৪ পৃষ্ঠায়

## তারেক রহমানের ফেরা নিয়ে ‘আজকাল’কে যা জানালেন



আজকাল প্রতিনিধি, *ঢাকা থেকে*

বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান বাংলাদেশে আগামী জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণার পর দেশে ফিরবেন। বিএনপির উচ্চ পর্যায়ের নেতৃবৃন্দ থেকে ‘সাপ্তাহিক আজকালকে’ এই তথ্য এরপর ২৬ পৃষ্ঠায়

## আনুষ্ঠানিকভাবে নির্বাচনের কিছুই আমরা জানি না: সিইসি

আজকাল রিপোর্ট

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট একই দিনে করার বিষয়ে সরকার পক্ষ থেকে আমরা আনুষ্ঠানিকভাবে কিছুই জানি না। আনুষ্ঠানিকভাবে জানানোর পর সিদ্ধান্ত নেয়া হবে বলে এরপর ১৪ পৃষ্ঠায়

## এশিয়ান হেরিটেজ অ্যাওয়ার্ড পেলেন শাহ নেওয়াজ

আজকাল রিপোর্ট

২০২৫ সালের এশিয়ান হেরিটেজ বিজসেন লিডার অ্যাওয়ার্ড পেয়েছেন নিউইয়র্কের জনপ্রিয় হোমকেয়ার এজেন্সি গোল্ডেন এজ হোম কেয়ারের প্রেসিডেন্ট ও সিইও শাহ নেওয়াজ। গত ১১ নভেম্বর গোল্ডেন এজ হোম কেয়ারের অফিসে শাহ নেওয়াজের হাতে এই অ্যাওয়ার্ড তুলে দেন অ্যালায়েন্স অব এরপর ২৬ পৃষ্ঠায়



আরবি শিখুন, বাচ্চাদের শেখান
Contact Us
আপনার জন্য থাকবে একজন একান্ত নিবেদিত শিক্ষক, যিনি কেবল আপনাকেই শেখাবেন। বাংলা বা ইংরেজিতে শিখতে পারবেন। সন্তুষ্টি গ্যারান্টি ও সাশ্রয়ী মাসিক ফি।
যোগাযোগ: (646) 400-0786
TWO FREE SESSIONS!

Real Estate
New York, Dubai & Dhaka
Mijan Rahman
Chairman & CEO
Mijan Real Estate Limited
Mijan Multi Services Inc.
Mijan Home Care Inc.
Mijan Travel Inc.
M&F Trading Inc.
ঢাকার বসুন্ধরা, পূর্বাচল, উত্তরা, ধানমন্ডি, বনানী, গুলশানে বাড়ি, প্লট ও ফ্ল্যাট ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন।
+1 917-631-5050 RealtorMijan@gmail.com

সরকারী অনুদানে বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?
GREE MECHANICAL YONKERS
আপনি কি বাড়ীর হিটিং বিল নিয়ে চিন্তিত? আমরা বয়লার পরিবর্তনের মাধ্যমে আপনার বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে গ্রিন হিট লাগিয়ে থাকি। সরকারী অনুদানে $8000-$10000 ডলার।
বিস্তারিত জানতে কল করুন
914-222-9477, 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave,Yonkers NY 10710
তোফায়েল চৌধুরী

BISMILLAH
HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ২টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $20.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন,নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্ত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন ।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি ।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকলাঙ্গ শিশুর জন্য, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ
917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury
Attorney at Law

RAJIB AHMED
PRESIDENT & CEO
LICENSED REAL ESTATE EXPERT
MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR
ইন্স্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ
ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

GOLDEN AGE HOME CARE
PCA SERVICE
সর্বাধিক জনপ্রিয় হোম হেল্থ কেয়ার এজেন্সী
হোম কেয়ার
সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা
Please Contact
Shah Nawaz MBA
President & CEO
646-591-8396
Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com


NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR
ADULT DAYCARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
elderplan
a participating agency of MJHS Health System
Anthem
Hamaspik
MANAGED CARE
RiverSpring Living
MetroPlus Health
S W H
Senior Whole Health
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
FUHAD HUSSAIN
CCO
MOHAMMAD ZAHID ALAM
CFO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ GROUP
Design by: ihopeprint.com, 929-538-7903
CONTACT US:
Off: 718-516-3424
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
86-11 101 Avenue,
Ozone Park, NY 11416

সালেহ উদ্দিন আহমদ-এর কলাম
মামদানির জয় যুক্তরাষ্ট্রের রাজনীতি যেভাবে বদলে দিতে পারে
০৫ পৃষ্ঠায়



চিত্তরঞ্জন সরকার-এর কলাম
উভয় সংকটে বিএনপি: সংস্কার গ্রহণ, না প্রত্যাখ্যান
০৬ পৃষ্ঠায়



উমর ফারুক-এর কলাম
ইতিহাস ও বাস্তবতায় জিয়াউর রহমান
১২ পৃষ্ঠায়



সাপ্তাহিক আজকাল
Friday, 14 November 2025, Issue 896, www.ajkalnewyork.com




# যুক্তরাষ্ট্রের কারাগার থেকে মুক্তি পেলেন বাংলাদেশি মাসুমা খান

আজকাল রিপোর্ট

এক মাস ধরে যুক্তরাষ্ট্রের ডিটেনশন সেন্টারে আটক থাকার পর অবশেষে মুক্তি পেয়েছেন বাংলাদেশি নারী মাসুমা খান। ক্যালিফোর্নিয়ার এক ফেডারেল বিচারকের নির্দেশে বুধবার (৫ নভেম্বর) রাতে ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইস)-এর আটক কেন্দ্র থেকে ৬৪ বছর বয়সী এই নারী পরিবারের কাছে ফিরে গেছেন। এর মধ্য দিয়ে ক্যালিফোর্নিয়ায় ২৮ বছর ধরে বসবাসরত মাসুমা খানের পরিবারে ফিরে গেছেন। বিচারক মাসুমা খানকে অবিলম্বে মুক্তি দেওয়ার নির্দেশের পাশাপাশি আইনজীবীদের আবেদনের এরপর ১৫ পৃষ্ঠায়



# প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের উপহার

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রের প্রত্যেক নাগরিককে কমপক্ষে ২ হাজার ডলার করে দেওয়ার ঘোষণা দিয়েছেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। চলমান সরকারি অচলাবস্থার মধ্যেই তিনি এই ঘোষণা দেন। মূলত ট্যারিফ থেকে যে রাজস্ব আসছে সেখান থেকেই দেওয়া হবে এই অর্থ। তবে এই প্রস্তাব কার্যকর করতে কংগ্রেসের অনুমোদন প্রয়োজন হবে বলে ধারণা করা হচ্ছে।

গত ১০ নভেম্বর এক প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে সংবাদমাধ্যম টিআরটি ওয়ার্ল্ড। রোববার নিজের সামাজিক যোগাযোগ মাধ্যম ট্রুথ সোশ্যাল-এ ট্রাম্প এরপর ২৪ পৃষ্ঠায়

# আটক ৬শ’ অভিবাসি মুক্ত হতে যাচ্ছে

আজকাল রিপোর্ট




ইলিনয় থেকে আটক শত শত অভিবাসির মুক্তির আভাস মিলেছে। একজন ফেডারেল বিচারক গত ১২ নভেম্বর বলেন, তারা মাদক পাচারকারী বা গ্যাংয়ের সদস্য বা আইস-এর দাবি করা বিভিন্ন ধরনের এন'এর ডুয়েলস অভিযুক্ত হবার আশঙ্কা কম বলে মনে করা হচ্ছে। বিধিনিষেধের মধ্যে রয়েছে পরোয়ানা ছাড়াই বা যানবাহন থামানোর সময় গ্রেপ্তার করার সীমাবদ্ধতা। কমপক্ষে ১৩ জন অভিবাসন প্রয়োগকারী বন্দীকে ১৪ নভেম্বর মুক্তি দেওয়া হবে বলে আশা করা হচ্ছে। প্রায় ৬০০ জনের একটি দলকে ২১ নভেম্বর মুক্তি দেওয়ার আদেশ দেওয়া হতে পারে বলে আশা করা হচ্ছে। আটককৃতদের আইনজীবীরা মিডওয়ে ব্লিটজের সমস্ত বন্দীদের সম্মতির ডিক্রি দ্বারা রক্ষা করা যেতে পারে কি-না তা এখন দেখার বিষয়।

ন্যাশনাল ইমিগ্র্যান্ট জাস্টিস সেন্টারের অ্যাটর্নি মার্ক ফ্লেমিং বলেন, এটি প্রতিয়মান হবে যে এই পুরো অপারেশন, গত দুই মাস ধরে আশেপাশের এলাকাগুলিকে আতঙ্কিত করা এবং মানুষকে নৃশংস করা, সবই বেআইনি ছিল।

যুক্তরাষ্ট্রের জেলা জজ জেফ্রি আই কামিংস শিকাগোর ফেডারেল আদালতে ফাইলিংয়ের জবাবে মৌখিক রায় দিয়েছেন যে, গ্রেপ্তারগুলি বেআইনীভাবে করা হয়েছিল। বিচারকের এই রায় প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের অপারেশন মিডওয়ে ব্লিটজের প্রায় দুই মাস পরে আসে এবং অভিবাসন প্রয়োগকারী ক্র্যাকডাউনের সময় আটক অনেক লোককে মুক্ত করার জন্য সম্ভাব্য ব্যবস্থা তৈরি করতে পারে।

ইলিনয়ের এসিএলইউ-এর এরপর ১৫ পৃষ্ঠায়

# আটলান্টিক সিটিতে ভ্রাম্যমাণ কনস্যুলেট সেবা ২৫ নভেম্বর

আজকাল রিপোর্ট

নিউজার্সির স্থানীয় বাংলাদেশি কমিমিউনিটির জন্য কনস্যুলেট সেবা সহজ করতে আগামী ২৫ নভেম্বর স্থানীয় আটলান্টিক সিটিতে ভ্রাম্যমাণ কনস্যুলেট সেবার উদ্যোগ নেওয়া হয়েছে। বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জার্সি ও বাংলাদেশ কমিউনিটি সেন্টারের যৌথ এই উদ্যোগে আটলান্টিক সিটির ২৭০৯, ফেয়ারমাউন্ট এভিনিউয়ের ‘বাংলাদেশ কমিউনিটি সেন্টার’-এ বাংলাদেশ কনস্যুলেট নিউ ইয়র্কের সহযোগীতায় ভ্রাম্যমাণ কনস্যুলেট সেবা প্রদান করা হবে। ভ্রাম্যমাণ কনস্যুলেট সেবার আওতায় প্রবাসী বাংলাদেশিরা এলাইড সার্টিফিকেট প্রদান, বাংলাদেশি পাসপোর্ট নবায়ন ও সংশোধন, দ্বৈত নাগরিকত্বের সনদের জন্য আবেদন, বাংলাদেশের এরপর ১৫ পৃষ্ঠায়



# বাংলাদেশি জারা মামদানির ট্রানজিশন টিমে

আজকাল রিপোর্ট

নিউইয়র্কের নবনির্বাচিত মেয়র জোহরান মামদানির দায়িত্ব গ্রহণের প্রস্তুতি টিমে যুক্ত হয়েছেন বাংলাদেশি বংশোদ্ভূত যোগাযোগ কৌশলবিদ জারা রহিম। জানা যায়, ফেব্রুয়ারি ২০২৫ থেকে মামদানির জ্যেষ্ঠ উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করছেন জারা রহিম। তিনি মায়া হান্ডা, তাসচা ভ্যান আউকেন এবং ফাইজা আলীর মতো অভিজ্ঞ নারীদের সঙ্গে ট্রানজিশন টিমে যোগ দিয়েছেন। এদের সবাই মামদানির ঐতিহাসিক বিজয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিলেন। দলটি আগামী ১ জানুয়ারি ২০২৬ মামদানির প্রশাসন ক্ষমতা এরপর ১৫ পৃষ্ঠায়

# বিবিসি শতভাগ ভুয়া সংবাদমাধ্যম : প্রেস সেক্রেটারি

আজকাল রিপোর্ট

বৃটিশ গণমাধ্যম বিবিসি’কে লক্ষ্য করে প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্পের প্রেস সেক্রেটারি ক্যারোলিন লিভিট বলেন, বিবিসি একটি শতভাগ ভুয়া সংবাদমাধ্যম। তার এই বক্তব্যের কথা জানিয়েছে, অনলাইন দ্য গার্ডিয়ান। এতে বলা হয়, ক্যারোলিন লিভিট হোয়াইট হাউসের একজন গুরুত্বপূর্ণ কর্মকর্তা। সাংবাদিকদের সঙ্গে আলাপকালে বিবিসিকে নিয়ে এমন মন্তব্য করেছেন ট্রাম্প প্রশাসনের ওই কর্মকর্তা। তিনি বলেন, বিবিসির শতভাগ ফেইক নিউজ। পাশাপাশি এটা একটি প্রপাগান্ডা ছড়ানোর যন্ত্র। সম্প্রতি সংবাদমাধ্যমটির বিরুদ্ধে পক্ষপাতিত্বের অভিযোগ ওঠার পর এই মন্তব্য করলেন ক্যারোলিন। তিনি আরও বলেন, বৃটেন সফরের সময় বিবিসির এরপর ২৪ পৃষ্ঠায়




# ব্রঙ্কসে ৫৫ তম বিজয় দিবসের প্রস্তুতি সভা

আজকাল রিপোর্ট

ব্রঙ্কসে যথাযোগ্য মর্যাদায় বাংলাদেশের আসন্ন ৫৫ তম মহান বিজয় দিবস উৎযাপন করবে স্থানীয় বাংলাদেশি কমিউনিটি। এ উপলক্ষ্যে গত ৫ নভেম্বর ব্রঙ্কসের এশিয়ান ড্রাইভিং স্কুলে ‘সম্মিলিত ব্রঙ্কস বাংলাদেশী কমিউনিটি’র উদ্যোগে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় বিজয় দিবস উৎযাপনের জন্য একটি আহ্বায়ক কমিটি গঠন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আমেরিকান বাংলাদেশ ওয়েলফেয়ার অর্গানাইজেশন ইউএসএ- এর সভাপতি আলহাজ আব্দুস শহিদ। এরপর ১৫ পৃষ্ঠায়

GRAND OPENING!
JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911



Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

• Do you want apply for a green card? • Are you being deported? • Are you having credit card problems?
• Are you unable to pay your debts? • Has your bank account been sealed?
• Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

• তুলনামূলকভাবে কম ফি • সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

# NY INSURANCE BROKERAGE INC

# আপনি কি TLC প্লেট নিতে চান??

## NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২)
প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি,
তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**



CONTACT US:

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372
office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

Design & Print by: ihopeprint.com, 929-538-7903

## সম্পাদকীয়

# মামদানি দেখিয়েছেন কীভাবে নির্বাচিত হতে হয়

যে ব্যবস্থায় রাজনীতিতে টাকার জোর আর পেশিশক্তিকেই সবকিছু বলে মনে করা হয়, সেই পুরোনো রাজনৈতিক ধ্যানধারণাকে নিউইয়র্কের মেয়র নির্বাচনে জোহরান মামদানির জয় ছুড়ে ফেলে দিয়েছে। বিরোধী প্রার্থীর নির্বাচনী তহবিলে কোটিপতিদের অকাতর অনুদান, সংবাদমাধ্যমের নিরন্তর নেতিবাচক প্রচারণা, ইসলামবিদ্বেষ, এমনকি নিজের দলের নেতাদের বিরোধিতা-সব বাধা পেরিয়ে মামদানি জয়ী হয়েছেন। এই জয় প্রমাণ করেছে, শুধু টাকা আর প্রভাব থাকলেই এখন আর ক্ষমতা পাওয়া যায় না।

দীর্ঘদিন ধরে ডেমোক্রেটিক পার্টির শীর্ষ নেতৃত্ব জনকল্যাণের ভাষায় কথা বলেছেন, কিন্তু বাস্তবে তাঁরা অর্থশালী দাতা আর লবিস্টদের স্বার্থই দেখেছেন। মামদানির প্রচারণা সেই ভণ্ডামিটা স্পষ্ট করে দিয়েছে। তিনি তাত্ত্বিক বা বড় বড় কথায় যাননি। গেছেন একদম মূল প্রশ্নে, 'এই শহরে আসলে কারা থাকতে পারে?'

এ প্রশ্নের উত্তর মামদানি নিজেই দিয়েছেন সরলভাবে। তিনি বলেছেন, সরকার যেন নিজেই ঘর তৈরি করে সাধারণ মানুষের থাকার জায়গা দেয়, ভাড়াটেদের জন্য ন্যায্য ভাড়া ও নিরাপত্তা নিশ্চিত করে, সবার জন্য বিনা মূল্যের শিশুযত্নকেন্দ্র (চাইল্ড কেয়ার) করে, শহরের বাসভাড়া তুলে দিয়ে গণপরিবহন যেন সবার জন্য উন্মুক্ত করে। মামদানি আরও বলেছেন, সরকারের মালিকানায় থাকা মুদিদোকান গড়ে তোলা উচিত, যাতে সাধারণ মানুষ সাশ্রয়ী দামে খাবার পায় এবং ক্ষুধার সুযোগ নিয়ে ব্যক্তিমালিকানাধীন ব্যবসায়ী চেইনগুলোর একচেটিয়া দৌরাত্ম্য শেষ হয়। তিনি ধনীদের কাছে রাষ্ট্রের পাওনা ন্যায্য ট্যাক্স দেওয়ারও দাবি জানিয়েছেন। শুধু কর্মসূচির বিষয়বস্তুতে নয়; বরং যেভাবে তিনি খোলাখুলি তাঁর মূল বক্তব্য বলেছেন, সেটিতেও মামদানির বিশেষত্ব ছিল। তিনি বলেছেন, সরকারের কাজ হলো যারা পরিশ্রম করে, তাদের সেবা করা; যারা টাকার জোরে প্রভাব খাটায় বা লবিং করে, তাদের নয়। তিনি স্পষ্ট করে ঘোষণা দিয়েছেন-এই শহর নাগরিকদের, কোনো ডেভেলপার, ব্যাংকার বা বড় দাতাদের নয়। অন্যদিকে মামদানির প্রতিদ্বন্দ্বী অ্যান্ড্রু কুমো এমন এক ধরনের রাজনীতির প্রতীক হয়ে উঠেছেন, যে রাজনীতিকে ভোটাররা এখন ঘৃণা করতে শিখেছেন। ওয়াল স্ট্রিটের বড় বড় ব্যবসায়ী আর দীর্ঘদিন ধরে টাকার বিনিময়ে রাজনৈতিক প্রভাব কেনা দাতাদের সমর্থনে কুমো আবার ক্ষমতায় ফিরে নিজের অতীত কেলেঙ্কারি ঢাকতে চেয়েছিলেন। কুমোর নির্বাচনী প্রচারে অহংকার ও আত্মগরিমা ভরপুর ছিল। তিনি নিজেকে এমনভাবে উপস্থাপন করছিলেন, যেন তিনি খুব অভিজ্ঞ, দক্ষ এবং জানেন কীভাবে শহর বা দেশ চালাতে হয়। কিন্তু তাঁর 'অভিজ্ঞতা'র কথা ছিল শুধু বাহ্যিক সাজ বা মুখোশ, যার আড়ালে ছিল আত্মম্ভরিতা। কিন্তু কুমোর পক্ষে যত বিজ্ঞাপন, যত সমর্থন আর যত অর্থই আসুক না কেন, তা ভোটারদের চোখে ধুলা দিতে পারেনি। ভোটাররা ভালো করেই জানতেন, কুমো ও তাঁর অর্থদাতারা আসলে সেই পচে যাওয়া ডেমোক্রেটিক পার্টির প্রতিচ্ছবি, যে দল বিবেকহীনভাবে ধনীদের সেবা করাকেই রাজনীতি মনে করে। আরও হতাশাজনক ছিল প্রাইমারির সময় ডেমোক্রেটিক দলের শীর্ষ নেতৃত্বের আচরণ। কুমোর বিরুদ্ধে একাধিক যৌন অসদাচরণের অভিযোগ আছে, যার কারণে তিনি গভর্নরের পদ হারিয়েছিলেন। বিষয়টি সবাই জানত। তা সত্ত্বেও দলের অনেক প্রভাবশালী নেতা তাঁকে প্রকাশ্যে সমর্থন দেন। এর মাধ্যমে তাঁরা দেখিয়ে দেন, তাঁদের নৈতিকতা বা সততার কথা আসলে শর্তসাপেক্ষ। অর্থাৎ দাতারা যেদিকে নির্দেশ দেন, তাঁদের নৈতিকতার দিকনির্দেশনাও সেদিকেই ঘুরে যায়। কুমোকে রক্ষার এ আচরণ রিপাবলিকানদের ডোনাল্ড ট্রাম্পকে আঁকড়ে ধরা আচরণের থেকে কোনো অংশে আলাদা ছিল না। দুই দলই প্রমাণ করেছে, তাদের রাজনীতি থেকে মূল্যবোধ হারিয়ে গেছে; এখন সেটি কেবল ক্ষমতা আর নিজেদের স্বার্থ রক্ষার জন্যই পরিচালিত হয়। প্রাইমারি বিতর্ক চলাকালে ডেমোক্রেটিক পার্টির প্রার্থীরা একে একে ঘোষণা দিতে লাগলেন, তাঁরা নির্বাচিত হলে প্রথম বিদেশ সফরে ইসরায়েলেই যাবেন। কিন্তু মামদানি স্পষ্ট করে বললেন, তিনি নিউইয়র্কের মেয়র হতে নির্বাচন করছেন, কোনো বিদেশনীতি-দূত হতে নয়; তাই ইসরায়েল সফরে যাওয়ার কোনো পরিকল্পনাও তাঁর নেই। মামদানির এই সোজাসাপটা সততা রাজনৈতিক বিশ্লেষক ও মিডিয়া মহলকে বিস্মিত করে তোলে। ডেমোক্রেটিক পার্টির মূলধারার নেতৃত্ব এবং সংবাদমাধ্যমের বড় অংশ মামদানির এ অবস্থানকে জায়নবাদী লবির তোষণ না করা হিসেবে দেখিয়ে তাঁকে অযোগ্য প্রার্থী হিসেবে তুলে ধরতে চেয়েছিল। কিন্তু ভোটাররা বিষয়টি অন্যভাবে দেখেছেন। তাঁরা ভান নয়, সত্যনিষ্ঠাকে বেছে নিয়েছেন; চাটুকারিতা নয়, নীতির প্রতি দৃঢ়তাকেই মূল্য দিয়েছেন। যখন কুমোর সমর্থকেরা মামদানিকে 'সমাজতান্ত্রিক' বলে সমালোচনা করতে লাগলেন, তখন সেই পুরোনো ভয় দেখানোর কৌশল আর কাজ করল না। নিউইয়র্কের ভোটাররা বুঝে ফেলেছিলেন, যে বিষয়কে ট্রাম্পের মতো রাজনীতিকেরা মামদানির 'কমিউনিজম' বলে আখ্যা দিচ্ছেন, সেটি আসলে ছিল জনগণের অর্থ জনগণের প্রয়োজনেই ব্যয় হবে-এমন নীতির প্রতি তাঁর অঙ্গীকার।

> নিউইয়র্কের ভোটাররা বুঝে ফেলেছিলেন, যে বিষয়কে ট্রাম্পের মতো রাজনীতিকেরা মামদানির 'কমিউনিজম' বলে আখ্যা দিচ্ছেন, সেটি আসলে ছিল জনগণের অর্থ জনগণের প্রয়োজনেই ব্যয় হবে-এমন নীতির প্রতি তাঁর অঙ্গীকার

# আওয়ামী লীগকে নির্বাচনে বাধা গণতন্ত্রের জন্য অশনি সংকেত

আতাউর রহমান বাবুল



বাংলাদেশের রাজনীতি আজ এক কঠিন প্রশ্নের মুখোমুখি । আগামী জাতীয় নির্বাচন কি সত্যিই অংশগ্রহণমূলক হবে? দুর্ভাগ্যবশত, আশঙ্কা করা যায়- উত্তরটি নেতিবাচক হওয়ার সম্ভাবনা বেশি। দেশের সবচেয়ে পুরনো ও বৃহৎ রাজনৈতিক দল বাংলাদেশ আওয়ামী লীগ। যার ভোটব্যাংক অন্তত ৩৫ শতাংশ। যদি জোরপূর্বক তাদের নির্বাচনের বাইরে রাখা হয়-তাহলে সেই নির্বাচন গণতান্ত্রিক হবে কিভাবে?

**আইন, ন্যায় ও দ্বিচারিতা :**

কোনো নেতা বা কর্মী অপরাধে জড়িত থাকলে তাদের বিচার হওয়া উচিৎ-এতে আপত্তি নেই। কিন্তু ব্যক্তিগত অপরাধের জন্য পুরো দলকে রাজনৈতিকভাবে নিষিদ্ধ করা সংবিধান ও নাগরিক অধিকার লঙ্ঘন।

সেনাবাহিনীর কয়েকজন সদস্যের অপরাধের দায় পুরো সেনাবাহিনীর ওপর চাপানো যেমন যুক্তিসঙ্গত নয়, ঠিক তেমনি রাজনৈতিক দলের কিছু সদস্যের অপরাধের দায়ে পুরো দলকে শাস্তি দেওয়াও গ্রহণযোগ্য নয়।

নেলসন ম্যান্ডেলা বলেন, "I have cherished the ideal of a democratic and free society in which all persons live together in harmony and with equal opportunities." আমি এমন এক গণতান্ত্রিক ও মুক্ত সমাজের আদর্শ লালন করেছি, যেখানে সকল মানুষ সৌহার্দপূর্ণভাবে ও সমান সুযোগ নিয়ে একসাথে বাস করবে।

**ঐতিহাসিক সত্যকে ভুলে যাওয়া বিপজ্জনক :**

আওয়ামী লীগের জন্মের ইতিহাসই বাংলাদেশের জন্মের সঙ্গে অঙ্গাঙ্গিভাবে জড়িত। এই দল প্রান্তিক গ্রাম থেকে শহরের সর্বত্র শিকড় গেড়ে রেখেছে। কোটি কোটি সমর্থক ও কর্মীর রাজনৈতিক বিশ্বাসকে উপেক্ষা করা মানে জনগণের কণ্ঠরোধ করা।

যারা দেশ চায়নি, তারা রাজনীতি করে; আর মুক্তিযুদ্ধের দল আজ নিষিদ্ধ! যে দল একসময় স্বাধীন বাংলাদেশ চায়নি, যারা গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধে অভিযুক্ত, তারা আজ রাজনৈতিকভাবে সক্রিয়। তাহলে প্রশ্ন : মুক্তিযুদ্ধের দলকেই কেন নির্বাচনের বাইরে রাখা হচ্ছে? যদি স্বাধীনতার বিরোধীদের অবাধভাবে রাজনীতি করার সুযোগ থাকে, তাহলে স্বাধীনতার পক্ষের দলকে গুটিয়ে রাখা কি ন্যায়ের সাথে সামঞ্জস্যপূর্ণ? নেলসন ম্যান্ডেলা যোগ করেন : "A good head and a good heart are always a formidable combination." যদি একজন মানুষের বুদ্ধিমত্তা (মস্তিষ্ক) এবং সৎ ও দয়ালু মন (হৃদয়) একসাথে থাকে, তবে সেই মানুষ খুবই শক্তিশালী ও প্রভাবশালী হয়ে ওঠে। জাতীয় ঐক্যের বদলে বিভেদ :বড় রাজনৈতিক দলকে নির্বাচনের বাইরে রাখা মানে দেশের বড় অংশের ভোটারকে কণ্ঠরোধ করা।

গণতন্ত্রে কোনো দল নয়, জনগণই চূড়ান্ত ক্ষমতার উৎস। যদি জনগণের কণ্ঠ রুদ্ধ হয়, তাহলে রাষ্ট্র গণতান্ত্রিক থাকে না-বরং কর্তৃত্ববাদী হয়ে ওঠে।

**জনগণের মতামতই চূড়ান্ত:**

রাষ্ট্রক্ষমতা বা প্রশাসন নয়-জনগণই দেশের প্রকৃত মালিক। তাদের সিদ্ধান্তই চূড়ান্ত। তাই সরকার যদি সত্যিই জনগণের প্রতি দায়বদ্ধ হয়, তবে সব দলের অংশগ্রহণে অবাধ, সুষ্ঠু ও প্রতিযোগিতামূলক নির্বাচন নিশ্চিত করা উচিত। আমাদের মনে রাখতে হবে, গণতন্ত্র শুধু ভোট নয়-এটি ন্যায়, সমতা এবং স্বাধীনতার প্রতীক। যদি এই মূলনীতির প্রতি খেয়াল রাখা না হয়, তবে দেশের মানুষই সবচেয়ে বড় ক্ষতিগ্রস্ত হবে।

**আতাউর রহমান বাবুল: আলবানী, নিউইয়র্ক।**

> গণতন্ত্রে কোনো দল নয়, জনগণই চূড়ান্ত ক্ষমতার উৎস। যদি জনগণের কণ্ঠ রুদ্ধ হয়, তাহলে রাষ্ট্র গণতান্ত্রিক থাকে না-বরং কর্তৃত্ববাদী হয়ে ওঠে। রাষ্ট্রক্ষমতা বা প্রশাসন নয়-জনগণই দেশের প্রকৃত মালিক। তাদের সিদ্ধান্তই চূড়ান্ত। তাই সরকার যদি সত্যিই জনগণের প্রতি দায়বদ্ধ হয়, তবে সব দলের অংশগ্রহণে অবাধ, সুষ্ঠু ও প্রতিযোগিতামূলক নির্বাচন নিশ্চিত করা উচিত। আমাদের মনে রাখতে হবে, গণতন্ত্র শুধু ভোট নয়-এটি ন্যায়, সমতা এবং স্বাধীনতার প্রতীক। যদি এই মূলনীতির প্রতি খেয়াল রাখা না হয়, তবে দেশের মানুষই সবচেয়ে বড় ক্ষতিগ্রস্ত হবে

# সম্ভাবনার জটিল পথ

মামুনুর রশীদ



গত এক বছরে আমাদের জাতি এক অভূতপূর্ব রাজনৈতিক প্রজ্ঞা লাভ করেছে। জাতীয় গণমাধ্যম, সামাজিক যোগাযোগমাধ্যম, ঘরের ভেতর থেকে চায়ের দোকান, স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়-সর্বত্রই রাজনৈতিক আলোচনা, পর্যালোচনা এবং সেই সঙ্গে যাঁর যাঁর সুচিন্তিত মন্তব্যও দিয়ে যাচ্ছেন। প্রতিদিনই সকাল-বিকেল কিছু না কিছু ঘটনা ঘটছে, সেসবের ওপরও তাৎক্ষণিক মন্তব্য হয়ে যাচ্ছে। এবারের উচ্চমাধ্যমিকের ফলেও তার প্রতিফলন দেখা যাচ্ছে। শিক্ষার্থীরাও পড়াশোনায় তেমন মনোযোগী হতে পারছে না। সমগ্র আলোচনা ওই রাজনীতিতে। চায়ের কাপেই বড় বড় সিদ্ধান্ত হয়ে যাচ্ছে।

মধ্যবিত্তের বাজারঘাটে টান পড়লেও তা আলোচনায় খুব একটা জায়গা পাচ্ছে না। রাজনীতিই মুখ্য এবং মুখ্য আলোচনার বিষয়। একটা বিষয় অবশ্য দেখার আছে-ক্লান্তিহীন, আড্ডাবাজ বাঙালি যেকোনো বিষয়ের ওপর আলোচনা করতে এবং সিদ্ধান্ত দিতে বড়ই উৎসাহী। ক্রিকেট খেলা দেখতে দেখতে অবলীলায় বিশ্ববিখ্যাত ব্যাটার বা বোলারদের ভুল ধরতে একটুও বিলম্ব করে না। বলা হয়ে থাকে, সম্মিলিতভাবে বাঙালি সব সময়ই সঠিক সিদ্ধান্ত নিয়ে থাকে। জাতি যে এত রাজনীতিসচেতন হয়ে পড়ল, সেও ভালো কথা। কিন্তু যখন দেখি কোথাও সড়ক দুর্ঘটনা হলো বা পুলিশের লাঠিপেটায় রক্তাক্ত দেহ পড়ে আছে, কোথাও কোনো নারীর অসম্মান হচ্ছে, তখন তার ফোনের ক্যামেরাটি গর্জে ওঠে বটে কিন্তু মানুষ আগায় না। সবকিছু যে ক্যামেরায় ধারণ করার বিষয় নয়, প্রতিবাদী হওয়া প্রয়োজন, তা বোঝার বোধ হয় এখন আর দরকার নেই।

আমাদের লেখাপড়ার সময়টা ছিল ষাটের দশক, যখন দেশে বিপুল পরিমাণে নানা জায়গায় আন্দোলন চলছিল। তার মধ্যে শিল্প-সাহিত্য, বিজ্ঞানচিন্তা এবং বড় বড় রাজনৈতিক তত্ত্ব নিয়েও কথাবার্তা হতো। মিছিলে যাওয়ার আগে ও পরে এসব বিষয় নিয়ে তর্কের ঝড় উঠত। এই তর্কাতর্কির ফলেই একটা বৃহত্তর জাতীয় ঐক্য গড়ে তোলা সম্ভব হয়েছিল। কিন্তু এখন এমন একটা সময় এসেছে, যখন রাজনীতিই একমাত্র আলোচনা, তর্কবিতর্কের বিষয়।

এই সময়ের মধ্যে যে কত মানবিক বিপর্যয় ঘটে গেল, দুর্নীতি সকল সময়ের রেকর্ড অতিক্রম করল। শিক্ষাব্যবস্থা নিম্নমুখী, কতিপয় দুর্বৃত্ত আরও বেশি শক্তিশালী হয়ে উঠল-তার আলোচনা ভুক্তভোগী ছাড়া কেউ করে না। অসহায় কিছু মানুষকে দেখা যায় কোর্ট-কাচারিতে, জেলখানায় দৌড়াদৌড়ি করতে। আবার থানায় প্রচুর মানুষের ভিড়। মানুষ ভেবেছিল একটা পরিবর্তন আসবে, দুর্নীতির কবর রচনা হবে, সরকার একটি কল্যাণমুখী প্রতিষ্ঠান হিসেবে দাঁড়িয়ে যাবে, দুর্নীতি বিদায় করতে যেমন কমিশন গঠন করেছে, তা দিয়েই চিরতরে এই অসুখটি নির্মূল হয়ে যাবে। কিন্তু তা হলো না। নির্বাচনই এখন একমাত্র আলোচনার বিষয়। অধিকাংশ লোক ভাবছে নির্বাচন হবে না। এই অবিশ্বাসই-বা কেন? মানুষ একটা আস্থাহীনতা এবং অবিশ্বাসের জায়গায় দাঁড়িয়ে গেল কেন?

বাঙালি চিরকালই সরকারবিরোধী। কারণ আছে অনেক। কিন্তু আস্থাহীনতা যদি সংক্রামক হয়ে জাতির সর্বক্ষেত্রে দাঁড়িয়ে যায়, তাহলে তার পরিণতি কী হবে? উত্তরের জন্য বহু দূর অপেক্ষা করার প্রয়োজন নেই। এখনই দেখা যাচ্ছে মানবিক মূল্যবোধে ধস নেমেছে, যার হাজার হাজার উদাহরণ খুঁজে পাওয়া যাবে। আরও বহুবার বলেছি, রাষ্ট্রকে আমরা মানবিক করতে পারিনি। সব দল মিলেই ব্যবস্থাটা এমন হয়েছে যে সরকার রাষ্ট্রকে অধিকার করে ফেলেছে, সমাজ কোনোমতে ধিকিধিকি জ্বলছে। তবে সমাজের শক্তি এখনো আছে। নইলে যে নৈরাজ্যকে আমরা দেখেছি, তাতে দেশে বিপুল পরিমাণে দাঙ্গা-হাঙ্গামা হয়ে অনেক কিছুই তছনছ হয়ে যেত। কোনো কোনো ওয়াজ-মাহফিল থেকে যেসব উসকানিমূলক বক্তব্য আসে, তাতে সব জায়গায় অগ্ন্যুৎপাত হওয়ার কথা। কিছু কিছু জায়গায় যে তা হয়নি, তা-ও সত্য নয়। অনেক জায়গায়ই ফেসবুকের একটি পোস্ট অনেক দাঙ্গাবাজির কারণ হয়েছে। সেসব ঘটনায় আমাদের সমাজ সত্যিই একটা ভূমিকা রাখতে সক্ষম হয়েছে। কিন্তু এবার কোনো শক্তিই তেমন দুর্বার হয়ে উঠতে পারেনি। আর সমাজের সবচেয়ে বড় শক্তিটি এখনো সোচ্চার হতে পারেনি।

আমাদের অর্ধশতকের শিক্ষাব্যবস্থা মানুষকে সত্য বলতে শেখায়নি। রাজনীতিবিদ, আমলা, বিচারক, শিক্ষক ও শিক্ষাব্যবস্থার নিয়ন্ত্রকও সত্য ভাষাকে উৎসাহিত করেনি। একটা অসুস্থ প্রতিযোগিতা সর্বত্রই উৎসাহিত হয়েছে। আজকে যে শুধু রাজনীতিই একমাত্র আলোচ্য বিষয়, তার কারণও হচ্ছে সমাজের অন্য সমস্যাগুলোর সমাধান না করে একটি দুর্নীতির পথই বেছে নিয়েছে সবাই। যদি সব জায়গায়ই একটা সুস্থ-স্বাভাবিক ধারা অব্যাহত থাকত, তাহলে এ জায়গায় এসে দাঁড়াতাম না আমরা। সমাজের সর্বত্র সত্যকে মূল্যায়ন করার একটা ব্যবস্থাই পারত সমাজকে রক্ষা করতে। রাজনীতির বৃহত্তর অর্থে প্রয়োগটাও হয়নি। মানুষের মহত্তম কল্যাণের পথটা রাজনীতিই খুলে দেয়। চীন, রাশিয়া, কিউবার

এরপর ২৬ পৃষ্ঠায়

> একটাই বড় বিষয় হয়ে দাঁড়িয়েছে, তা হলো ক্ষমতা। ক্ষমতার ব্যবহার এবং অপব্যবহার একটি সমাজের জন্য যে কত ভয়ংকর হতে পারে, তা আমরা দেখেছি। এটা সবাই স্বীকার করছেন, আমরা একটি সংকটকাল পার করছি। তার মধ্যেও মানুষের মনে আশা জাগে-একটা সুদিন আসবে। কীভাবে যে সে আশা পূর্ণ হবে আমি জানি না, কেউ জানে কি না জানি না, তবে কেউ না কেউ নিশ্চয়ই জানেন। জেনে থাকলে আমাদের খবর দেবেন

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights,
NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# খালেদা জিয়ার নির্বাচনে অংশগ্রহণ নিয়ে কেন বিতর্ক

মওদুদ হোসেন আলমগীর

আগামী জাতীয় সংসদ নির্বাচনে খালেদা জিয়ার মনোনয়নপ্রাপ্তি নিয়ে কিছু আলোচনা দেখা যাচ্ছে। সেগুলো কেন এবং কী উদ্দেশ্যে, সেটা নিয়েও হচ্ছে বিস্তর বলাবলি। হতেই পারে, ব্যক্তি খালেদা জিয়া বলে কথা। তাদের কথায় যুক্তির অভাব নেই-তিনি কঠিন রোগে আক্রান্ত, প্রায়ই হাসপাতালে ভর্তি হন, প্রকাশ্যে আসেন না, দলীয় প্রধানের দায়িত্ব ভারপ্রাপ্ত চেয়ারম্যান পুত্র তারেক রহমানের কাছে অর্পণ করেছেন, তাঁর নির্বাচন করার দরকার কি? যুক্তি হিসেবে নেহায়েত মন্দ নয়।

পাল্টা যুক্তি হিসেবে সোজাসাপটা বলা যায়-'নির্বাচনে অংশগ্রহণ করা একজন বাংলাদেশি হিসেবে তাঁর গণতান্ত্রিক নাগরিক অধিকার, অন্যরা বলার কে?' এমনটা বললে পাল্টা যুক্তি একটা দাঁড়ায় বটে, এরপরেও কোনো 'কিন্তু' থেকে যায় কী না প্রশ্ন থেকে যায়।

আওয়ামী লীগের শাসনামলে শেখ হাসিনার রোষানলে পড়ে খালেদা জিয়া বাড়িছাড়া হয়েছেন, নির্জন কারাবাস ভোগ করেছেন, দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হয়েছেন, বিশেষ করে শেখ হাসিনার সব লিখিত-অলিখিত ভাষণের প্রধান আক্রমণের লক্ষ্য ছিলেন তিনি। খালেদা জিয়ার মৃত্যুসংবাদের প্রতীক্ষায় শেখ হাসিনা তাঁর 'অস্থিরতা' কখনোই গোপন করেননি।

যাক, চব্বিশের গণ-অভ্যুত্থানের মধ্য দিয়ে খালেদা জিয়া দীর্ঘ বন্দীদশা থেকে মুক্তি পান। এরপর কাতারের আমিরের পাঠানো এয়ার অ্যাম্বুলেন্সে লন্ডনে গমন-প্রত্যাবর্তন আর তাঁর সঙ্গে বিমানবন্দরে যাওয়া-আসার পথে ভক্ত-সমর্থকদের জনস্রোত নিঃসন্দেহে পতিত শক্তির অন্তর জ্বালাই বাড়িয়েছে। এতটা যাও-বা সহ্যের মধ্যে ছিল, নির্বাচনে তাঁর অংশগ্রহণের খবরে তাঁদের প্রতিক্রিয়ার তীব্রতা সাধারণের কাছে অস্পষ্ট থাকেনি মোটেও।

১৯৯১ সালে খালেদা জিয়া সর্বোচ্চ অনুমোদিত পাঁচটি আসনে নির্বাচন করেছিলেন-বগুড়ার দুটি আসন (৬, ৭), ঢাকার একটি আসন (ঢাকা-৯), ফেনী-১, চট্টগ্রাম-৮ থেকে-জয়ী হয়েছিলেন পাঁচটিতেই। বলাবাহুল্য, সেই নির্বাচনে শেখ হাসিনা তিনটি আসনে নির্বাচন করেছিলেন এবং ঢাকায় তখনকার উদীয়মান নেতা সাদেক হোসেন খোকার কাছে প্রায় ২০ হাজার ভোটে ও ততোধিক অপরিচিত মেজর (অব.) মান্নানের কাছে প্রায় ১৬ হাজার ভোটে পরাজিত হয়েছিলেন, সে যাত্রায় টুঙ্গিপাড়ার সবেধন নীলমণি একমাত্র আসন থেকে নির্বাচিত হয়ে সংসদে যেতে পারেন তিনি।

১৯৯৬-এর নির্বাচনেও খালেদা জিয়া পাঁচটি আসনে প্রতিদ্বন্দ্বিতা করেছিলেন-বগুড়া (৬, ৭), ফেনী-১ লক্ষ্মীপুর-২ ও চট্টগ্রাম-১ থেকে। বলাবাহুল্য, তিনি পাঁচটি আসনেই বিজয়ী হয়েছিলেন বিপুল ভোটে। ২০০১-এর নির্বাচনেও খালেদা জিয়া বগুড়া-(৬, ৭), খুলনা-২, ফেনী-১, লক্ষ্মীপুর-২-এই পাঁচ আসনে প্রতিদ্বন্দ্বিতা করে সব কটিতেই বিপুল ভোটে জয়লাভ করেছিলেন, যেখানে শেখ হাসিনা চার আসনে প্রতিদ্বন্দ্বিতা করেন রংপুর-৬, নড়াইলের ২টি আসন ও গোপালগঞ্জের টুঙ্গিপাড়া থেকে। বলাবাহুল্য, এবারেও তাঁর সফলতার হার ৫০ শতাংশ ছাড়ায়নি। অর্থাৎ একান্তই অপরিচিত রংপুরের নূর মোহাম্মদ মণ্ডল ও নড়াইলের শহিদুল আলমের কাছে তাঁকে পরাজয় বরণ করতে হয়েছে।



২০০৮ সালে নির্বাচন কমিশন একজনের জন্য সর্বোচ্চ তিনটি আসনে প্রতিদ্বন্দ্বিতার সুযোগ নির্ধারণ করলে খালেদা জিয়া সেবার বগুড়া (৬, ৭) ও ফেনী-১ আসন থেকে নির্বাচন করে শতভাগ সফলতা অর্জন করেছিলেন। এমনকি ২০১৮ সালের 'রাতের ভোটের' নির্বাচনেও খালেদা জিয়া প্রার্থিতার আবেদন করেছিলেন; কিন্তু আকাশচুম্বী জনপ্রিয়তার রেকর্ডকে থামিয়ে দিতে সম্পূর্ণ অন্যায়ভাবে তাঁর প্রার্থিতা বাতিল করা হয়।

বাংলাদেশের নির্বাচনের ইতিহাসে খালেদা জিয়াই একমাত্র উদাহরণ, যিনি এযাবৎ চারটি সংসদীয় নির্বাচনে ১৮টি আসনে প্রতিদ্বন্দ্বিতা করে শতভাগ সফলতা পেয়েছেন। বিপরীতে শেখ হাসিনার বিজয়ের রেকর্ড তাঁকে যতটা সমৃদ্ধ করেছে, তার চেয়েও বেশি বিব্রত করেছে পরাজয়ের গ্লানি। 'এবারের নির্বাচনে খালেদা জিয়ার প্রার্থিতা কেন'-এই প্রশ্নের উত্তর খোঁজা যাক। অনেকেই বলবেন, দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত খালেদা জিয়া যেখানে দলের শীর্ষ নেতৃত্বের জায়গা ছেড়েছেন অনেক আগেই, জনসমক্ষে তাঁর সর্বশেষ আবির্ভাবও বেশ অতীত এখন। তারপরও তাঁর নির্বাচনে প্রার্থিতা এবং একটা-দুটো নয় তিন-তিনটি আসনে, কারণটা কী? একটা প্রশ্ন করা যাক, খালেদা জিয়া কি এখন একজন সাধারণ রাজনীতিবিদ? নাকি তার চেয়ে বেশি অন্য আর কিছু? এ দেশের রাজনীতির ইতিহাসে তাঁর আবির্ভাব কোনো পরিকল্পিত ঘটনা তো ছিল না!

শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান শাহাদত বরণের পরও তিনি ছিলেন অন্তঃপুরে, রাজনীতির মাঠ থেকে যোজন দূরত্বে। বিচারপতি আব্দুস সাত্তার রাষ্ট্রপতি নির্বাচনে জয়ী হয়ে রাষ্ট্রপতি হলেন; কিন্তু তাঁকে হটিয়ে হুসেইন মুহম্মদ এরশাদ রাষ্ট্রপতি হয়ে বসলেন, একেবারে ছক কষে। দেশ স্বৈরাচারের কবলে পড়ল। শুধু বিএনপির রাজনীতি নয়; দেশের রাজনীতিতে তখন ঘোর অমানিশা। 'রাজনীতিতে শেষ কথা নেই'-এই বয়ান প্রতিষ্ঠিত করতে এরশাদ তখন দলছুটের রাজনীতিকে প্রায় 'শিল্পের' পর্যায়ে নিয়ে গেছেন। ঠিক তখনই সবার চাপে খালেদা

এরপর ২৪ পৃষ্ঠায়



দেশের মানুষের জন্য সর্বস্ব নিবেদন করা সুস্থ একটা মানুষ কারাগার থেকে ফিরলেন লিভারের দুরারোগ্য অসুস্থতা নিয়ে। আজ জাতির সামনে সুযোগ সেই অপমান আর কটাক্ষের সমুচিত জবাব দেওয়ার এবং সেটি হতে পারে নির্বাচনের মধ্য দিয়েই। আজ সুযোগ এসেছে তাঁকে সম্মানিত করার। তিনি কতটা অসুস্থ, সেটা আজ মানুষের কাছে বিচার্য নয়, নির্বাচনে তিনি গণসংযোগ করবেন কি না, জনসংযোগ করবেন কি না-সেটা নিয়েও মাথাব্যথা নেই কারও; বগুড়া, দিনাজপুর আর ফেনীর মানুষই শুধু নয়, এই তিন প্রতীকী আসনই আজ যেন সারা বাংলাদেশ। অতীতের ফলাফলের হিসাব থেকে আমরা তো জানিই যে তাঁর পরাজয়ের কোনো রেকর্ড নেই। এবারেও সেটার ব্যতিক্রম হওয়ার সম্ভাবনা যখন শূন্য, তখন প্রাপ্য এই সম্মান থেকে কেন তাঁকে বঞ্চিত করব আমরা?

# রাজনৈতিক অস্থিরতা: বিপর্যস্ত জীবন-জীবিকা

আবু তাহের খান

দেশের সিংহভাগ মানুষকেই এখন চরম অর্থকষ্টের মধ্য দিয়ে দিনাতিপাত করতে হচ্ছে। গত এপ্রিলে প্রকাশিত বিশ্বব্যাংকের 'বাংলাদেশ ডেভেলপমেন্ট আউটলুক'-এর পূর্বাভাস জানিয়েছিল, এ বছর বাংলাদেশে নতুন করে আরও ৩০ লাখ মানুষ অতিদরিদ্র শ্রেণির অন্তর্ভুক্ত হয়ে পড়বে এবং দারিদ্রের হার ২০ শতাংশ থেকে বেড়ে দাঁড়াবে ২১ দশমিক ২ শতাংশে। বিশ্বব্যাংকের অধিকাংশ পরামর্শ ও সহায়তা বাংলাদেশের জন্য পরিত্যাজ্য হলেও তাদের এ পূর্বাভাসকে আমলে নেওয়ার যথেষ্ট প্রয়োজন রয়েছে। কারণ, এটি বাংলাদেশের বিত্তসহায়ক ও জনবিমুখ অর্থনৈতিক নীতিমালাজনিত এমন এক ফলাফলকে তুলে ধরেছে, যে বিষয়ে বাংলাদেশ জরুরি ভিত্তিতে ব্যবস্থা গ্রহণে ব্যর্থ হলে দেশে দারিদ্র্যের হার সামনের দিনগুলোতে ক্রমান্বয়ে আরও বাড়তেই থাকবে এবং এর ফলে দেশের বিপুলসংখ্যক মানুষ, বিশেষত দরিদ্র ও নিম্নবিত্তের আওতাধীন জনগোষ্ঠী ক্ষুধা, অপুষ্টি ও অনাহারের মতো বড় ধরনের বিপর্যয়ের মুখে পড়তে পারে।



বিশ্বব্যাংকের দেওয়া ওই পূর্বাভাসের পর ইতিমধ্যে ছয় মাস পেরিয়ে গেছে। কিন্তু উল্লিখিত পরিস্থিতি মোকাবিলায় অদ্যাবধি রাষ্ট্রের নীতিকাঠামোতে এমন কোনো পরিবর্তন আনা হয়নি বা আনার উদ্যোগ নেওয়া হয়নি, যা পরবর্তী বছরগুলোতে গিয়ে উল্লিখিত দারিদ্র্য বৃদ্ধির হারকে রুখে দিতে পারবে। তবে এ সরকার যেহেতু একটি অন্তর্বর্তী সরকার, সেহেতু এ বিষয়ে তাদের নানা দ্বিধাদ্বন্দ্ব ও সীমাবদ্ধতা থ াকতেই পারে। কিন্তু কথা হচ্ছে, ফেব্রুয়ারির আসন্ন নির্বাচনে (যদি হয়) জিতে যারা ক্ষমতায় যেতে চায়, তাদের কি এ বিষয়ে কোনো অঙ্গীকার, প্রস্তুতি বা চিন্তাভাবনা আছে? তাদের কথাবার্তা ও আচরণ দেখে তো তেমনটি মনে হচ্ছে না। বিষয়টি তাহলে দাঁড়াচ্ছে এই যে অন্তর্বর্তী সরকারের অবস্থানগত দুর্বলতা এবং এ বিষয়ে ক্ষমতায় যেতে ইচ্ছুক রাজনৈতিক দলগুলোর সীমাহীন নির্লিপ্ততা-এ দুয়ে মিলে দেশের দারিদ্র্য পরিস্থিতি মোকাবিলা-প্রচেষ্টা এখন একেবারেই শূন্যের কোঠায়। ফলে দেশের দরিদ্র ও নিম্নবিত্ত শ্রেণির পরিবারগুলো এখন চরম খাদ্যাভাব ও অপুষ্টিতে ভুগছে। তাদের সন্তানেরা গুণগত মানসম্পন্ন শিক্ষায় প্রবেশাধিকার না পেয়ে নিম্নব্যয়ের মানহীন মাদ্রাসাশিক্ষার দিকে ঝুঁকছে। চিকিৎসার জন্য শহরের সরকারি হাসপাতালই তাদের মূল ভরসা, যেখানে চাহিদার তুলনায় সেবা সরবরাহের পরিমাণ খুবই অপ্রতুল। আর ভোগ্যপণ্যের অতি উচ্চমূল্যের কারণে তাদের মধ্যকার একটি বড় অংশই দৈনন্দিন জীবনযাপনের জন্য প্রয়োজনীয় ন্যূনতম উপকরণটুকু সংগ্রহ করতে না পেরে প্রায়ই অর্ধাহার বা আপসমূলক নিম্ন-আহারের মধ্য দিয়ে জীবন কাটাচ্ছে। মোট কথা, বিত্তবান, সুবিধাভোগী ও রাষ্ট্রীয় প্রশ্রয়ে রাতারাতি অবৈধ বিত্তের মালিক হয়ে ওঠা নব্য বিত্তবানেরা ছাড়া দেশের সিংহভাগ মানুষকেই এখন চরম অর্থকষ্টের মধ্য দিয়ে দিনাতিপাত করতে হচ্ছে।

কিন্তু সমস্যা হচ্ছে, দেশের সাধারণ মানুষের এইসব দুর্ভোগ ও মানবেতর জীবনযাপনের কষ্ট রাষ্ট্রের নীতিনির্ধারকদের বোধ, চিন্তা ও উপলব্ধিকে একেবারেই স্পর্শ করতে পারছে না অথবা বলা যেতে পারে, এসব কষ্ট উপলব্ধি করার মতো বোধই তাঁদের নেই। অন্যদিকে নিকট ভবিষ্যতে যাঁরা রাষ্ট্রের নীতিনির্ধারণ ও সিদ্ধান্ত প্রণয়নের দায়িত্বে যাবেন বলে আশা করছেন, তাঁরাও ঘুণাক্ষরে ভাবছেন না সাধারণ মানুষের জীবন কীভাবে ক্রমেই বিপন্ন থেকে বিপন্নতর হয়ে পড়ছে। আর উন্নয়ন অর্থনীতি সম্পর্কে ন্যূনতম ধারণা ও অভিজ্ঞ ব্যক্তিমাত্রই জানেন, ক্রমহ্রাসমান দারিদ্র্য যদি মাঝপথে এসে আবার পশ্চাৎমুখী হতে শুরু করে অর্থাৎ বাড়তে থাকে, তাহলে সেটিকে আর শিগগির কমিয়ে আনতে পারাটা অনেকটাই সাধ্যের বাইরে চলে যাবে। এবং দারিদ্র্যবিমোচন-প্রচেষ্টার ক্ষেত্রে বাংলাদেশ সম্ভবত এই মুহূর্তে সে রকম একটি অন্তর্বর্তী সংকটকালই পার করছে। আর বর্তমান অন্তর্বর্তী সরকার সংস্কার ও বৈদেশিক চুক্তি সম্পাদনের পেছনে তাদের অধিকাংশ সময় ও মনোযোগ নিবদ্ধ করার কারণে জনস্বার্থের প্রতি তারা যে উপেক্ষামূলক দৃষ্টিভঙ্গি গ্রহণ করেছে, বস্তুত তা থেকেই এ সংকটের সৃষ্টি। জনস্বার্থের প্রতি অন্তর্বর্তী সরকারের উপেক্ষা ও নির্লিপ্ততার সবচেয়ে বড় শিকার এখন কৃষক ও কৃষি খাত এবং আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক শ্রমের সঙ্গে সম্পর্কিত শ্রমজীবী মানুষ। আর তাদের অধিকাংশই যেহেতু প্রাতিষ্ঠানিক শিক্ষায় পিছিয়ে পড়া মানুষ এবং তারা যেহেতু সংগঠিত নয় বলে প্রতিবাদ করার কোনো সামর্থ্যও তাদের নেই। অন্যদিকে ক্ষমতারোহণের লড়াইয়ে উন্মত্ত রাজনৈতিক দলগুলোর ক্ষমতামগ্নতা এতটাই প্রচণ্ড হয়ে উঠেছে যে তাদের পক্ষেও আর কৃষক ও শ্রমজীবী মানুষের স্বার্থের দিকে তাকানোর ফুরসত নেই। অতএব দরিদ্র ও নিম্নবিত্তের মানুষের আপাতত এটাই নিয়তি যে, তাদের আরও কিছুকাল ক্ষুধা, দারিদ্র্য, অনাহার, পুষ্টিহীনতা, অশিক্ষা, চিকিৎসাহীনতা, বাসস্থান-সংকট, মব-অত্যাচার ইত্যাদি বিষয়গুলোকে মোকাবিলা করেই

এরপর ২৩ পৃষ্ঠায়



জিডিপি প্রবৃদ্ধির হারে সার্কভুক্ত দেশগুলোর মধ্যে বাংলাদেশ এখন শুধু পাকিস্তানের (৩.২ শতাংশ) ও আফগানিস্তানের (২.৭ শতাংশ) চেয়ে এগিয়ে আছে। এসব বিষয় নিয়ে চিন্তাভাবনা করার অবকাশ কি মনে হয় অন্তর্বর্তী সরকার বা 'ফেব্রুয়ারি নির্বাচনে' অংশগ্রহণের জন্য প্রস্তুতি গ্রহণকারী দলসমূহের আছে? নেই। উপরিউক্ত পূর্বাভাস অনুযায়ী, এ বছর দেশে দারিদ্র্যের হার যেখানে ১ দশমিক ২ শতাংশ বাড়ছে, সেখানে পরবর্তী বছরগুলোতেও যদি এ ধারা অব্যাহত থাকে, তাহলে ২০৩০ সাল নাগাদ দেশের দারিদ্র্য পরিস্থিতি ও সাধারণ জনগণের বিপর্যস্ত জীবনমানের অবস্থা কোথায় গিয়ে দাঁড়াবে, তা ভাবতেই গা শিউরে ওঠে বৈকি! রাষ্ট্রের পরিচালকদের এ ব্যাপারে নির্বিকার থাকা চলে না। দেশ ও দেশের সাধারণ মানুষের এই মুহূর্তের কষ্টময় জীবনযাপনের প্রতি ন্যূনতম মমতা জানিয়ে বিষয়টিকে গুরুত্বের সঙ্গে নেওয়া উচিত

# ত্রিভুজ সম্পর্কের অনিবার্য পরিণতির অপেক্ষায়

> তারা এরই মধ্যে আট দলের একটা জোট বানিয়ে নিয়েছে। এই আট দলকে নিয়ে রাস্তায়ও নেমে গেছে পাঁচ দফা দাবি আদায়ে। তাদের এক শীর্ষস্থানীয় নেতা প্রকাশ্যে বলেছেন-ঘি তাদের চাই। আর এই ঘি পেতে যদি আঙুল বাঁকা করতে হয়, তারা সেটাই করবে। এ বক্তব্য কি কেবলই রেটরিক, নাকি এর মধ্যে প্রচ্ছন্ন কোনো হুমকি আছে; সেটাও কিন্তু চিন্তার বিষয়। এসবের বিপরীতে বিএনপিও বসে নেই। বিএনপির কেন্দ্রীয় নেতা আমীর খসরু মাহমুদ চৌধুরী শনিবার এক জায়গায় বললেন, বিএনপির মতো বড় দলের কর্মীরা যদি রাস্তায় নামে, তাহলে সংঘাত হতে পারে।
> এ রকম পরিস্থিতিতে জনগণের অবস্থান কোথায়? আমরা এখন বসে আছি ক্লাইমেক্সের অপেক্ষায়! এরই মধ্যে পরস্পরের পাল্টাপাল্টি অভিযোগ আমরা দেখতে পাচ্ছি

মাসুদ কামাল



ত্রিমুখী সম্পর্ক নিয়ে অনেক মুভি হয়েছে। এ রকম মুভি দেখেননি, এমন লোক খুঁজে পাওয়া কঠিন। কেবল মুভিতেই কেন, বাস্তবেও ত্রিমুখী সম্পর্কের অনেক ঘটনা আমরা দেখে থাকি। সব ক্ষেত্রেই দেখা যায়, ত্রিভুজ সম্পর্কের শেষ পরিণতি সাধারণত ভালো হয় না।

গত বছরের এ সময়ে আমাদের রাজনীতিতে খুব শক্ত একটা ত্রিভুজ সম্পর্ক দেখা গিয়েছিল। বিএনপি-অন্তর্বর্তী সরকার-জামায়াত-এই তিন পক্ষের দহরম-মহরম। তাদের সবারই লক্ষ্য তখন ছিল রাজনৈতিক শক্তি হিসেবে আওয়ামী লীগকে নিশ্চিহ্ন করা। এর প্রাথমিক ধাপ, কদিন আগে অর্থাৎ ২০২৪-এর অক্টোবরে অর্জিত হয়েছে। সে দিন বাংলাদেশ ছাত্রলীগকে এই সরকার একটা নির্বাহী আদেশে নিষিদ্ধ করেছে। এরপর বাকি ছিল মূল দল আওয়ামী লীগকে অকার্যকর ও অপ্রাসঙ্গিক করা। গত বছরের এ সময়ে সেই চেষ্টা আমরা দেখেছি। প্রশাসনিকভাবে যেমন, ঠিক তেমনি সামাজিকভাবেও স্বৈরাচারী ও ফ্যাসিস্ট দল হিসেবে আওয়ামী লীগবিরোধী প্রচারণা বেশ জোরেশোরেই চলছিল। এ কাজে বিএনপি, জামায়াত, সরকার-সবাই বেশ আন্তরিকও ছিল। সে সময়ে মাঠের শক্তি হিসেবে বেশ বড় একটা ভূমিকা রেখেছে এনসিপি বা জাতীয় নাগরিক পার্টি। তারপর মে মাসের দ্বিতীয় সপ্তাহে যখন আওয়ামী লীগের রাজনৈতিক কর্মকাণ্ডে নিষেধাজ্ঞা দেওয়া হলো, আমার বিবেচনায় ত্রিভুজ দহরম-মহরমের সেটাই ছিল পিক-টাইম। এর পর থেকে নিজ নিজ স্বার্থ নিয়ে ধীরে ধীরে সবাই মাঠে নেমে পড়ল। ধীরে ধীরে বাড়তে থাকল দূরত্ব।

মে মাসের ১২ তারিখে আওয়ামী লীগের কর্মকাণ্ডে নিষেধাজ্ঞা দেওয়া হলো, তার মাসখানেক পর জুনের ১৫ তারিখে প্রধান উপদেষ্টা ড. ইউনূস লন্ডনে গিয়ে বৈঠক করলেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের সঙ্গে। বলতে গেলে ওই বৈঠকটাই যেন সম্পর্কে ভাঙনের ক্ষেত্রে একটা প্রকাশ্য কারণ হতে পারল। জামায়াত অভিযোগ তুলল সরকারের প্রতি-বলল, বিএনপির প্রতি পক্ষপাতিত্ব করছে সরকার। অভিযোগের পেছনের কারণটিও তারা প্রকাশ করল। বলল, ওই বৈঠকের পরই নির্বাচনের সম্ভাব্য সময় হিসেবে ফেব্রুয়ারির প্রথমার্ধের কথাটি বলা হয়েছে। একটিমাত্র দলের শীর্ষ নেতার সঙ্গে কথার পরিপ্রেক্ষিতে যদি নির্বাচনের সময় নির্ধারিত হয়, তাহলে সেই দলের প্রতি সরকারের পক্ষপাতের বিষয়টি অস্বীকার করা তো সহজ হয় না।



জুনের পর থেকে যত দিন যেতে থাকল, সাধারণ মানুষের কাছেও বিএনপি-জামায়াতের মুখোমুখি অবস্থানটা পরিষ্কার হতে থাকল। ঐকমত্য কমিশনেও দেখা গেল দুই দলের এই বিরোধের প্রকাশ। সংস্কারের অনেক প্রস্তাবেই বিএনপি-জামায়াতকে পরস্পরবিরোধী অবস্থানে দেখা গেল। বিএনপির পক্ষ থেকে একের পর এক আসতে থাকল নোট অব ডিসেন্ট বা আপত্তি। এরপর আবার বিপত্তি দেখা গেল জুলাই সনদ বাস্তবায়নে যে 'গণভোট' করার কথা বলা হচ্ছে, সেটি অনুষ্ঠানের তারিখ নিয়ে। বিএনপি বলল, নির্বাচনের দিনই হোক গণভোট, বিপরীতে জামায়াত বলছে-নির্বাচনের আগে, সম্ভব হলে এই নভেম্বরেই গণভোট হতে হবে। গণভোটের রায় নিয়ে, সেটার ওপর ভিত্তি করেই হবে নির্বাচন। আবার জুলাই সনদ বাস্তবায়নের যে আদেশ, তার খসড়া নিয়েও বড় ধরনের আপত্তি তুলল বিএনপি। আপত্তির মাত্রাটা এতটাই প্রবল যে, তারা বলল-জুলাই সনদ নিয়ে ঐকমত্য কমিশন তাদের সঙ্গে প্রতারণা করেছে। খেলায় যে রেফারির ওপর সব পক্ষ ভরসা রাখে, সে রেফারিই এবার গোল দিয়ে বসে আছে। অর্থাৎ চরম পক্ষপাতের অভিযোগ। যে কমিশনের প্রধান হচ্ছেন খোদ সরকারপ্রধান ড. ইউনূস, তাঁরই বিরুদ্ধে পক্ষপাত ও প্রতারণার অভিযোগ! বিষয়টি কিন্তু এরপর আর হালকা থাকল না।

তাহলে এখন কী হবে? গণভোট কবে হবে? গণভোটে জনগণের সামনে প্রশ্ন কী থাকবে? এসব প্রশ্নের সমাধান কে দেবে? ঐকমত্য কমিশনের প্রধান ও সক্রিয় দুই ব্যক্তি ড. আলী রীয়াজ ও মনির হায়দার এরই মধ্যে যুক্তরাষ্ট্রে চলে গেছেন। তড়িঘড়ি করে তাঁদের এই চলে যাওয়া নিয়েও নানা ধরনের সন্দেহ উচ্চারিত হতে থাকল। সামাজিক যোগাযোগমাধ্যমে এই দুজনকে নিয়ে দেখা গেল নানা ধরনের ট্রল। সমাধানের পথ হিসেবে বলা হলো, সরকারপ্রধান ড. ইউনূস এর সমাধান করবেন। এ প্রবণতা আমরা আগের সরকারের আমলেও দেখেছি। সবকিছুই যেন শেখ হাসিনা করতেন। যত সাফল্য, সব তাঁর। মন্ত্রীদের কিছু জিজ্ঞাসা করা হলে বলতেন, 'মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় এ সাফল্য এসেছে।' আবার যদি কোনো জটিলতা দেখা দিত, সবাই মিলে মিটিং করে শেষে সিদ্ধান্ত হতো 'মাননীয় প্রধানমন্ত্রী' এর সমাধান দেবেন। দল, অঙ্গসংগঠন, কিংবা ভ্রাতৃপ্রতিম সংগঠনের কোনো কমিটি করতে হবে-অবধারিতভাবেই দায়িত্ব চলে যাবে 'মাননীয় প্রধানমন্ত্রীর' কাছে। এভাবেই একজন ব্যক্তি স্বৈরাচারী হয়ে ওঠেন। একপর্যায়ে তিনি বিশ্বাস করতে শুরু করেন, তিনি ছাড়া কোনো সিদ্ধান্ত কেউ নিতে পারে না। সব কাজ তাঁকেই করতে হয়। তিনি আসলে অন্যদের মতো নয়, তিনি অনেকটা মহাপুরুষের মতো। আমার মতে, এই স্বৈরাচারী মনোভাবের শুরুটা হয় আশপাশে থাকা মোসাহেবদের কারণেই। এবারও তা-ই হয়েছে, মোসাহেবরা বলতে শুরু করেছেন-ড. ইউনূসই দেবেন শেষ সিদ্ধান্ত!

সরকার অবশ্য অদ্ভুত একটা কাজ করেছে। যখন তাদের ওপর দায়িত্ব এল সংকট নিরসনের, তারা একটা বৈঠক করল, আর বলে দিল-সাত দিনের সময় দেওয়া হলো, এর মধ্যে রাজনৈতিক দলগুলোকে

এরপর ২৩ পৃষ্ঠায়




# BEST TAX EXPRESS INC.

# ট্যাক্স
## একটি গুরুত্বপূর্ণ বিষয়

### অহেতুক ঝামেলা এড়াতে
### অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
### ট্যাক্স ফাইলিং করুন।




AUTHORIZED IRS e-file PROVIDER

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং,অডিট,ফাইন্যানসিয়াল স্টেটিমেন্ট, বুককিপিং , অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠান, লাইসেন্স ও পে-রোল,আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ।

**Individual And Business Tax, Audit, Financial Statement, Bookkeeping, Non-profit Business Setup, Licensing & Payroll, Specialized In IRS & NYS Tax Problem Resolution**

**FINANCE, ACCOUNTING, TAX FILING, AUDIT & CONSULTING**
**( Business & Non profit )**

**Call Us**
+1 (646) 253-4798
+1 (718) 878-6878

**Email Us**
besttaxexpress@gmail.com

**OpenTime**
Seven Days in a Week
(07.00 AM - 10.00 PM)

**Website**
www.besttaxexpress.com

**Endicott Branch**
103 Washingtone Avenue 2nd Fl, Endicott, NY 13760

**Main Branch**
168-29 Hillside Ave. 2nd floor, Suit-2 Jamaica, NY 11432

**Buffalo Branch**
1288 Fillmore Avenue, Buffalo, NY 14211

**Jamaica Branch**
159-06 Hillside Avenue, Jamaica, NY 11432

**Woodside Branch**
69-07 Roosevelt Avenue 2nd Fl, Woodside, NY 11377

## কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



# এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

**Hon. Democratic District Leader at Large, Queens, NY**

**মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।**

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

# 917-282-9256

Moin Choudhury, Esq

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

# এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্ম
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**



Moin Choudhury
Attorney at Law

(To Schedule Appointment Only)

**Call:917-282-9256**

E-mail: moinlaw@gmail.com

**Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372**

**Manhattan Office By Appointment Only.**

**Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076**

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

# অচলাবস্থা কাটবে কীভাবে

> কেননা, নির্বাচন নতুন করে অনিশ্চিত হয়ে পড়লে সব রাজনৈতিক দলই পড়তে পারে অপরিমেয় ক্ষতির মুখে। তেমন পরিস্থিতিতে গণভোট আর সংস্কার বাস্তবায়ন ইত্যাদি প্রশ্ন সোজা চলে যেতে পারে হিমাগারে। গণঅভ্যুত্থান-পরবর্তী পুরো যাত্রাপথটি তখন হয়ে থাকবে মূল্যবান সময়ের অপচয় আর দুর্ভাগ্যজনক অভিজ্ঞতা। সম্ভাব্য এ পরিস্থিতি মাথায় রাখতে হবে দেশে গণতন্ত্র ও সুশাসন জোরদার করতে চাওয়া সব পক্ষকে। জনপ্রত্যাশারও দাম দেওয়া চাই। অর্থনীতির দিক থেকে বাংলাদেশ সম্ভাবনাময়, এটাও মনে রাখা প্রয়োজন। গ্রহণযোগ্য নির্বাচনের মাধ্যমে একটি রাজনৈতিক সরকার মিললে বিনিয়োগ আর কর্মসংস্থানে অচলাবস্থাও কাটবে। ঐকমত্যের ভিত্তিতে চলমান সংস্কার বাস্তবায়নের পাশাপাশি অর্থনীতিতেও সংস্কার আনতে হবে নতুন সরকারকে, যেটা এখন অবহেলিত

## হাসান মামুন



জুলাই সনদ বাস্তবায়ন নিয়ে যে সংকট তৈরি হবে, জাতীয় ঐকমত্য কমিশনের কার্যক্রম চলাকালে সাধারণভাবে চিন্তা করা যায়নি। সরকার আবার সেই সংকট দ্রুত নিরসনের দায়িত্ব চাপায় এ প্রশ্নে বিবদমান রাজনৈতিক দলগুলোর ওপর। অথচ দায়িত্বটা ছিল খোদ জাতীয় ঐকমত্য কমিশন তথা অন্তর্বর্তী সরকারের। রাজনৈতিক দলগুলো, বিশেষত মাঠে থ াকা প্রধান দল বিএনপি সংকট নিরসনের দায়িত্ববিষয়ক আলোচনায় উৎসাহী না হওয়ায় বল আবার ফিরে গেছে সরকারের কোর্টে। সরকার নাকি দ্রুতই সিদ্ধান্ত দেবে।

আগামীকাল বৃহস্পতিবার উপদেষ্টা পরিষদের বৈঠক রয়েছে। এর আগেও প্রধান উপদেষ্টার কয়েকজন উপদেষ্টাকে নিয়ে বসার কথা। তাদেরকে রাজনৈতিক দলগুলোর সঙ্গে 'অনানুষ্ঠানিক আলোচনা'র দায়িত্ব দেওয়ারও খবর ছিল। জুলাই সনদ বাস্তবায়ন প্রশ্নে ভিন্নমত পোষণকারী দলগুলোর মধ্যেও অনানুষ্ঠানিক আলোচনার খবর রয়েছে। জাতীয় নির্বাচন সামনে রেখে তাদের মধ্যে জোট গঠন আর আসন সমঝোতা নিয়ে কথাবার্তা হচ্ছে বলেও জানা যায়।

এ বিষয়ে আলোচনায় অগ্রগতির সঙ্গে জুলাই সনদ বাস্তবায়নে একমত হওয়ার বিষয়টি অনেকখানি সম্পর্কিত হতে পারে।

জামায়াতে ইসলামী ও সহমত দলগুলো চাইছিল, জুলাই সনদ প্রশ্নে গণভোট হোক নভেম্বরের মধ্যে। নভেম্বরের মধ্যভাগ এসে গেছে, বলা যায়। এর মধ্যে জুলাই সনদ বাস্তবায়ন আদেশ জারি করে গণভোট আয়োজন সম্ভব বলে মনে হয় না। নির্বাচন কমিশন (ইসি) ফেব্রুয়ারিতে, রমজান মাসের আগে জাতীয় নির্বাচন করার লক্ষ্যে পদক্ষেপ নিচ্ছে। নির্বাচনের রোডম্যাপ অনুযায়ী ডিসেম্বরের শুরুতে তপশিল ঘোষণার কথা। এর মধ্যে সংশোধিত আরপিও এবং দল ও প্রার্থীর জন্য প্রযোজ্য আচরণ বিধিমালা জারি করেছে ইসি। সরকার বললেই কেবল তারা গণভোট আয়োজনে এগোবে। তার আগে এ নিয়ে ইসির কোনো ভাবনা নেই।

সরকার ও ইসি মিলে কেমন নির্বাচনের ব্যবস্থা করতে সমর্থ হবে, সেটা নিয়েই গভীর সংশয় রয়েছে। গত দেড় দশকে তো নির্বাচন বলা যায় উঠেই গিয়েছিল দেশ থেকে। গণঅভ্যুত্থানের পর অর্থবহ নির্বাচন হবে- এটাই প্রত্যাশা।



সরকারও বারবার বলছে, আদর্শস্থানীয় নির্বাচন হবে এবার। আর বলা হচ্ছে, সেটা নির্ধারিত সময়েই হবে। তবে কী মানের নির্বাচন হবে আর যথাসময়ে হবে কিনা- এ দুই প্রশ্নেই সংশয় বাড়ছে বৈ কমছে না। অন্যান্য প্রস্তুতির বিষয় পাশে সরিয়ে রাখলেও বলা যায়, আইনশৃঙ্খলার ক্রমাবনতি এর বড় কারণ। জুলাই সনদ বাস্তবায়ন ঘিরে সংকট সৃষ্টি হওয়াতেও নির্বাচন নিয়ে সংশয় কাটছে না।

এরই মধ্যে ক্ষমতাচ্যুত দলের পক্ষ থেকে পরিস্থিতি জটিল করার চেষ্টা পরিলক্ষিত। ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রীসহ কয়েকজনের বিরুদ্ধে চলমান মামলার প্রথম রায় ঘোষণা ঘিরে দলটি কর্মসূচি দিয়েছে। আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ হলেও তাদের কিছু কর্মী-সমর্থকের তৎপরতা থেমে নেই। অব্যাহত ধরপাকড়ও তাদের দমাতে পারছে না। আগামী নির্বাচনে দলটি অংশ নিতে না পারলেও তাদের দিক থেকে এটাকে নির্বিঘ্ন করার ক্ষেত্রে কিছু হুমকি থেকেই যাবে। খোদ প্রধান উপদেষ্টা মাঝে সবাইকে সতর্ক করে বলেছেন, 'হঠাৎ করে আক্রমণ চলে আসতে পারে।' এবারের নির্বাচন যে সবচেয়ে চ্যালেঞ্জিং হবে, ইসি থেকেও সেটা বলা হচ্ছে। জনসাধারণের মধ্যেও এমন কথাবার্তা কানে আসে।

এ অবস্থায় গণঅভ্যুত্থানের শক্তিগুলো একের পর এক বিবাদে জড়িয়ে না পড়লে ভালো হতো। রাজনৈতিক দলগুলোর মধ্যে মতপার্থক্য স্বাভাবিক। এটা গণতন্ত্রের সৌন্দর্য হিসেবে বর্ণিত হয়। তবে এড়ানো যায়, এমন বিবাদ অগ্রহণযোগ্য। গণঅভ্যুত্থানে স্বৈরাচারী সরকারের পতনের পর দলগুলো আদর্শগতভাবে বিভক্ত হয়ে পড়েছে। এতে কারও কিছু বলার নেই। তাতে বরং এই নিশ্চয়তা তৈরি হয়েছে, সামনের নির্বাচন গণঅভ্যুত্থানের পক্ষের শক্তিগুলোর মধ্যেই প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ হয়ে উঠতে পারে। কিন্তু নির্বাচন ঠিক কখন হবে, তা নিয়েই দীর্ঘদিন ধরে চলেছে রাজনৈতিক মতভেদ। অন্তর্বর্তী সরকারও এ ক্ষেত্রে এমন অবস্থান নিয়ে ছিল, যা কার্যত একটি পক্ষের দিকে হেলে থাকা। এ অবস্থায় বিচার ও সংস্কারে 'প্রত্যাশিত অগ্রগতি'র শর্ত জুড়ে দিয়ে নির্বাচনকে বিলম্বিত করার অভিযোগ ওঠে খোদ সরকারের বিরুদ্ধে।

তারপরও সংস্কার আলোচনায় দীর্ঘ সময় দিয়েছে বিএনপি ও সমমনা দলগুলো, যারা 'দ্রুত নির্বাচন' চাইছিল। আট মাস ধরে চলেছে সংস্কার আলোচনা। অতঃপর রাজনৈতিক ঐকমত্যের ভিত্তিতে জুলাই সনদ স্বাক্ষর করেছে প্রধান দুই পক্ষ। তার আগে গণভোট আয়োজন করে এর পক্ষে জনসম্মতি গ্রহণের বিষয়েও সবাই একমত। এতে আশাবাদ জাগে শুধু সংস্কার নয়; নির্ধারিত সময়ে নির্বিঘ্নে নির্বাচন আয়োজনের বিষয়ে। সুনির্দিষ্ট সময়সীমা পেয়ে ইসিও কর্মপরিকল্পনা গ্রহণ করে। এসব অগ্রগতির মধ্যে ঐকমত্য কমিশন সনদ বাস্তবায়ন বিষয়ে একটি পক্ষের দিকে হেলে পড়ে সুপারিশ করবে- এটা প্রত্যাশিত ছিল না। তাদের এমন ভূমিকায় সরকারও সমালোচিত হচ্ছে। প্রধান উপদেষ্টাও সমালোচিত। কেননা, তিনি ঐকমত্য কমিশনের সভাপতি।

তারপরও আশা, সংকট নিরসনে এরপর ২৩ পৃষ্ঠায়

# ধানের শীষে পোকার আক্রমণ

বিএনপি ২৩৭ আসনে সম্ভাব্য প্রার্থী ঘোষণা করে দেশের রাজনীতিকে তুলে দিয়েছে নির্বাচনী ট্রেনে। যদিও এই প্রার্থীরা চূড়ান্ত নন। প্রয়োজনে যে কোনো সময় পরিবর্তন হতে পারে বলে জানিয়েছেন দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। বাকি আসনে শরিক দলের কতজন বিএনপির মনোনয়ন বা সুদৃষ্টি পেতে পারে-এ নিয়ে চলছে চুলচেরা বিশ্লেষণ। মনোনীতদের ভালো-মন্দ, বঞ্চিতদের ত্যাগী-ভোগী চরিত্র সব কিছুই উঠে আসছে সামাজিক যোগাযোগমাধ্যমে। কোনো কোনো ক্ষেত্রে অতিরঞ্জিত তথ্য, অপতথ্য ও গুজবের গজবে বিভ্রান্ত হচ্ছে সাধারণ মানুষ। মূলধারার গণমাধ্যমগুলোও নেমে পড়েছে ভোটের হাওয়ায় দর্শক-শ্রোতাকে আন্দোলিত করতে। দেশের সব জায়গায় এখন একই আলোচনা। সরকার অনেক আগেই আসছে বছর ফেব্রুয়ারি মাসের প্রথমার্ধে ১৩তম সংসদ নির্বাচনের ঘোষণা দিয়ে রেখেছে। তবু, ভোট হবে কি হবে না-এই ধন্দে পুরো জাতি। এখনো আলাপটি পুরোপুরি উবে যায়নি। তবে, জুলাই সনদ, গণভোট নিয়ে রাজনৈতিক দলগুলোর উত্তপ্ত বাহাস অনেকটা ম্লান হয়ে গেছে। পিআর পদ্ধতি নিয়ে এখন আর তেমন প্রেম দেখা যাচ্ছে না দাবিদারদের মধ্যে। শহরে-বন্দরে-গ্রামে-গঞ্জে চলছে বিএনপির মনোনীত প্রার্থীদের বিপুল উৎসাহে গণসংযোগ। মনোনয়ন বঞ্চিতদের দৌড়ঝাঁপ, বিক্ষোভ মিছিল, প্রতিবাদ সমাবেশে সরগরম হয়ে উঠেছে নির্বাচনী রাজনীতি। এসব দেখে থেমে নেই জামায়াত-এনসিপিসহ অন্যান্য দল। রাজনৈতিক কর্মসূচি থেকে ধর্মীয়-সামাজিক সব অনুষ্ঠানেই চলছে নির্বাচনী আলোচনা। শেষ পর্যন্ত ভোট হতেই হবে এ ধারণা প্রতিষ্ঠিত হচ্ছে জনমনে। এমনকি, সেনাবাহিনীও সংবাদ সম্মেলন করে জানিয়েছে, নির্বাচনের অপেক্ষায় পুরো জাতি।

গত ফেব্রুয়ারি থেকে প্রার্থী মনোনয়ন দিয়ে আসছে জামায়াত। এরই মধ্যে প্রায় সব আসনেই তাদের প্রার্থীরা সবুজ সংকেত নিয়ে গণসংযোগ করছেন। কয়েকটি আসনে মতবিরোধও তৈরি হয়েছে নিজেদের মধ্যে। এর আগে যা দেখা যায়নি জামায়াতের মতো রেজিমেন্টাল দলে। জাতীয় নাগরিক পার্টি এনসিপি বা সমমনা দলগুলোর সঙ্গে আসন সমঝোতার আশায় যোগাযোগ রক্ষা করে চলছে তারা। পুরোদমে নির্বাচনী কার্যক্রমে ব্যস্ত জামায়াত। কিন্তু, প্রকাশ্যে রাজনৈতিক কৌশল হিসেবে জুলাই সনদ ও গণভোট নিয়ে সরব তারা। প্রয়োজনে ঘোষিত সময়ে নির্বাচন হবে না বলেও আশঙ্কা ছড়াচ্ছে। এখন প্রশ্ন হচ্ছে, জামায়াত আগে প্রার্থী ঘোষণা করলেও দেশে নির্বাচনী আবহ তৈরি হলো না কেন? জনগণের মাঝে ও গণমাধ্যমে তেমন কোনো প্রভাব ফেলতে পারেননি জামায়াতের মনোনীত প্রার্থীরা। কেননা, জাতীয় পর্যায়ে তাদের সর্বোচ্চ ২০ জন নেতার পরিচিতি আছে। সারা দেশ বিবেচনা করলে বিভিন্ন এলাকায় সব পর্যায়ের মানুষ হয়তো ৫০ জন নেতাকে চেনে। তাদের বিভিন্ন শ্রেণির কমিটির মাধ্যমে জামায়াতের তৃণমূল নেতাকর্মীদের কাছে প্রার্থীরা পরিচিত থাকতে পারে। কিন্তু, সাধারণ ভোটারের কাছে তারা অপরিচিত। যে কারণে আলোচনা কম। গত বছর পাঁচ আগস্টের পর সারা দেশে

## ইলিয়াস হোসেন



সংগঠন ছড়িয়ে দেওয়ার উদ্যোগ নেয় জামায়াতে ইসলামী। পুরো দেশবাসীর কাছে জামায়াত এখনো একটি রহস্যময় ও বিতর্কিত দল। 'আল্লাহর আইন চাই, সৎ লোকের শাসন চাই' স্লোগান দিলেও তাদের ধর্ম বিশ্বাস নিয়ে সন্দেহ রয়েছে অন্য ইসলামী দল ও আলেম-ওলামাদের। গত শনিবার ঢাকায় এক অনুষ্ঠানে হেফাজতে ইসলামের আমির মুহিব্বুল্লাহ বাবুনগরী জামায়াত ছাড়া সহিহ আকিদার সব ইসলামী দলকে এক হওয়ার আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, 'জামায়াতের ইসলাম আর আমাদের ইসলাম এক নয়। আমরা মদিনার ইসলাম পালন করি তারা মওদুদীর ইসলাম পালন করে।' তিনি আরও বলেন, 'জামায়াতে ইসলামী সবসময় ইসলামের শেকড় উৎপাটনের মিশনে লিপ্ত। আমাদের কাছে ইসলাম এসেছে সাহাবায়ে কেরামের মাধ্যমে। মওদুদীর গোটা জীবন কেটেছে সেই সাহাবায়ে কেরামকে বিতর্কিত করার কাজে।' এ ছাড়া স্বাধীনতাবিরোধী কর্মকাণ্ডের জন্য দেশবাসীর কাছে 'কিন্তু-যদি-হয়তো-তবে' সহযোগে একাধিকবার ক্ষমা চেয়েও সুবিধা করতে পারেনি জামায়াত। আওয়ামী লীগের অনুপস্থিতিতে সমর্থন কিছুটা বাড়লেও ভোটের হিসাব নির্বাচন ছাড়া বলা মুশকিল। ফলে, একটি সুষ্ঠু, নিরপেক্ষ নির্বাচনই পারে রাজনীতিতে জামায়াতের ভবিষ্যৎ ঠিকানা রচনা করতে। ধর্মাশ্রয়ী দল থেকে উদার গণতান্ত্রিক পর্যায়ে উন্নীত হতে তাদের আরও অনেক পরীক্ষা দিতে হবে। যদিও এরই মধ্যে হিন্দু সম্মেলন, কল্যাণমূলক কর্মসূচি ও ছাত্র রাজনীতিতে গুণগত পরিবর্তন এনে আলোচনায় এসেছে তারা। তবে, অর্জনের চেয়ে প্রত্যাশার গর্জন অনেক বেশি।

এদিকে, আওয়ামী লীগের দেড় দশকের নির্বাচনী প্রহসনে অন্যতম অংশীজন ইসলামী আন্দোলন তিনশ আসনে প্রার্থী দেওয়ার ঘোষণা দিয়েছে অনেক আগেই। জনগণ বরাবরের মতোই তাদের নিয়ে হাস্যরস করছে। হাজার হাজার মুরিদের দানে পীর সাহেব দল চালালেও তাদের ভোট পান না কোনো সময়। বার্ষিক ওরসে কোটি কোটি টাকা উঠলেও নির্বাচনে জামানত বাজেয়াপ্ত হয়। নতুন দল এনসিপি হাঁটছে পুরোনো পথে। বিভিন্ন দলের পরিত্যক্ত, অভিমানী, গৃহত্যাগী নেতাদের ঢুকিয়ে তিনশ আসনে প্রার্থী দেওয়ার ঘোষণা দিয়েছে। বিএনপি-জামায়াত তাদের জন্য দরজা খোলা রাখায় অনেকটা নির্ভার। সংসদে কিছু আসন তাদের নিশ্চিত থাকায় দরকষাকষিতে সুবিধা পাচ্ছে। দেশের সবচেয়ে জনপ্রিয় ও প্রবীণ এরপর ২৩ পৃষ্ঠায়



> বিএনপি ক্ষমতায় গেলেও কতদিন টিকবে, তা নিয়ে সংশয় আছে-পর্দার আড়ালে এমন কথাও হচ্ছে। ধানের শীষের মৌ-মৌ গন্ধে শুধু ভোটার নয়, কীটপতঙ্গও হামলে পড়ছে। এরই মধ্যে চিহ্নিত ইউটিউবার ও তার মুরিদরা মাজরা পোকার মতো আক্রমণ করছে। মনোনয়ন চাননি এরকম বর্ষীয়ান, সর্বজনশ্রদ্ধেয় নেতাদের বঞ্চিত দাবি করে মায়াকান্না করছে বিএনপিবিরোধী বিভিন্ন বট বাহিনী। বুঝে না বুঝে সে ফাঁদে পা দিচ্ছে ধানের শীষের অনেক সহজ-সরল সমর্থক। সচেতন নেতাকর্মীদের দায়িত্ব হলো, যে কোনো মূল্যে ঐক্য ধরে রাখা। অন্য যে কোনো দলের চেয়ে বিএনপিতে প্রার্থী জট বেশি। প্রতিটি আসনে অন্তত পাঁচজন যোগ্য প্রার্থী রয়েছে। দেড় দশকের জট তো এক নির্বাচনে খুলবে না। বিচক্ষণ না হলে বিলক্ষণ দুর্গতি আছে বিএনপির কপালে

# দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

## স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০



- ওমরাহ প্যাকেজ
- ওমরাহ ভিসা
- মোয়াল্লেম
- হোটেল ও ট্রান্সপোর্ট



## বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়



Mohammad B Hossain (Belal)
President & CEO

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

**৭৪৯**

JFK-Dhaka-JFK Return

আমরা IATA অনুমোদিত

আমরা ARC অনুমোদিত

DELTA AIR LINES · Biman Bangladesh Airlines · American Airlines · ETIHAD AIRWAYS · QATAR AIRWAYS · Emirates · KUWAIT AIRWAYS



## বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

BANGLA TRAVELS, JACKSON HEIGHTS, NEW YORK

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

**বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।**



| আবু তাহের খান | কাঞ্চন | জামান রঞ্জু | কে.এম. শহিদ | মাহির | জাহাঙ্গীর | নিলয় |
|---|---|---|---|---|---|---|
| ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট |

**NEW YORK OFFICE**
73-05 37th Road,
Jackson Heights
NY 11372

**ATLANTA OFFICE**
4229 1st Ave, Suite B,
Tucker, GA 30084
Tel: 404-704-7753

**DHAKA OFFICE**
Floor #03, House #09
Road # 17, Block-E,
Banani, Dhaka-1213
+88 01711256872

**Phone: 917-396-4140, 917-592-7828**

# ‘মামদানি মডেল’ কি নিউইয়র্কের বাইরেও ছড়িয়ে পড়বে

আদিত্য চক্রবর্তী

জোহরান মামদানি বেড়ে উঠেছেন বলা যায় ডোনাল্ড ট্রাম্পের আমলে। ২০১৬ সালে বার্নি স্যান্ডার্সের প্রেসিডেন্ট প্রার্থিতার প্রচার দেখে তিনি সমাজতন্ত্রের দিকে ঝুঁকেছিলেন। ওই বছরটি শেষ পর্যন্ত আমাদের ট্রাম্পের ‘প্রথম সংস্করণ’কে উপহার দিয়েছিল।

গত বছর নভেম্বর মাসে ট্রাম্প দ্বিতীয় মেয়াদে নির্বাচিত হওয়ার পরপরই মামদানি ভোটারদের কাছে যান এই প্রশ্ন নিয়ে-কেন তাঁরা এই লোকটিকে ভোট দিলেন? তাঁদের সঙ্গে সেই কথোপকথনগুলোই তাঁকে নিউইয়র্কের মেয়র হিসেবে লড়াইয়ের জন্য প্রস্তুত করেছিল। সেই আলাপচারিতার ভিডিওটিও সময়ের রাজনীতিকে বোঝার জন্য গুরুত্বপূর্ণ এক দলিল।

আমরা যারা বিল ক্লিনটন আর টনি ব্লেয়ারের রাজনৈতিক কৌশলের বিষয়ে জানি, তারা হয়তো এমন ‘জনতার কথা শোনা’ ধাঁচের অনুষ্ঠানের বিষয়ে সন্দিহান থাকি। কারণ, এ ধরনের অনুষ্ঠানে ক্ষমতার প্রতিনিধি এবং তাঁর সহযোগীরা আলোঝলমলে হলঘরে ‘জনতার পাশে’ থাকার অভিনয় করেন। কিন্তু মামদানির প্রচার একেবারেই তেমন নয়।

মামদানি ব্রঙ্কসের এক রাস্তার মোড়ে হাতে একটি প্ল্যাকার্ড নিয়ে দাঁড়িয়েছিলেন; যেন তিনি এক দৃঢ়বিশ্বাসী ধর্মপ্রচারক। তিনি প্রচলিত রাজনৈতিক বুলি আওড়াননি। তিনি সরাসরি কথা বলেছেন সেই সব মানুষের সঙ্গে যাদের চেহারায় ক্লান্তি, শরীরে নাগরিক শ্রান্তি। তাঁরা আগে কখনো কোনো রাজনৈতিক ক্ষমতাধর লোকের সঙ্গে এমনভাবে কথা বলেননি, এমনকি মামদানির মতো ছোট পরিসরের কোনো আইনপ্রণেতার সঙ্গেও নয়।

এই মানুষেরা মামদানিকে মন খুলে বলেছেন, কেমন করে জীবনের প্রতিদিনের চাহিদাগুলো পূরণ করা তাঁদের পক্ষে অসম্ভব হয়ে উঠেছে; কীভাবে রাজনীতি তাঁদের জীবনকে সংকীর্ণ করে ফেলছে। এই মানুষেরা রাজনীতিকদের ব্যর্থ লোক হিসেবেই দেখেন। জনগণের এই হতাশাই একসময় ট্রাম্পকে হোয়াইট হাউসে তুলেছিল। এই হতাশার কারণেই মামদানি আজ আমেরিকার বৃহত্তম শহর নিউইয়র্কের মেয়র। বিশ্লেষকেরা প্রায়ই ট্রাম্প আর মামদানিকে পাশাপাশি রেখে তুলনা করেন। কিন্তু শেষ পর্যন্ত তাঁদের বক্তব্য ‘দুজনেই টিকটকে জনপ্রিয়’ বা ‘দুজনেই পপুলিস্ট’-ধরনের কথায় গিয়ে শেষ হয়। কিন্তু এই তুলনার গভীরে আরও বড় বিষয় আছে। দুজনেই নিউইয়র্কের মানুষ। কিন্তু তাঁরা এই শহরের দুই বিপরীত দিককে তুলে ধরেন। ট্রাম্প তুলে ধরেন ম্যানহাটানের দালানকোঠার ছবি। আর মামদানি হন সাধারণ মানুষের পাড়া-মহল্লার প্রতিনিধি। তাঁদের দুজনকে দেখলে মনে হয়, আমেরিকার দুই ভিন্ন ভবিষ্যৎ মুখোমুখি দাঁড়িয়ে আছে।

বিজয় ভাষণে তিনি কৃতজ্ঞতা জানানোর পর বলেছিলেন, ‘যদি কেউ ট্রাম্পের বিশ্বাসঘাতকতায় ক্ষতবিক্ষত একটি জাতিকে দেখাতে পারে কীভাবে তাকে পরাজিত করতে হয়, তবে সেই শহরই পারে, যে শহর ট্রাম্পকে তৈরি করেছিল।’

ট্রাম্প টেনে নিচ্ছেন দেশকে জাতিগত বিভাজন আর নির্মম অর্থনীতির পথে। আর মামদানি অভিবাসী ও সাধারণ নাগরিকদের পাশে এমন এক শহরের স্বপ্ন নিয়ে দাঁড়াচ্ছেন, যেখানে সবার জন্যই বেঁচে থাকা সম্ভব। সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো মামদানি বুঝতে পেরেছেন, শহরের শ্রমজীবী মানুষ মানে শুধু শ্বেতাঙ্গ নয়; তাঁদের মধ্যে কৃষ্ণাঙ্গ, বাদামি ও অভিবাসীরাও আছেন।



ট্রাম্পের মতো লোকেরা যে ভয়াবহ বিপদের প্রতীক, তা গভীরভাবে ভাবলেই বোঝা যায়। আর সেটি বোঝা গেলেই বোঝা যায়, কেন মানুষ মামদানির মধ্যে এতটা আশা খুঁজে পেয়েছে। কয়েকটা উদাহরণ দিই-গত সেপ্টেম্বর ট্রাম্পের দেহরক্ষীরা হুন্দাই কারখানা থেকে দক্ষিণ কোরিয়ার কয়েকজন প্রকৌশলীকে ধরে নিয়ে যান। সব কাগজপত্র ঠিকঠাক থাকার পরও জোর করে তাঁদের দেশ থেকে হাজার মাইল দূরে পাঠিয়ে দেওয়া হয়। তার পরের মাসে যুক্তরাষ্ট্রে বৈধ ভিসা নিয়ে ভ্রমণরত এক ব্রিটিশ সাংবাদিককে আইসিই কর্মকর্তারা ধরে নিয়ে যান। কারণ, তিনি ইসরায়েলের নৃশংসতার সমালোচনা করেছিলেন।

মামদানির জনপ্রিয়তার উৎস শুধু তাঁর তারুণ্য, আকর্ষণীয় ব্যক্তিত্ব নয়। তাঁর প্রতি এই প্রবল আগ্রহের মূল কারণ হলো, তিনিই প্রথম বামপন্থী রাজনীতিক, যিনি দেখিয়েছেন ট্রাম্পবাদের মুখোমুখি দাঁড়ানোই শুধু নয়, সেটিকে পরাজিত করাও সম্ভব। এটাই আমাদের সময়ের সবচেয়ে গুরুত্বপূর্ণ রাজনৈতিক চ্যালেঞ্জ-আর নিউইয়র্কের নতুন মেয়র তা ভালোভাবেই জানেন।

বিজয় ভাষণে তিনি কৃতজ্ঞতা জানানোর পর বলেছিলেন, ‘যদি কেউ ট্রাম্পের বিশ্বাসঘাতকতায় ক্ষতবিক্ষত একটি জাতিকে দেখাতে পারে কীভাবে তাকে পরাজিত করতে হয়, তবে সেই শহরই পারে, যে শহর ট্রাম্পকে তৈরি করেছিল।’

এক বছর ধরে ট্রাম্পের দ্বিতীয় আমলে মধ্যপন্থী ও মধ্য-বাম রাজনীতিকদের সেরা মেধাবীরাও বিভ্রান্ত হয়ে পড়েছেন। কীভাবে ট্রাম্পকে মোকাবিলা করবেন, তা তাঁরা বুঝে উঠতে পারেননি। ওবামা প্রায় কিছুই বলেননি। কমলা হ্যারিস আত্মজীবনী লেখায় ব্যস্ত ছিলেন। এরপর ২৪ পৃষ্ঠায়




> বিপ্লবী সৈনিক সংস্থার কিছু সদস্য কর্নেল আসাদুজ্জামানের কাছে ব্রিগেডিয়ার খালেদ মোশাররফ ও তার দুই সঙ্গীকে হত্যার জন্য লে. কর্নেল (অব.) তাহেরের নির্দেশ পৌঁছে দেন এবং কর্নেল আসাদুজ্জামান নিজে ওই হত্যাকাণ্ডে নেতৃত্ব দেন। ১৯৭৫ সালের ৭ নভেম্বর আসলে একটি রক্তাক্ত ব্যর্থ অভ্যুত্থান হয়েছিল জাসদের মাধ্যমে, আর তারই সমান্তরালে আরেকটি রক্তপাতহীন সফল বিপ্লব সংঘটিত হয়েছিল সিপাহি-জনতার সম্মিলিত প্রয়াসে, যার নেতৃত্ব এসেছিল সেনাবাহিনীর দ্বিতীয় ফিল্ড আর্টিলারি থেকে। ১৯৭৫-এর মধ্য আগস্ট থেকে নভেম্বরের প্রথম সপ্তাহের মধ্যে ঘটে যাওয়া রক্তক্ষয়ী অভ্যুত্থান ও পালটা অভ্যুত্থানের মধ্যে সবার অলক্ষ্যে জন্ম নিয়েছিল ইতিহাসের মোড় ফেরানো এক অনন্যসাধারণ বিপ্লব, যা আমূল পালটে দিয়েছিল বাংলাদেশের রাজনীতির গতি-প্রকৃতি

# গণতন্ত্র কি মুক্তি পেয়েছে

সৈয়দা সাদিয়া শাহরীন

> বেবিট্যাক্সিচালকের সন্তান নূর হোসেনের জন্ম ঢাকায়, নারিন্দায়, ১৯৬১ সালে। পড়ালেখার দৌড় বেশি দূর যায়নি, অষ্টম শ্রেণিতেই নিষ্ক্রিয় হয়ে পড়েন। কিন্তু রাজনীতিতে সক্রিয়। আর মোটর ড্রাইভিং প্রশিক্ষণ নিয়েছিলেন। ছিলেন ঢাকা মহানগর আওয়ামী লীগের বনগ্রাম শাখার প্রচার সম্পাদক। কোনো প্রাতিষ্ঠানিক ডিগ্রি না নিয়েও রাজনীতির শব্দ নিয়ে খেলায় মেধার পরিচয় দিয়েছিলেন স্বৈরাচারবিরোধী আন্দোলনের সময়। জেনারেল হুসেইন মুহম্মদ এরশাদের শাসনকালে নাখোশ হয়ে আর সবার সঙ্গে রাজনৈতিক মিছিলে যোগ দেওয়ার আগের দিন, অর্থাৎ ১৯৮৭ সালের ৯ নভেম্বর নূর হোসেন ঠিক করে ফেলেছিলেন কী হবে তাঁর স্লোগান। সেদিন পপুলার আর্ট নামের একটি দোকান থেকে সাদা রং দিয়ে নিজের বুকে লিখিয়ে নেন ‘স্বৈরাচার নিপাত যাক’

আমরা চব্বিশের আন্দোলন দেখেছি-বৈষম্যবিরোধী আন্দোলন থেকে যা রূপ নেয় স্বৈরাচার পতনের আন্দোলনে। এর আগপর্যন্ত স্বৈরাচারবিরোধী আন্দোলন সম্পর্কে জেনেছি নব্বইয়ের গণ-অভ্যুত্থান এবং নূর হোসেনের আত্মত্যাগের কথা। অনেকে দুটো ঘটনারই সাক্ষী। ১৯৮৭ সালের ১০ নভেম্বর নূর হোসেন শহীদ হন পুলিশের গুলিতে। কারণটা শুধু তাঁর স্বৈরাচারবিরোধী আন্দোলনে যোগ দেওয়া ছিল না, ছিল তাঁর বুকে-পিঠে লেখা স্লোগানও-‘স্বৈরাচার নিপাত যাক, গণতন্ত্র মুক্তি পাক’। নূর হোসেনের এই অদম্য সাহসই যে পরবর্তী সময়ে চব্বিশের জুলাই-আগস্টে তরুণদের মাঝে ছড়িয়ে যায়, সেটা না বললেও চলে। কেননা, ইতিহাস সাক্ষী এবং শিক্ষক-দুটো ভূমিকা পালন করে। শহীদ নূর হোসেন দিবসের নেপথ্যে কী, কেন তিনি শহীদ হন? এসব প্রশ্নের উত্তর না পেলে হয়তো আজকের প্রজন্ম অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ করতে পারত না। তাই নূর হোসেনকে ভুলে যাওয়া যায় না।



বেবিট্যাক্সিচালকের সন্তান নূর হোসেনের জন্ম ঢাকায়, নারিন্দায়, ১৯৬১ সালে। পড়ালেখার দৌড় বেশি দূর যায়নি, অষ্টম শ্রেণিতেই নিষ্ক্রিয় হয়ে পড়েন। কিন্তু রাজনীতিতে সক্রিয়। আর মোটর ড্রাইভিং প্রশিক্ষণ নিয়েছিলেন। ছিলেন ঢাকা মহানগর আওয়ামী লীগের বনগ্রাম শাখার প্রচার সম্পাদক। কোনো প্রাতিষ্ঠানিক ডিগ্রি না নিয়েও রাজনীতির শব্দ নিয়ে খেলায় মেধার পরিচয় দিয়েছিলেন স্বৈরাচারবিরোধী আন্দোলনের সময়। জেনারেল হুসেইন মুহম্মদ এরশাদের শাসনকালে নাখোশ হয়ে আর সবার সঙ্গে রাজনৈতিক মিছিলে যোগ দেওয়ার আগের দিন, অর্থাৎ ১৯৮৭ সালের ৯ নভেম্বর নূর হোসেন ঠিক করে ফেলেছিলেন কী হবে তাঁর স্লোগান। সেদিন পপুলার আর্ট নামের একটি দোকান থেকে সাদা রং দিয়ে নিজের বুকে লিখিয়ে নেন ‘স্বৈরাচার নিপাত যাক’। আর পিঠে লেখান ‘গণতন্ত্র মুক্তি পাক’। প্রচার সম্পাদকের কাজটা ভালোই জানতেন! এই কাজ করে বাড়ি গেলেন না। দুদিন আগেই ঘরছাড়া হয়েছিলেন যদিও। আশ্রয় নিয়েছিলেন একটি মসজিদে। পরিবার ১০ নভেম্বর সকালে তাঁকে খুঁজে পেলেও তিনি বাড়ি ফিরতে চাননি। গায়ে কাপড় টেনে ঢেকে দিয়েছিলেন সেই কঠোর স্লোগান।




> কোঁকড়া চুলের নূর হোসেন তিন দশক পরেও তরুণ, প্রাসঙ্গিক। তাঁর আত্মত্যাগ পরবর্তীকালে গণতন্ত্র প্রতিষ্ঠায় পথ দেখায়। ১৯৯০ সালের ৬ ডিসেম্বর পতন ঘটে এরশাদ সরকারের। যে গণতন্ত্রকে মুক্তি দিতে নূর প্রাণ দিয়েছিলেন, সেই গণতন্ত্র বন্দী হয়ে গিয়েছিল আবারও। আর আবারও স্বৈরাচারবিরোধী আন্দোলন এবং সরকার পতন হলো, কিন্তু গণতন্ত্র কি আজও মুক্তি পেল? কখনো পাবে? এ প্রশ্ন হয়তো নূর হোসেন মনে মনে ভাবছেন, অন্য জগতে বসে। তাঁর প্রতি শ্রদ্ধা

কাজ শেষে বাড়ি ফিরবে বলে মা-বাবাকে বিদায় দিয়েছিলেন নূর হোসেন। কিন্তু ফেরা আর হলো কই? ১৯৮৭ সালের ১০ নভেম্বর জোটবদ্ধ বিরোধী রাজনৈতিক দলসমূহ ‘ঢাকা অবরোধ কর্মসূচি’ গ্রহণ করে। কর্মসূচির লক্ষ্য ছিল সরকারের পদত্যাগ এবং নির্দলীয় নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকারের অধীনে জাতীয় সংসদ নির্বাচনের দাবি আদায়। সেদিন স্বৈরাচারবিরোধী যে মিছিলটি পল্টন এলাকার ‘জিরো পয়েন্ট’ অতিক্রম করছিল, সেখানে ছিলেন নূর। কাঁদানে গ্যাস ও গুলি ছুড়ে মিছিলটি ছত্রভঙ্গ করে দেয় তৎকালীন সরকারের পালিত পুলিশ। নূর হোসেনকে তখন আলাদা করে চেনা যাচ্ছিল খুব সহজে, গায়ে লেখা শ্বেত স্লোগানের কারণে। গুলি এসে বিঁধেছিল সেই গায়ে। তাঁর সঙ্গে সেদিন নিহত হন যুবলীগ নেতা বাবুলও। কিন্তু অষ্টম শ্রেণি পাস নূর হোসেনের গায়ে লেখা স্লোগান তাঁকে এরপর ২৪ পৃষ্ঠায়


বাড়ী ক্রয়ের এখনই সঠিক সময়!
SELL YOUR PROPERTY FASTER WITH TOP $$$
Resdential, Commercial, Foreclosure HUD Sale, Short Sale Specialist.
20 Years Experience
BUY - SELL - RENT
আপনার বাড়ীর Free Market Analysis and Consultation এর জন্য যোগাযোগ করুনঃ
মোহাম্মদ সেলিম রেজা
Lic. Real Estate Sales Person
আমরা বাংলায় কথা বলি
ফোনঃ 929-393-7331
Mohammad Salim Reza (MBA)
NYC Licensed Realtor, Professional/ Couteous!
Tel. 929-393-7331
Email: mrezarealtor@gmail.com
EXIT
EXIT REALTY PRIME
189-10 Hillside Ave, Suite E, Queens, NY 11423
Office: 718-262-0205, Fax: 718-262-0254


IMMIGRATION
ইমিগ্রেশন
TRANSLATION
TAX FILING
Dilli R. Bhatta
Attorney at Law
Shamim Shahed
Certified Paralegal
Legal Investigator
• ইমিগ্রেশন • অ্যাসাইলাম
• অ্যাক্সিডেন্ট • পারসোনাল ইনজুরি
• ডিভোর্স (আনকনটেস্টেড)
631-805-1051
Primavera 37-07 74th Street, Suite #3
Jackson Heights, NY 11372
We Work with
BHATTA LAW & ASSOCIATES


www.careeracademyny.com
CAREER ACADEMY OF NEW YORK
CAREER ACADEMY OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208



## নির্বাচনের দিনই ‘গণভোট’

১ পৃষ্ঠার পর

জাতীয় সংসদ হবে দ্বি-কক্ষ বিশিষ্ট। উচ্চকক্ষে ১০০টি আসনে সদস্যগণ পিআর ভিত্তিতে নির্বাচিত হবেন’। নিচে ড. ইউনূসের পূর্ণাঙ্গ ভাষণ হুবহু তুলে ধরা হলো। বিসমিল্লাহির রহমানির রহিম, প্রিয় দেশবাসী, শিশু, কিশোর-কিশোরী, তরুণ-তরুণী, ছাত্র-ছাত্রী, নারী-পুরুষ, নবীন-প্রবীণ সবাইকে আমার সালাম জানাচ্ছি। আসসালামু আলাইকুম। গত বছর আগস্ট মাসে জুলাই গণ-অভ্যুত্থানের শক্তিবলে আমরা অন্তর্বর্তী সরকার গঠন করেছিলাম। এরপর আমরা এখন আমাদের মেয়াদে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ সন্ধিক্ষণে উপনীত হয়েছি। আমাদের সরকারের ওপর ন্যস্ত দায়িত্ব ছিল মূলত তিনটি। হত্যাকাণ্ডের বিচার করা, একটি জবাবদিহিমূলক ও কার্যকর গণতান্ত্রিক ব্যবস্থায় উত্তরণের জন্য প্রয়োজনীয় সংস্কারের আয়োজন করা এবং সুষ্ঠু নির্বাচনের মাধ্যমে নির্বাচিত সরকারের কাছে ক্ষমতা হস্তান্তর করা। আমরা জুলাই গণ-অভ্যুত্থানকালে তৎকালীন ফ্যাসিস্ট সরকারের নির্দেশে সংঘটিত হত্যাকাণ্ডের বিচারকাজ এগিয়ে নিয়ে যাচ্ছি। এই বিচারের উদ্দেশ্যে গঠিত আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল তাদের প্রথম রায় শীঘ্রই দিতে যাচ্ছে। ট্রাইব্যুনালে আরও কয়েকটি মামলার বিচার চূড়ান্ত পর্যায়ে রয়েছে। সাধারণ ফৌজদারি আদালতগুলোতেও জুলাই হত্যাকাণ্ড সম্পর্কিত কিছু বিচারকাজ শুরু হয়েছে। আমরা একইসাথে দেশের ইতিহাসে প্রথমবারের মতো গুমের মতো নৃশংস অপরাধের বিচারকাজ শুরু করেছি।

আমি আনন্দের সঙ্গে আপনাদের জানাতে চাই যে সংস্কারের ক্ষেত্রেও আমরা ব্যাপক অগ্রগতি অর্জন করেছি। অন্তর্বর্তী সরকার নিজ উদ্যোগে বা বিভিন্ন সংস্কার কমিশনের প্রস্তাবের ভিত্তিতে অনেক গুরুত্বপূর্ণ সংস্কারের কাজ সম্পন্ন করেছে। কিছু প্রস্তাবিত সংস্কারের কাজ এখনও চলমান আছে। অধ্যাদেশের মাধ্যমে বা বিদ্যমান আইন সংশোধন করে বিচার বিভাগের স্বাধীনতা, বিচার ব্যবস্থাপনা, আর্থিক খাতে স্বচ্ছতা, প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি, ডিজিটালাইজেশন সম্প্রসারণ ও দুর্নীতি প্রতিরোধে বিভিন্ন সংস্কার সম্পন্ন করা হয়েছে। ভবিষ্যতে সুশাসনের জন্য এসব সংস্কার বড় ভূমিকা রাখবে বলে আমরা মনে করি। আশা করি, আগামী নির্বাচিত সরকার সংসদে আলাপ-আলোচনার মাধ্যমে এসব সংস্কার গ্রহণ করবে।

আমাদের আরেকটি গুরুদায়িত্ব হচ্ছে সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠান। আমি ঘোষণা করেছি যে আগামী ফেব্রুয়ারির প্রথমার্ধে জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। এই নির্বাচন উৎসবমুখর, অংশগ্রহণমূলক ও সুষ্ঠুভাবে অনুষ্ঠানের জন্য আমরা সব প্রস্তুতি গ্রহণ করছি। আমাদের ওপর অর্পিত দায়িত্ব আমরা সঠিকভাবে পালন করার জন্য সর্বাত্মক চেষ্টা করে যাচ্ছি।

প্রিয় দেশবাসী, রাষ্ট্রকাঠামো সংস্কারের প্রস্তাব তৈরির লক্ষ্যে জাতীয় ঐকমত্য কমিশন নিরলসভাবে গত প্রায় নয় মাস ধরে কাজ করেছে। এসময় কমিশন জুলাই গণ-অভ্যুত্থানে অংশগ্রহণকারী রাজনৈতিক দলের প্রতিনিধিদের সঙ্গে দীর্ঘ আলাপ-আলোচনা করেছে। অত্যন্ত সৌহার্দ্যপূর্ণ পরিবেশে ধৈর্যসহকারে রাজনৈতিক দলগুলো কমিশন কর্তৃক উত্থাপিত বিভিন্ন সংস্কার প্রস্তাব নিয়ে যুক্তিতর্ক উপস্থাপন করেছেন। মতের পার্থক্য থাকলেও তা কমিয়ে আনার চেষ্টা করেছেন। অনেক বিষয়েই ঐকমত্যে আসতে পেরেছেন। দেশবাসী সরাসরি সম্প্রচারের মাধ্যমে এই পুরো কার্যক্রম দেখতে পেরেছেন। এটি বাংলাদেশের রাজনীতির ক্ষেত্রে তো বটেই, পৃথিবীর অনেক দেশের জন্য এক অভূতপূর্ব ঘটনা। এটি ভবিষ্যৎ রাজনীতির জন্যও আশাব্যঞ্জক। আমি ঐকমত্য কমিশনের সদস্যদের এবং রাজনৈতিক দলগুলোর নেতৃবৃন্দকে গণতান্ত্রিক চর্চার এই আসাধারণ আয়োজনকে সফল করার জন্য আবারও আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

ঐকমত্য কমিশনের প্রণীত জুলাই সনদে সংবিধান বিষয়ক ৩০টি গুরুত্বপূর্ণ সংস্কার প্রস্তাবে রাজনৈতিক দলগুলোর মধ্যে ঐকমত্য তৈরি হয়েছে। এটি একটি ঐতিহাসিক অর্জন। কিছু প্রস্তাবে সামান্য ভিন্নমত আছে। বাকি অল্প কিছু প্রস্তাবে আপাতদৃষ্টে মনে হয় অনেক দূরত্ব আছে, যা গণতান্ত্রিক প্রক্রিয়ায় অস্বাভাবিক কিছু নয়। তবে খতিয়ে দেখলে দেখা যায় যে, এসব প্রস্তাবগুলোর ক্ষেত্রেও আসলে মতভিন্নতা খুব গভীর নয়। কেউ সংস্কারটা সংবিধানে করতে চেয়েছেন, কেউ আইনের মাধ্যমে করতে চেয়েছেন। কিন্তু সংস্কারের প্রয়োজনীতা, নীতি ও লক্ষ্য নিয়ে কারো মধ্যে মতভেদ নেই। কাজেই রাজনৈতিক দলগুলোর প্রকাশ্য বক্তব্য যতখানি পরস্পরবিরোধী অবস্থান আছে বলে মনে হয়, জুলাই সনদ সঠিকভাবে বিশ্লেষণ করলে ততখানি মত পার্থক্য দেখা যায় না। এটি আমাদের অনন্য অর্জন। এতে জাতি এগিয়ে যেতে সাহসী হবে।

এসব বিবেচনায় রেখে এবং রাজনৈতিক দলগুলো কর্তৃক স্বাক্ষরিত জুলাই সনদকে মূল দলিল হিসেবে ধরে নিয়ে অন্তর্বর্তী সরকার আজকের উপদেষ্টামণ্ডলীর সভায় জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ, ২০২৫ অনুমোদন করেছে। এটি বিরাট খবর। প্রয়োজনীয় স্বাক্ষর শেষে এটি ইতোমধ্যে গেজেট নোটিফিকেশন করার পর্যায়ে পৌঁছে গেছে। জুলাই সনদ বাস্তবায়নের লক্ষ্যে এই আদেশে আমরা গুরুত্বপূর্ণ কিছু বিধান গ্রহণ করেছি। এর মধ্যে রয়েছে সনদের সংবিধান বিষয়ক সংস্কার প্রস্তাবণার ওপর গণভোট অনুষ্ঠান এবং পরবর্তী সময়ে সংবিধান সংস্কার পরিষদ গঠনের সিদ্ধান্ত।

আমরা সকল বিষয় বিবেচনা করে সিদ্ধান্ত নিয়েছি যে, আগামী জাতীয় সংসদ নির্বাচনের দিনই গণভোটের আয়োজন করা হবে। অর্থাৎ জাতীয় নির্বাচনের মতো গণভোটও ফেব্রুয়ারির প্রথমার্ধে একইদিনে অনুষ্ঠিত হবে। এতে সংস্কারের লক্ষ্য কোনোভাবে বাধাগ্রস্ত হবে না। নির্বাচন আরও উৎসবমুখর ও সাশ্রয়ী হবে। গণভোট অনুষ্ঠানের লক্ষ্যে উপযুক্ত সময়ে প্রয়োজনীয় আইন প্রণয়ন করা হবে।

জুলাই সনদের আলোকে আমরা গণভোটের ব্যালটে উপস্থাপনীয় প্রশ্নও নির্ধারণ করেছি। আমি প্রশ্নটি এখন আপনাদের সামনে পাঠ করে শোনাচ্ছি। প্রশ্নটি হবে এরকম:

“আপনি কি জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ, ২০২৫ এবং জুলাই জাতীয় সনদে লিপিবদ্ধ সংবিধান সংস্কার সম্পর্কিত নিম্নলিখিত প্রস্তাবগুলোর প্রতি আপনার সম্মতি জ্ঞাপন করছেন?”

ক) নির্বাচনকালীন সময়ে তত্ত্বাবধায়ক সরকার, নির্বাচন কমিশন এবং অন্যান্য সাংবিধানিক প্রতিষ্ঠান জুলাই সনদে বর্ণিত প্রক্রিয়ার আলোকে গঠন করা হবে। খ) আগামী সংসদ হবে দুই কক্ষ বিশিষ্ট। জাতীয় সংসদ নির্বাচনে দলগুলোর প্রাপ্ত ভোটের অনুপাতে ১০০জন সদস্য বিশিষ্ট একটি উচ্চকক্ষ গঠিত হবে এবং সংবিধান সংশোধন করতে হলে উচ্চকক্ষের সংখ্যাগরিষ্ঠ সদস্যের অনুমোদন দরকার হবে। গ) সংসদে নারীর প্রতিনিধি বৃদ্ধি, বিরোধী দল থেকে ডেপুটি স্পিকার ও সংসদীয় কমিটির সভাপতি নির্বাচন, প্রধানমন্ত্রীর মেয়াদ সীমিতকরণ, রাষ্ট্রপতির ক্ষমতা বৃদ্ধি, মৌলিক অধিকার সম্প্রসারণ, বিচার বিভাগের স্বাধীনতা ও স্থানীয় সরকার-সহ বিভিন্ন বিষয়ে যে ৩০টি প্রস্তাবে জুলাই জাতীয় সনদে রাজনৈতিক দলগুলোর ঐক্যমত হয়েছে, সেগুলো বাস্তবায়নে আগামী নির্বাচনে বিজয়ী দলগুলো বাধ্য থাকবে। ঘ) জুলাই সনদে বর্ণিত অন্যান্য সংস্কার রাজনৈতিক দলগুলোর প্রতিশ্রুতি অনুসারে বাস্তবায়ন করা হবে।” গণভোটের দিন এই চারটি বিষয়ের ওপর একটি মাত্র প্রশ্নে আপনি ‘হ্যাঁ’ বা ‘না’ ভোট দিয়ে আপনার মতামত জানাবেন।

গণভোটে সংখ্যাগরিষ্ঠ ভোট ‘হ্যাঁ’ সূচক হলে আগামী সংসদ নির্বাচনে নির্বাচিত প্রতিনিধি নিয়ে একটি সংবিধান সংস্কার পরিষদ গঠিত হবে। এই প্রতিনিধিগণ একইসাথে জাতীয় সংসদের সদস্য হিসেবে দায়িত্ব পালন করবেন। পরিষদ তার প্রথম অধিবেশন শুরুর তারিখ হতে ১৮০ কার্যদিবসের মধ্যে সংবিধান সংস্কার করবে। সংবিধান সংস্কার সম্পন্ন হবার পর ৩০ কার্যদিবসের মধ্যে সংসদ নির্বাচনে প্রাপ্তভোটের সংখ্যানুপাতে উচ্চকক্ষ গঠন করা হবে। এর মেয়াদ হবে নিম্নকক্ষের শেষ কার্যদিবস পর্যন্ত। জুলাই সনদ বাস্তবায়নের অঙ্গীকারনামা অনুসারে সংবিধানে জুলাই জাতীয় সনদ অন্তর্ভুক্ত করার ব্যবস্থা গ্রহণ করা হবে। এটিও আজকে অনুমোদিত আদেশে উল্লেখ করা হয়েছে।

প্রিয় দেশবাসী, অভ্যুত্থানের পর দায়িত্ব গ্রহণ করে অর্থনীতিকে গভীর গহ্বর থেকে উদ্ধার করা ছিল আমাদের জন্য একটি বিরাট চ্যালেঞ্জ। গত ১৫ মাসে আমরা সেই চ্যালেঞ্জ উৎরাতে সক্ষম হয়েছি। রপ্তানি, বৈদেশিক বিনিয়োগ ও রিজার্ভসহ অর্থনীতির সবগুলো সূচকে দেশ ইতিবাচক ধারায় ফিরেছে। লুট হয়ে যাওয়া ব্যাংকিং খাত ইতোমধ্যে ঘুরে দাঁড়িয়েছে, মানুষের আস্থা ফিরে এসেছে। ব্যাংকিং খাতকে আরও শক্তিশালী করতে নানামুখী পদক্ষেপ চলমান রয়েছে।

অভ্যুত্থান-পরবর্তী সময়ে বিভিন্ন দেশের বৈদেশিক বিনিয়োগ হ্রাস পেলেও বাংলাদেশে গণঅভ্যুত্থান-পরবর্তী প্রথম বছরে বৈদেশিক প্রত্যক্ষ বিনিয়োগ অর্থাৎ এফডিআই ১৯ দশমিক ১৩ শতাংশ বৃদ্ধি পেয়েছে। এটি বৈশ্বিক প্রবণতার বিপরীতে এক অনন্য অর্থনৈতিক দৃষ্টান্ত স্থাপন করেছে।

আগামী সপ্তাহে ডেনমার্কভিত্তিক মায়ার্স্ক গ্রুপের মালিকানাধীন এপিএম টার্মিনালস বি.ভি.-এর সঙ্গে লালদিয়া কনটেইনার টার্মিনাল প্রকল্পে ৩০ বছরের কনসেশন চুক্তি স্বাক্ষর হতে যাচ্ছে। এই চুক্তির আওতায় ইউরোপীয় এই কোম্পানি ৫৫০ মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে। এটি এ যাবৎকালে বাংলাদেশে ইউরোপের সর্বোচ্চ একক বিনিয়োগ। লালদিয়া হবে দেশের প্রথম বিশ্বমানের গ্রিন পোর্ট।

প্রিয় দেশবাসী, প্রায় দেড় যুগ ধরে আমাদের জনগণ ভোটাধিকার থেকে বঞ্চিত ছিলেন। তাঁরা আজ আসন্ন নির্বাচনে তাঁদের ভোটাধিকার প্রয়োগ করার জন্য উন্মুখ হয়ে আছেন। আগামী ফেব্রুয়ারিতে সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানের বিষয়ে অভ্যুত্থানের স্বপক্ষের রাজনৈতিক দলগুলোকে অবশ্যই ঐক্যবদ্ধ থাকতে হবে। তা না হলে জাতি এক মহাবিপদের সম্মুখীন হবে। এ সম্পর্কে আমি আগেও একাধিকবার আমার আশঙ্কা প্রকাশ করেছি।

ফ্যাসিবাদের বিরুদ্ধে ২০২৪-এর জুলাইয়ে মৃত্যুর মুখোমুখি শির উঁচু করে দাঁড়িয়ে দেশবাসী যে ঐক্য গড়ে তুলেছিল, আমরা জীবিতরা যেন অল্পস্বল্প ভিন্নমত ও লঘু বিবাদে জড়িয়ে তার মর্যাদা ক্ষুণ্ন না করি। ১৩৩ শিশু, শত শত তরুণ-তরুণী, নারী-পুরুষের মৃত্যু, হাজার হাজার মানুষের অঙ্গহানির যে আত্মত্যাগ সেটিকে আমাদের সম্মান জানাতেই হবে।

দেশের আপামর জনগণ সামান্য যা চায় তা হচ্ছে, এই অগণিত হতাহতের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে আমরা সবাই যেন ভিন্নমতের প্রতি সহিষ্ণুতা দেখাই। দলীয় স্বার্থ অতিক্রম করে, সম্মিলিত আকাঙ্খা ও জাতীয় চাওয়াকে ঊর্ধ্বে তুলে ধরি। তাই আমি আশা করি আমাদের এই সিদ্ধান্ত জাতির বৃহত্তর স্বার্থে রাজনৈতিক দলগুলো মেনে নেবে। একটি উৎসবমুখর জাতীয় নির্বাচনের দিকে জাতি এগিয়ে যাবে। এর মাধ্যমে আমরা নতুন বাংলাদেশে প্রবেশ করব। আমরা নতুন বাংলাদেশ গড়ার দ্বারপ্রান্তে এসে পৌঁছালাম। মহান আল্লাহ আমাদের সহায় হোন। আমাদের আশা মহান আল্লাহ পূরণ করুন। আল্লাহ হাফেজ। সবাইকে ধন্যবাদ।



## আনুষ্ঠানিকভাবে নির্বাচনের কিছুই আমরা জানি না: সিইসি

১ পৃষ্ঠার পর

জানিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিন। বৃহস্পতিবার বিকেলে রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনের সম্মেলন কক্ষে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে নিবন্ধিত রাজনৈতিক দলের প্রতিনিধিদের সঙ্গে নির্বাচন কমিশনের (ইসি) সংলাপের সমাপনী বক্তব্যে সাংবাদিকদের এক লিখিত প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। এ এম এম নাসির উদ্দিন বলেন, ‘প্রধান উপদেষ্টার বক্তব্য আমার শোনার সুযোগ হয়নি। ফরমালি বিষয়গুলো জানালে তখন আমরা কমিশনে আলাপ আলোচনা করে এ বিষয়ে সিদ্ধান্ত নিতে পারবো।’

রাজনৈতিক দলের সাথে সংলাপের সময় সিইসি বলেন, আমরা সুষ্ঠু, সুন্দর, গ্রহণযোগ্য নির্বাচন দিতে প্রতিশ্রুতিবদ্ধ। এজন্য রাজনৈতিক দলগুলোর সহযোগিতা প্রয়োজন। সিইসি এ এম এম নাসির উদ্দিন বলেন, আমরা একটা শান্তিপূর্ণ নির্বাচন করতে চাই, এজন্য আমরা সবাইকে সাথে নিয়ে আচারণবিধি প্রতিপালন করে এগিয়ে যেতে চাই।

সংলাপে নির্বাচন কমিশনার বেগম তাহমিদা আহমদ, মো. আনোয়ারুল ইসলাম সরকার ও ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবুল ফজল মো. সানাউল্লাহ উপস্থিত ছিলেন। ইসির সিনিয়র সচিব আখতার আহমেদ সংলাপ সঞ্চালনা করেন। নির্বাচন কমিশনার বেগম তাহমিদা আহমদ বলেন, একটি সুষ্ঠু নির্বাচন করতে হলে সকলের সহযোগিতা থাকতে হবে। সবার সহযোগিতা থাকলে শতভাগ সুষ্ঠু ও শান্তিপূর্ণ নির্বাচন করা সম্ভব।

নির্বাচন কমিশনার মো. আনোয়ারুল ইসলাম সরকার বলেন, ‘নির্বাচন নিয়ে এখন পর্যন্ত কোনো প্রতিবন্ধকতা দেখছি না। একটি ভালো নির্বাচন করার কোনো বিকল্প নেই। রাজনৈতিক দলগুলো যদি আমাদের সহযোগিতা করেন, একটা সুন্দর নির্বাচন হবে না- এটা আমরা বিশ্বাস করি না।’

ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবুল ফজল মো. সানাউল্লাহ বলেন, আমাদের উদ্দেশ্য সুষ্ঠু ভোট অনুষ্ঠান করা। কিন্তু আমি যে ম্যাসেজ দিতে চাই- কোনো রাজনৈতিক দলের কর্মকাণ্ডের কারণে ফলাফল স্থগিত বা ভোট বাতিল হয়, তাহলে সংশ্লিষ্ট দলকেই দায়িত্ব নিতে হবে।

## হাসিনার মৃত্যুদণ্ড চায় সরকারপক্ষ

১ পৃষ্ঠার পর

অপরাধ ট্রাইব্যুনালে ঘোষিত হবে আগামী ১৭ নভেম্বর, ২০২৫। বিচারপতি মো. গোলাম মর্তুজা মজুমদারের নেতৃত্বাধীন তিন সদস্যের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ বৃহস্পতিবার এ মামলার রায়ের তারিখ নির্ধারণ করে দেন। ট্রাইব্যুনালের অপর দুই সদস্য হলেন বিচারপতি মো. শফিউল আলম মাহমুদ ও বিচারক মো. মোহিতুল হক এনাম চৌধুরী। চীফ প্রসিকিউটর তাজুল ইসলাম বলেন, “আমরা সর্বোচ্চ শাস্তির (মৃত্যুদণ্ড) জন্য আদালতের কাছে প্রেয়ার করেছি। আদালত তাঁর সুবিবেচনা প্রয়োগ করবেন এবং আমাদের পক্ষ থেকে প্রেয়ার হচ্ছে যে এই অপরাধের দায়ে আসামিদের যেন সর্বোচ্চ সাজা দেওয়া হয়।” গত ২৩ অক্টোবর অ্যাটর্নি জেনারেল আসাদুজ্জামানের সমাপনী বক্তব্য শেষে বিচারপতি মো. গোলাম মর্তুজা মজুমদার মামলাটি রায়ের জন্য অপেক্ষমাণ রাখেন। এ মামলায় শেখ হাসিনার সঙ্গে সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল ও সাবেক আইজিপি চৌধুরী আব্দুল্লাহ আল-মামুনও আসামি। তাদের মধ্যে মামুন দায় স্বীকার করে রাজসাক্ষী হিসেবে জবানবন্দি দিয়েছেন। বৃহস্পতিবার তাকে আদালতে হাজির করা হয়।



আদালত রায়ের তারিখ ঠিক করে দেওয়ার পর সাংবাদিকদের মুখোমুখি হয়ে চিফ প্রসিকিউটর তাজুল ইসলাম বলেন, “আমরা অঙ্গীকার করেছিলাম যে, যারাই বাংলাদেশে, যত শক্তিশালী হোক না কেন, যদি কেউ অপরাধ করে, মানবতাবিরোধী অপরাধ করে, তাদেরকে সঠিক পন’ায় বিচারের মুখোমুখি করা হবে। “এখন ১৭ নভেম্বর আদালত তার সুবিবেচনা, তার প্রজ্ঞা প্রয়োগ করবেন এবং এই জাতির যে বিচারের জন্য আশঙ্কা যে তৃষ্ণা, সেটার প্রতি তারা সুবিচার করবেন, একটি সঠিক রায়ের মাধ্যমে। বাংলাদেশে ভবিষ্যতের জন্য এই রায়টি ইনশাআল্লাহ দৃষ্টান্ত হয়ে থাকবে, তেমন একটি রায়ই আমরা প্রত্যাশা করছি।”

তাজুল ইসলাম বলেন, “আমরা সর্বোচ্চ শাস্তি আদালতের কাছে প্রেয়ার করেছি। আদালত তার সুবিবেচনা প্রয়োগ করবেন এবং আমাদের পক্ষ থেকে প্রেয়ার হচ্ছে যে এই অপরাধের দায়ে আসামিদের যেন সর্বোচ্চ সাজা দেওয়া হয়।” অন্যদিকে শেখ হাসিনা ও আসাদুজ্জামান খান কামালের পক্ষে রাষ্ট্রনিযুক্ত আইনজীবী আমির হোসেন বলেন, মক্কেলদের অনুপস্থিতিতেও তিনি নিজের সর্বোচ্চ যুক্তি তুলে ধরেছেন। তিনি আশা করছেন, ট্রাইব্যুনাল তার মক্কেলদের খালাস দেবে।

“আমি বিচারের কোনো অস্বস্তি দেখিনি। আমাকে কেউ বাধা দেয়নি, আমি আমার সীমাবদ্ধতার মধ্যে যথাসম্ভব চেষ্টা করেছি। মামলা পরিচালনায় যে সহযোগিতা লাগে, যেমন দলিল-দস্তাবেজ, রাষ্ট্রপক্ষ থেকে আইন অনুযায়ী আমাকে দেওয়া হয়েছে। যেসব ডকুমেন্ট পেয়েছি, তার আলোকেই আমাকে কাজ করতে হয়েছে।” আন্দোলন দমনে ১৪০০ জনকে হত্যার উস্কানি, প্ররোচনা ও নির্দেশ দান, ‘সুপিরিয়র কমান্ড রেসপনসেবলিটি’ এবং ‘জয়েন্ট ক্রিমিনাল এন্টারপ্রাইজের’ মোট পাঁচ অভিযোগে গত ১০ জুলাই শেখ হাসিনাসহ তিন আসামির বিচার শুরুর আদেশ দেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১। এর মধ্য দিয়ে ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিরুদ্ধে মানবতাবিরোধী অপরাধের প্রথম মামলার বিচার শুরু হয়। আর তা শুরু হয় সেই আদালতে, যে আদালত তার সরকার গঠন করেছিল একাত্তরের যুদ্ধাপরাধীদের বিচারের জন্য। ২০২৪ সালের ৫ আগস্ট আওয়ামী লীগ সরকার পতনের পর আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল পুনর্গঠন করা হয়। পুনর্গঠিত ট্রাইব্যুনালে জুলাই গণ-অভ্যুত্থানের সময় মানবতাবিরোধী অপরাধের অভিযোগে প্রথম মামলা হয় শেখ হাসিনার বিরুদ্ধে। পুনর্গঠিত ট্রাইব্যুনালের বিচারকাজ শুরু হয় গত বছরের ১৭ অক্টোবর। সেদিনই এ মামলায় শেখ হাসিনার বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেন ট্রাইব্যুনাল। চলতি বছরের ১৬ মার্চ সাবেক আইজিপি চৌধুরী আবদুল্লাহ আল-মামুনকে এ মামলায় আসামি করার আবেদন করে প্রসিকিউশন। পরে ট্রাইব্যুনাল তাতে সম্মতি দেয়। ট্রাইব্যুনালের তদন্ত সংস্থা চলতি বছরের ১২ মে চিফ প্রসিকিউটর কার্যালয়ে তদন্ত প্রতিবেদন জমা দেয়। আর প্রসিকিউশন শেখ হাসিনাসহ তিন আসামির বিরুদ্ধে ট্রাইব্যুনালে আনুষ্ঠানিক অভিযোগ দাখিল করে গত ১ জুন। আদালতে মোট পাঁচটি অভিযোগ আনা হয়। সেগুলো হল গত বছরের ১৪ জুলাই গণভবনের সংবাদ সম্মেলনে শেখ হাসিনার ‘উস্কানিমূলক বক্তব্য’ দেওয়া; হেলিকপ্টার, ড্রোন ও প্রাণঘাতী অস্ত্র ব্যবহার করে আন্দোলনকারীদের নির্মূল করার নির্দেশ দেওয়া; রংপুরে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ছাত্র আবু সাঈদকে গুলি করে হত্যা; রাজধানীর চানখাঁরপুল এলাকায় ছয় আন্দোলনকারীকে গুলি করে হত্যা এবং আশুলিয়ায় ছয়জনকে পোড়ানোর অভিযোগ।

শেখ হাসিনা গত বছরের ৫ অগাস্ট ক্ষমতা ছেড়ে ভারতে চলে যান। আসাদুজ্জামান খান কামালও ভারতে আছেন বলে ধারণা করা হয়। তাদের পলাতক দেখিয়ে এ মামলার বিচার কাজ চলে। কারাগারে থাকা একমাত্র আসামি সাবেক আইজিপি মামুন ১০ জুলাই মানবতাবিরোধী অপরাধে জড়িত থাকার কথা স্বীকার করে রাজসাক্ষী হওয়ার আবেদন করেন।

সাক্ষ্যগ্রহণ শেষে এ মামলায় যুক্তিতর্ক শুনানি শুরু হয় গত ১২ অক্টোবর। মানবতাবিরোধী অপরাধের অভিযোগে শেখ হাসিনা ও আসাদুজ্জামান খান কামালের মৃত্যুদণ্ড চান চিফ প্রসিকিউটর তাজুল ইসলাম। অন্যদিকে আসামি শেখ হাসিনা ও আসাদুজ্জামানের পক্ষে রাষ্ট্রনিযুক্ত আইনজীবী মো. আমির হোসেন দুই আসামির খালাসের আর্জি জানান। রাজসাক্ষী মামুনের পক্ষেও খালাসের আবেদন করেন তার আইনজীবী যায়েদ বিন আমজাদ। এ মামলার যুক্তিতর্ক শেষ হয় ২৩ অক্টোবর। অ্যাটর্নি জেনারেল আসাদুজ্জামান সেদিন শেখ হাসিনা ও আসাদুজ্জামান খান কামালকে ইঙ্গিত করে বলেন, “যদি এই আসামিদের মৃত্যুদণ্ড হয়, তাহলে অনেকেই প্রতিবাদ করবেন। এই দুইজনের যদি বিচার না হয়, তাহলে বাংলাদেশের মানুষ ভীর“-কাপুর“ষ হয়ে উপহাসের পাত্র হয়ে থাকবে।

“আমি আশা করি, আসামিরা এই বিচারের রায় মেনে নেবেন; অন্য কোনো পথ বেছে নেবেন না। আমি আশা করি, এই আদালত সর্বোচ্চ সাজা নিশ্চিত করবে।” জামায়াতে ইসলামী, এনসিপিসহ কয়েকটি দল নির্বাচনের আগেই শেখ হাসিনা ও আওয়ামী লীগের বিচার শেষ করার দাবি জানিয়ে আসছিল। এ মামলার রায়ের তারিখ ঘোষণাকে কেন্দ্র করে বৃহস্পতিবার ‘ঢাকা লকডাউন’ কর্মসূচি ঘোষণা করেছে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ। তাদের ঘোষিত বিক্ষোভ কর্মসূচির মধ্যে গত কয়েক দিন ধরে ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে বিক্ষিপ্ত বোমাবাজি এবং যানবাহনে আগুন দেওয়ার ঘটনা ঘটেছে।

সে কারণে সকাল থেকেই আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের নিরাপত্তা জোরদার করা হয়। হাই কোর্ট মাজার সংলগ্ন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল এলাকায় সতর্ক অবস’ান নেন পুলিশ, এপিবিএন ও বিজিবি সদস্যরা। পাশাপাশি সেনাবাহিনীর সদস্যদের টহল দিতে দেখা যায়।কাছেই দেখা যায় বিজিবি ও পুলিশের সাঁজোয়া যান। পুরো এলাকাজুড়ে গড়ে তোলা হয় নিরাপত্তা বলয়। ট্রাইব্যুনালে ঢোকার সময় সাংবাদিক ও আইনজীবীদের তল্লাশি করা হয়।

নিষিদ্ধ আওয়ামী লীগের কর্মসূচি ঘিরে নাশকতা ঠেকাতে বুধবার থেকেই ঢাকার প্রবেশপথগুলোতে চেকপোস্ট বসিয়ে তল্লাশি চালানো হয়েছে। নগরীর বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্টে মোতায়েন করা হয়েছে ১৭ হাজার পুলিশ সদস্য। পাশাপাশি বিজিবি ও সেনাবাহিনীর সদস্যরাও রাজধানীজুড়ে সতর্ক অবস্থানে রয়েছেন।




## আটলান্টিক সিটিতে ভ্রাম্যমাণ কনস্যুলেট সেবা ২৫ নভেম্বর

৩ পৃষ্ঠার পর

বিভিন্ন সনদপত্রের সত্যায়ন, পাওয়ার অব অ্যাটর্নি, নো ভিসা রিকোয়ার্ড সীলসহ বিভিন্ন ধরনের সেবা গ্রহনের সুযোগ পাবেন।

বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জার্সির সভাপতি জহিরুল ইসলাম বাবুল ও সাধারণ সম্পাদক জাকিরুল ইসলাম খোকা, ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান আব্দুর রফিক প্রবাসী বাংলাদেশিদেরকে ভ্রাম্যমান কনস্যুলেটের সেবা গ্রহণ করার জন্য আহ্বান জানিয়েছেন।

## যুক্তরাষ্ট্রের কারাগার থেকে মুক্তি পেলেন বাংলাদেশি মাসুমা খান

৩ পৃষ্ঠার পর

পরিপ্রেক্ষিতে তাকে দেশ থেকে বিতাড়নের ওপরও অস্থায়ী নিষেধাজ্ঞার আদেশ দিয়েছেন। এর ফলে অভিবাসন সংক্রান্ত মামলা চলাকালে তাকে যুক্তরাষ্ট্র থেকে বিতাড়ন করা যাবে না।

মাসুমা গত ৬ অক্টোবর ইমিগ্রেশন অফিসে নিয়মিত হাজিরা দিতে গিয়ে অপ্রত্যাশিতভাবে আইসের হাতে আটক হন এবং ক্যালিফোর্নিয়া সিটি কারেকশনাল ফ্যাসিলিটিতে বন্দি ছিলেন। তিনি হাঁপানি ও উচ্চ রক্তচাপসহ নানা শারীরিক সমস্যায় ভুগছিলেন। তার মুক্তির বিষয়ে স্টেইটের ডেমোক্র্যাটিক আইনপ্রণেতারা সহযোগিতার আশ্বাস দিয়েছিলেন।

মাসুমার মেয়ে রিয়া জানান, ১৯৯৭ সালে তার শৈশবকালে দাদির সঙ্গে আমেরিকায় বেড়াতে এসে গুরুতর অসুস্থ হয়ে পড়লে মা মাসুমা খানও এ দেশে আসেন। পরবর্তী সময়ে ভিসার মেয়াদ শেষ হওয়ার পর গ্রিন কার্ডের জন্য আবেদন করতে গিয়ে এক ব্যক্তির প্রতারণার শিকার হন মাসুমা খান। পরে তার বাবা যুক্তরাষ্ট্রের নাগরিক হওয়ার পর ২০১৫ সালে মায়ের জন্য পিটিশন করেন, কিন্তু ইন্টারভিউর সময় জালিয়াতির বিষয়টি উঠে আসায় মায়ের গ্রিন কার্ডের আবেদন বাতিল হয়।

## আটক ৬শ’ অভিবাসি মুক্ত হতে যাচ্ছে

৩ পৃষ্ঠার পর

অ্যাটর্নিদের ২০২২ সালে আদালতের সাথে করা হোমল্যান্ড সিকিউরিটি কর্মকর্তাদের একটি চুক্তি কার্যকর করার সিদ্ধান্ত নিয়েছে যা সংস্থাটি শিকাগো অঞ্চলে যে ধরনের গ্রেপ্তার করতে পারে তা সীমাবদ্ধ করে। প্রক্রিয়াটি একটি সম্মতি ডিক্রি হিসাবে পরিচিত।

ট্রাম্প বলেন, সবচেয়ে খারাপ অপরাধী অভিবাসীদের ধরার জন্য এই দমন অভিযান প্রয়োজন। হোমল্যান্ড সিকিউরিটি কর্মকর্তারা বলেছেন যে ব্লিটজের সাথে সম্পর্কিত ‘‘ধর্ষক, খুনি এবং গ্যাং সদস্য সহ ৩,০০০ অবৈধ বিদেশীকে গ্রেপ্তার করা হয়েছে।

আইন প্রয়োগকারী কর্মকর্তারা ব্রডভিউ আইসিই সুবিধার কাছে একটি প্রতিবাদের সময় কাজ করছেন, অপরাধ প্রতিরোধে সহায়তা করার জন্য ফেডারেল আইন প্রয়োগকারী উপস্থিতি বাড়ানোর জন্য রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্পের আদেশ অনুসরণ করে, ব্রডভিউ, শিকাগোর একটি শহরতলির।

১২ নভেম্বর কামিংস একটি আদেশও দিয়েছিলেন যে আদালতের ফাইলিংয়ে উল্লিখিত প্রায় ৬০০ বন্দীর দলকে নির্বাসন দেওয়া বা নির্বাসনে রাজি হওয়া থেকে বিরত রাখা হয়েছে। বন্দীদের পক্ষে অ্যাটর্নিরা বলেছিলেন যে কামিংসের আদেশ, স্থগিতাদেশ বলা হয়েছে, কারণ বন্দীরা তাদের মক্কেলদের কাছে পৌছাতে অক্ষম হয়েছে তাদের হয় নির্বাসন দেওয়া হয়েছে বা নির্বাসনে রাজি হয়েছে।

আদালতে অ্যাটর্নিরা জানিয়েছেন, সম্মতি আদেশ লঙ্ঘন করে গ্রেপ্তার হওয়া শিকাগো এলাকার প্রায় ১,১০০ অভিবাসন বন্দীকে ইতিমধ্যে নির্বাসন দেওয়া হয়েছে বা নির্বাসনে রাজি করা হয়েছে। ন্যাশনাল ইমিগ্র্যান্ট জাস্টিস সেন্টারের আরেক অ্যাটর্নি মার্ক ফেল্ডম্যান বলেন, আমরা উদ্বিগ্ন যে এই ব্যক্তিরা জানেনও না যে তাদের মুক্তি মুলতুবি রয়েছে।

জুন থেকে অক্টোবরের মধ্যে ইমিগ্রেশন এবং কাস্টমস এনফোর্সমেন্ট এজেন্টদের দ্বারা গ্রেপ্তার হওয়া একদল লোকের মধ্যে থেকে ৬০০ জন আটক রয়েছেন। আটককৃতরা ঝুঁকিপূর্ণ কিনা তা ইমিগ্রেশন কর্তৃপক্ষ মূল্যায়ন করছে। সরকারের আইনজীবীরা বলেছেন যে, এখন পর্যন্ত মূল্যায়ন করা ৪০০ জনের মধ্যে প্রায় এক ডজন ঝুঁকিপূর্ণ বলে মনে করা হয়। কামিংস বলেছিলেন যে তিনি জনসাধারণের জন্য ঝুঁকিপূর্ণ বলে বিবেচিত বন্দীদের মুক্তি দিতে দেবেন না।




## বাংলাদেশি জারা মামদানির ট্রানজিশন টিমে

৩ পৃষ্ঠার পর

গ্রহণের জন্য নীতিগত নির্দেশনা ও কার্যপরিকল্পনা নির্ধারণে সহায়তা করবে।

গত ৪ নভেম্বরের নির্বাচনে ব্যাপক ব্যবধানে জয়লাভের পর মামদানির এই নারী নেতৃত্বকেন্দ্রিক টিম গঠনের সিদ্ধান্তকে ইতিবাচক পদক্ষেপ হিসেবে দেখছেন রাজনৈতিক বিশ্লেষকরা। জারা রহিম দক্ষিণ ফ্লোরিডায় বেড়ে ওঠা প্রথম প্রজন্মের আমেরিকান। তার বাবা-মা আশির দশকের শুরুতে বাংলাদেশ থেকে যুক্তরাষ্ট্রে পাড়ি জমান। পেশাগত জীবনে রহিমের অভিজ্ঞতা বিস্তৃত ও বৈচিত্রময়। মামদানির নির্বাচনী প্রচারণায় যুক্ত হওয়ার আগে তিনি বাংলাদেশের প্রধান উপদেষ্টা নোবেল শান্তি পুরস্কারজয়ী মুহাম্মদ ইউনূসের অধীনে ‘গ্রামীণ সেন্টার ফর সোশ্যাল বিজনেস’-এ কাজ করেছেন।

এরপর তিনি সাবেক মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামার ২০১২ সালের পুনঃনির্বাচনী প্রচারণায় ফ্লোরিডা রাজ্যের ডিজিটাল কনটেন্ট ডিরেক্টর হিসেবে কাজ করেন। এছাড়াও তিনি হোয়াইট হাউস অফিস অফ ডিজিটাল স্ট্র্যাটেজিতে যোগ দেন এবং সেখানে উল্লেখযোগ্য সময় কাজ করার পর বেসরকারি খাতে উবার, ভোগ ও দ্য উইংয়ে জ্যেষ্ঠ যোগাযোগ পদে দায়িত্ব পালন করেন। এছাড়া জারা রহিম ২০১৬ সালে হিলারি ক্লিনটনের প্রেসিডেন্ট নির্বাচনী প্রচারণায়ও যুক্ত ছিলেন, যেখানে তার ডিজিটাল যোগাযোগ ও কৌশলগত পরিকল্পনার দক্ষতা ব্যাপক প্রশংসিত হয়েছিল।

## ব্রঙ্কসে ৫৫ তম বিজয় দিবসের প্রস্তুতি সভা

৩ পৃষ্ঠার পর

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সিনিয়র সিটিজেন ফোরাম অফ বাংলাদেশী কমিউনিটির সাধারণ সম্পাদক কাজী রবিউজ্জামান। স্বাগত বক্তব্য রাখেন ব্যান্ডস সাধারণ সম্পাদক শামিম মিয়া। প্রস্তুতি সভায় সকল উপস্থিত সদস্যদের মতামতের ভিত্তিতে ৫৫ তম মহান বিজয় দিবস উদযাপন কমিটি গঠন করা হয়। কমিটি’র আহবায়ক হয়েছেন শামিম আহমেদ, প্রধান সমন্বয়ক ফরিদা ইয়াছমিন ও সদস্য সচিব হয়েছেন পল্লব সরকার। দ্রুত সময়য়ের মধ্যে পুরো কমিটি গঠন করা হবে।

সভায় উপস্থিত ছিলেন. ফেঞ্চুগঞ্জ অর্গানাইজেশন অব আমেরিকার সভাপতি মাহবুব আলম, জালালাবাদ অ্যাসোসিয়েশন অব আমেরিকার ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রোকন হাকিম, সিনিয়র সহ-সভাপতি লোকমান হোসেন লুকু, বাংলাদেশ মুক্তিযুদ্ধা সংসদ, নিউইর্য়ক স্টেট কমান্ড ইউ.এস.এ-এর কমান্ডার বীর মুক্তিযোদ্ধা এম এ নাসির, কমিউনিটি এ্যাক্টিভিস্ট মো. আব্দুল মুহিত, সিরাজ উদ্দিন আহমেদ সোহাগ, অধ্যক্ষ সানাউল্লাহ, অধ্যাপক আব্দুল করিম, মো. রেজাউল করিম, মো. ফরহাদ হোসেন, মো. তোফাজ্জল হোসেন, মো. ফরহাদ আলী, আরিফ ছালাম, মইনুল ইসলাম, সৈয়দ আহম্মদ, সাইফ আহম্মেদ শামীম, সৈয়দ মোশাররফ হোসেন, মো. আক্তার হোসেন, মাহবুব এ আলম।

সামাজিক সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত থেকে মতামত প্রদান করেন জনাবা ফরিদা ইয়াছমিন নির্বাহী পরিচালক, বাফা। এছাড়া হৃদয় বাংলাদেশ’র সভাপতি সাইদুর রহমান লিংকন সাজুফতা সাহিত্য ক্লাবের সভাপতি, কবি জুলি রহমান, কবি মেহের চৌধুরী, বাংলাদেশ সোসাইটি অব ব্রঙ্কস, নিউইয়র্ক-এর সাধারণ সম্পাদক শেখ অলি আহাদ, সুমন দেব, সুরজিৎ কিশোর দাস, বিজয় কৃষ্ণ সাহা, আশফাকুল হক চৌধুরী, কুমিল্লা সোসাইটি ইউএসএ-এর সাবেক সভাপতি মিয়া মোহাম্মদ দাউদ, গ্রেটার সিরাজগঞ্জ ডিস্টিক সোসাইটি’র সাধারণ সম্পাদক মো. জহিরুল ইসলাম, সিনিয়র সিটিজেন ফোরাম অফ বাংলাদেশী কমিউনিটি’র আহাদ তালুকদার বাবুল, কবি সুধাংশু কুমার মন্ডল, মনজুর চকদার, মোহাম্মদ কামাল হোসেন প্রমুখ।



## বিশ্বাসের দ্বৈততা

# কেন নিয়ন্ত্রকের কাছেই সাহায্য চাই?



### এইচ বি রিতা

জীবনের প্রতিটি মোড়ে যখন অপ্রত্যাশিত ঝড় আসে, মানুষ স্বভাবতই বিচলিত হয়। তখন আমাদের কণ্ঠস্বর স্বয়ংক্রিয়ভাবে সেই অসীম শক্তির দিকে ধাবিত হয়, যাকে আমরা ঈশ্বর, সৃষ্টিকর্তা বা নিয়ন্তা বলি। আমরা বিশ্বাস করি, তিনিই আমাদের জীবন-যুদ্ধের ক্ষেত্র তৈরি করেন, প্রতিটি সংগ্রামের সময়সীমা নির্ধারণ করেন এবং শেষ পর্যন্ত উদ্ধারের পথ দেখান। তাহলে, যে সময়ের নিয়ন্ত্রণ তাঁর হাতেই, সেই কঠিন মুহূর্তেও আমরা কেন বারবার তাঁর কাছে সাহায্য চাই?

কারণ, জীবন যখন নিয়ন্ত্রণের বাইরে চলে যায় (যেমন অপ্রত্যাশিত ঝড়), তখন মানুষ নিরাপত্তা ও নিশ্চিন্ততা খোঁজে। সৃষ্টিকর্তার কাছে সাহায্য চাওয়া হলো বিচলিত চিত্তের জন্য একটি মানসিক আশ্রয়। এই বিশ্বাস যে 'কেউ একজন দেখছে' বা 'সব ঠিক করে দেবে', যা তাৎক্ষণিক মানসিক শান্তি ও শক্তি যোগায়। মানুষ ভবিষ্যতের ওপর নিয়ন্ত্রণ হারায়, কিন্তু সৃষ্টিকর্তার কাছে প্রার্থনা করে সে আশা ধরে রাখে। সাহায্য চাওয়ার প্রক্রিয়াটি মূলত কঠিন পরিস্থিতি থেকে মুক্তির একটি সক্রিয় বিশ্বাসী পদক্ষেপ।

তাছাড়া, আমরা যখন জানি যে আমাদের জীবন-নাটকের সময়সূচী স্বয়ং ঈশ্বরই নির্ধারণ করেছেন, তখন সাহায্য চাওয়াটা হয়ে ওঠে একটি গভীর আন্তরিক সম্পর্কের প্রকাশ। মানুষ হিসেবে আমরা অসহায়, সীমিত। সংগ্রাম যখন দীর্ঘ হয়, ধৈর্যচ্যুতি ঘটে। এই দুর্বলতার মুহূর্তে, ঈশ্বরের কাছে প্রার্থনা হলো-তাঁর প্রতি আমাদের সম্পূর্ণ আত্মসমর্পণের একটি স্বীকৃতিও বটে।

প্রাচীন ধর্মীয় ও দার্শনিক দৃষ্টিকোণ থেকে, এই সংগ্রামগুলিই হলো আমাদের আত্মিক পরিশুদ্ধি এবং চরিত্র গঠনের প্রক্রিয়া। ইসলামে আইয়ুব বা বাইবেলের চরিত্র ইয়োব-এর কথাই ধরুন। চরম দুর্দশা ও সীমাহীন কষ্টের মধ্যেও তিনি ঈশ্বরের বিরুদ্ধে বিদ্রোহ করেননি। তিনি জানতেন না কেন তিনি এত কষ্ট পাচ্ছেন, কিন্তু তাঁর বিশ্বাস ছিল ঈশ্বরের সার্বভৌমত্বের উপর। তাঁর ক্রমাগত প্রার্থনা কেবল তাঁর মানসিক শক্তি জুগিয়ে গেছে।



কবি রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর প্রার্থনায় কখনোই কেবল মুক্তি বা পুরষ্কার চাননি। তিনি বরং সংগ্রাম সহ্য করার শক্তি চেয়েছেন।

'বিপদে মোরে রক্ষা করো এ নহে মোর প্রার্থনা
বিপদে আমি না যেন করি ভয়।
দুঃখতাপে ব্যথিত চিতে নাই-বা দিলে সান্ত্বনা,
দুঃখে যেন করিতে পারি জয়।'

এই প্রার্থনা সময়ের হাত ধরে দ্রুত ফল লাভের তাড়াহুড়ো নয়, বরং কষ্টের মধ্যেও স্থির থাকার মতো আত্মিক শক্তি লাভের আকুতি। তিনি চেয়েছেন, যেন সেই নির্দিষ্ট সময়সীমা পার না হওয়া পর্যন্ত তিনি ভেঙে না পড়েন।

এই প্রসঙ্গে ইংরেজ কবি জন মিলটন-এর উদাহরণ দেওয়া যেতে পারে, যিনি ১৭ শতাব্দীর অন্যতম শ্রেষ্ঠ কবি এবং তাঁর মহাকাব্য 'প্যারাডাইস লস্ট' এর জন্য বিশ্বজুড়ে পরিচিত। মিলটনের জীবন ব্যক্তিগত দুঃখ-কষ্টে পূর্ণ ছিল।

১৬৫২ সালে মাত্র ৪৩ বছর বয়সে, মার্চ বা এপ্রিল মাসের মধ্যে তিনি উভয় চোখে সম্পূর্ণরূপে অন্ধ হয়ে যান; মে মাসে, তাঁর স্ত্রী তাঁদের চতুর্থ সন্তানের জন্ম দেওয়ার মাত্র তিন দিন পর মারা যান; এবং এর ছয় সপ্তাহ পরে, তাঁর তৃতীয় সন্তান ও একমাত্র পুত্র জন-ও মারা যায়। তাঁর দুঃখ কষ্টের মধ্যে সবচেয়ে বড় ছিল তাঁর দৃষ্টিশক্তি হারানো। মিলটনের বিখ্যাত সনেট "When I Consider How My Light is Spent"-এ তাঁর দৃষ্টিশক্তি হারানোর পর ঈশ্বরের প্রতি তাঁর কর্তব্য পালন করতে না পারার হতাশা প্রকাশ করেন। তিনি সন্দেহ প্রকাশ করেন যে, ঈশ্বর কি তাঁর ক্ষমতা কেড়ে নিয়েও তাঁর কাছ থেকে কাজ আশা করেন? তখন তাঁর ধৈর্য তাকে সান্ত্বনা দেয় যে, ঈশ্বর মানুষের কাজের বা উপহারের মুখাপেক্ষী নন। বরং যারা শান্তভাবে তাঁর দেওয়া কষ্ট সহ্য করে এবং তাঁর আদেশের জন্য অপেক্ষা করে, তারাই তাঁকে সবচেয়ে ভালোভাবে সেবা করে।

মানুষ যখন তার সকল যুক্তি ও দার্শনিক জ্ঞানকে একপাশে রেখে ঈশ্বরের কাছে সাহায্য চায়, তখন সেইক্ষেত্রে প্রশ্নটির উত্তর কেবল ধর্মীয় বিশ্বাসে মেলে না, তা প্রবেশ করে বৌদ্ধিক দ্বন্দ্বের গভীর প্রদেশে। মিলটনের জীবনে যেমন একটার পর একটা বিপর্যয় এসেছিল-অন্ধত্ব, প্রিয়জনের মৃত্যু, রাজনৈতিক আক্রমণ, তখন একজন প্রাজ্ঞ ব্যক্তি হিসেবে তাঁর মন, বিশ্বাস এবং যুক্তি-এর দ্বৈততার সম্মুখীন হয়েছিল।

মিলটনের সনেটে যে প্রশ্নটি উঠে আসে, "Doth God exact day-labour, light denied?/ আলো না দিয়েও ঈশ্বর কি দিনের শ্রম চান?চ-তা মূলত যুক্তিবাদী মনের মৌলিক প্রশ্ন: যদি ঈশ্বর সর্বশক্তিমান এবং দয়ালু হন, তবে তাঁর নিখুঁত পরিকল্পনার অংশ হিসেবে এই অযৌক্তিক দুর্ভোগ কেন? কেন একজন নিরপরাধ মানুষ বা শিশুকে এত কষ্ট সহ্য করতে হবে?

এই বৌদ্ধিক প্রশ্নটি বিশ্বাসের ভিত্তিকে নাড়িয়ে দেয়। যুক্তি চায় কারণ, সময়সীমা ও ফল। কিন্তু বিশ্বাস উত্তর দেয় সমর্পণ এবং রহস্যের প্রতি আস্থা দিয়ে। এই নীরব দ্বন্দ্বই মানুষকে প্রার্থনা করতে বাধ্য করে: সাহায্য চাওয়ার মাধ্যমে মানুষ যেন বলিষ্ঠ যুক্তির হাত থেকে বিশ্বাসের হাতটি শক্ত করে ধরে রাখে।

রবীন্দ্রনাথ বা মিলটন, কেউই সৃষ্টিকর্তার কাছে তাঁদের দুর্ভোগের সময়সূচী বদলাতে বলেননি। মিলটনকে অন্ধত্ব সহ্য করতে হয়েছে এবং রবীন্দ্রনাথ চেয়েছেন দুঃখের ওপর জয়ী হওয়ার শক্তি। এখানে আত্মিক মুক্তি লুকিয়ে আছে 'স্থির থাকার' ধারণায়। যখন জীবনের যুক্তি ভেঙে পড়ে, তখন আত্মিক ভাবনা বলে: প্রার্থনা দ্রুত ফল লাভের তাড়াহুড়ো নয়, বরং এটি কষ্টের মুহূর্তে ভেঙে না পড়ার মতো আত্মিক শক্তি লাভের আকুতি।

এরপর ২৮ পৃষ্ঠায়

# এই সপ্তাহের কবিতা



## চিরচেনা অঘ্রাণে

### আসাদুজ্জামান খান মুকুল

সজীবতার গান গেয়ে হেমন্ত এসেছে দ্বারে,
কুয়াশার মোলায়েম চাদর আদরে জড়িয়ে দিয়েছে প্রকৃতির গায়।
ঘাসের শিরে শিশির ঝিকিমিকি করে আলোকের সঙ্গমে!
প্রভাতের আলো তার উপরে মেখে দিয়েছে যেন সোনালী রঙের প্রলেপ।
নীল অম্বরও আজ মিতালী গড়ে মিশেছে সুদূর দিগন্ত পরে।
কাননে কামিনী পারুল গন্ধরাজে ছড়িয়েছে ঘ্রাণ হেমন্ত এসেছে বলে।
অবারিত মাঠে দোলে উঠেছে সোনালী ধান,
আনন্দের বাতাবরনে কৃষকের মুখে ফুটেছে মধুর হাসি।
মহা ধুমধামে চলেছে ধান কাটার মহোৎসব।
নবান্নে যেন বাংলার বুকে বসেছে চাঁদের হাট।
গৃহিনীরা ঘরে মনের জৌলুসে করেছে পিঠা আর পায়েস।
কিশোরীদের নিপুণ হস্তে পাটিশাপটা কাটা পিঠায় ফুটছে কারুকার্যে খেলা।
পাড়ায় পাড়ায় জমছে রঙের মেলা,
রজনী মাতায় বাউলের আর যাত্রা গানের আসরে।
মহা জৌলুসে হেমন্ত এসেছে খোলে দিয়েছে যেন বাঙালির সম্মুখে সম্ভাবনার দুয়ার।
চিরচেনা এই বাংলার অঘ্রাণে।



## আসতো চিঠি

### সুজন দাশ

আসতো চিঠি রঙিন খামে প্রিয়ার খবর নিয়ে,
ভালোলাগার থাকতো পরশ উঠতো কেঁপে হিয়ে।
চিঠিই ছিল ভরসা তখন যোগাযোগের তরে,
হতো মনের আদান-প্রদান উঠতো কথায় ভরে।

শব্দরা সব জন্দ হতো নানান ভাবনা জালে,
কাব্য সুধার থাকতো প্রলেপ ঢেউ দিত তার পালে!
প্রতীক্ষাতে কাটতো প্রহর স্বপ্নতে জাল বুনে,
ভাবের রসে শুঠতো নেয়ে দিন কাটাতো গুনে।

বাহক চিঠি ডাকের চিঠি ছিল হাতের চিঠি,
মোবাইল এসে সব গিলেছে বন্ধ ভাবের দিঠি।
লাইলি মজনু শিরি ফরহাদ হতো সেসব দিনে,
হতো পারুল দেবদাসও কেউ বাজতোও সুর বিণে।

সস্তা যেমন যোগাযোগ আজ প্রেমও তেমন খোলা,
আজকে ধরে কাল ছেড়ে দেয় হয়ও সহজ ভোলা!
আজকে ওসব হয় না কেহ হয়না ও প্রেম স্থায়ী,
তাতে না কেউ ভাবের উমে সবাই পরিযায়ী।

সোজাসুজি চলছে মেসেজ যোগাযোগও ইজি,
হারাচ্ছে আজ লেখার ভাষা সবাই থাকে বিজি।
নান্দনিক সেই চিঠির ভাষা কোথায় পাবে খুঁজে?
স্বার্থ লাভে ভাসছে জগত চলছে হিসাব বুঝে।

লেখক: কবি, আটলান্টিক সিটি, নিউজার্সি।



## প্রেমাসক্ত

### হাফিজুর রহমান

আসেনি আগে ভাই-বুঝেনি,
একা না হওয়ার সুখ
পাশে পাওয়ার আনন্দ
শিখিয়েছে প্রেম: স্বপ্ন দেখা।
আশার দুয়ার খোলা
ভীড় বাড়াতে ইচ্ছেগুলোর।

ভয় আছে এখন হারানোর,
আষ্টেপৃষ্টের অস্থিরতা
হৃদয় কাঁপানো যন্ত্রণার:
তবুও তীক্ষ্ণ, ভালো লাগার!
ভুলেছি কে আমি?
জেনেছি-আমি না আমার।



## হেমন্তকাল

### বেগম মুয়াখ্যিরা খানুম স্বপ্না

হলুদ গাঁদা লিখলে চিঠি-সবুজ পাতার খামে,
হিমের ঘন ঘোমটা টেনে-হেমন্তকাল নামে।

কাশবনেতে বায়ু শন শন-পাখ পাখালির কূজন,
ঘুঘু ডাকা নিঝুম বিকেল-কাছে আসে সুজন।

হাওয়ায় খেলে হৈম ধুলো-ধানের পরশ মাখা।
ঝুমকো ফুলের রঙে সাজে-প্রজাপতির পাখা।

জংলী কুসুম পাঁপড়ি মেলে-ক্ষেতের ঐ আলপথে,
কাঁঠালচাঁপার গন্ধ টানে-দুপুর সঙ্গী হতে।

আলসে চোখে কচুরি ফুল-ঝিমায় জলাশয়ে,
গাল ফুলানো কিশোরী মন-বিকেলটা যায় ক্ষয়ে।

পথের সবুজ বুনোলতায়-পতঙ্গের খুনসুটি,
নরম ঘাসে হর্ষে মাতে-ফুলও একটি দুটি।

বাড়ির উঠোন ভরে উঠে-আমন ধানের ঘ্রাণে,
নবীনা বউ গুনগুনিয়ে-সুর তুলে মন প্রাণে।

রোদের উনুন নিভলে পরে-চাঁদের সুধা গলে,
স্বপ্নালোকে কৃষাণ বধূর-সন্ধ্যা প্রদীপ জ্বলে।

জলজ বাতাস গায়ে মাখা-শিউলি ঝরে টুপটুপ,
শিশির ধৌত আলোক সকাল-মিঠে হাসে নিশ্চুপ।

উৎসব মুখর হেমন্তকাল-হাওয়ায় রুমোঝুমি,
পাখি ফুলে চুমোচুমি-আমার জন্মভূমি।



## শান্তির জন্য

### ভীষ্মদেব মণ্ডল

অবনির সব দেশে যতো লোক আছে
অনুরোধ রাখি আজ সকলের কাছে,
এসো ভুলি হানাহানি শান্তির তরে
সব হোক সমাধান আলোচনা করে।
জটিলতা নিরসনে সংঘাত নয়
এই কথা সকলের মনে যেন রয়,
সমাধানে অসিনয় তুলে নেব মসি
যতো বার দরকার ততোবার বসি।
বিশ্বের সব লোক হয়ে বোন ভাই
এসো থাকি মিলেমিশে ভেদ ভুলে যাই,
বুদ্ধিতে যুদ্ধকে নিবারণ করি
শান্তির আজ মহা জোট গড়ি।
বহু ক্ষতি হয়ে গেছে অতীতের রণে
এই কথা সকলের থাকে যেন মনে,
আরনয় হানাহানি আরনয় ক্ষতি
এইছাড়া সুখী হতে নেই কোনো গতি।

Rtv
আজ ও আগামীর

# "Quran for a Beautiful Life"

**Under this title, Following the remarkable success of Season 1 and 2, the holy Quran Telawat competition RTV Alokito Quran USA is returns with Season 3 for people living in North America.**

TITLE SPONSOR

GOLDEN AGE HOME CARE | সাপ্তাহিক আজকাল — The Most Circulated Bengali Newspaper in North America

## Rtv Alokito Quran USA SEASON 3




**Get Registration before 15th November, 2025**

## Registration Process:

**Record a 2 to 3 minute video of your recitation from the Holy Quran on your mobile and send it along with your name, mobile number, and address via any of the following media**

**rtvonline.com/alokitoquranusa**
**facebook.com/rtvrealityshows**
**facebook.com/rtvalokitoquran**

**WhatsApp: +880 1933 000 066, +880 1552 322 040**

**E-Mail: rtvalokitoquranusa@gmail.com  Call : 917 743 2917**

GOLD SPONSOR

GFB GROUP OF INDUSTRIES | Moin Choudhury Attorney at Law | KR SHERA INC WHERE POWER MEETS PURPOSE

SUPPORTED BY

HASANUZZAMAN MALIK ATTONEY AT LAW | B&R PERFUME & COLOGNE | FAISAL AHAMED | Khalil's Food | GIASH AHMED | KAKATUA | GoRascal Faheem & Syed Team | EXIT REALTY PRIME

TRAVELS PARTNER

GLOBAL Tours & Travel

Only On Rtv | Organize By: প্রিয়ন্তী USA INC

# US lost jobs through late October

**Ajkal Desk**



U.S. firms were shedding more than 11,000 jobs a week through late October, payroll processor ADP said on Tuesday in its latest real-time estimate of job market trends.

Though an ADP report last week estimated the U.S. overall added 42,000 jobs in October versus the month before, the new estimates show how hiring trends are evolving on a week-to-week basis - in this case pointing to further weakening in a labor market being closely monitored by Federal Reserve policymakers.

"The labor market struggled to produce jobs consistently during the second half of the month," said Nela Richardson, ADP's chief economist. ADP recently began issuing weekly payroll estimates as a way to augment its monthly jobs report.

The data could reinforce some Fed policymakers' arguments that developing job market weakness warrants further reductions in the U.S. central bank's benchmark interest rate. The Fed reduced its policy rate by a quarter of a percentage point at each of its last two meetings. Investors expect it to deliver another quarter-percentage-point cut at its December 9-10 meeting.

ADP's payroll data is among several private-sector sources that policymakers have referred to as an alternative - if not a full substitute - to the official statistics that have been missing during the current U.S. government shutdown.

If the shutdown ends this week, a possibility after the U.S. Senate's passage of a temporary funding bill, Fed policymakers should see the flow of data from the Bureau of Labor Statistics resume in time for their next meeting, even if some reports are still missing.

## City Hall backs Bronx student detained by ICE

**Ajkal Desk**

The City of New York has formally joined the legal fight to free a Bronx high school student held in Immigration and Customs Enforcement (ICE) custody, filing a brief in support of his petition for release.

Joel Camas, a 16-year-old junior at Gotham Collaborative High School, who hoped to become a certified mechanic, was taken into custody during a routine ICE check-in in October despite having an approved Special Immigrant Juvenile Status (SIJS) and a pathway toward a green card, according to court filings. The student, who is originally from Ecuador, arrived in New York with his mother in late 2022 and has been living with family members. He began the Family Court process in May 2024 after his father abandoned him, per court filings. In December 2024, a Bronx County Family Court judge ruled that it was not in his best interest to return to Ecuador, finding that he should remain in the United States and benefit from the protections available to him as a vulnerable youth, according to his attorneys. did exactly what the government required" by appearing with counsel for a scheduled ICE check-in at 26 Federal Plaza on Oct. 23. "Instead of being sent back to school to attend his second period U.S. history class," his lawyers said he was directed to The New York Varick Immigration Court, and "detained without notice or individualized explanation" before being transferred to Office of Refugee Resettlement custody in the Bronx that same day. Joel's removal order is currently stayed by the judge in his habeas case, but he remains detained in the ORR facility. About four weeks before Joel was detained, his mother, Elvia Chafla, appeared for her own check-in at the immigration court in Lower Manhattan. She had been under an ICE order of supervision and was enrolled in the Intensive Supervision Appearance Program, wearing an ankle monitor since July 2025 and complying with all reporting requirements, according to legal filings. At that Sept. 22 appointment, ICE officials told her that Joel would need to report the following month. Believing that her voluntary departure would satisfy the agency and improve her son's chances of staying in the United States, she returned to Ecuador on September 27. She understood that Joel, who had an approved pathway to permanent residency, would be permitted to remain, while she would not.



**City's special interest :** In court filings, city officials argued Monday that his detention disrupts his education and jeopardizes the stability of local schools. The city said it has a "special interest" in ensuring that immigrant students can access public education without interruption, noting that prolonged detention harms students like Joel and their peers. The filing highlighted his strong academic record, involvement in school programs, and participation in New York City's youth support network, The Door. "Accordingly, the detention of students by ICE threatens to undo in one stroke the hard work done by City schools and teachers over a period of months or years," the city wrote in its amicus brief. "These detentions have not only impacted the detained students but have rippled throughout the City's education system, leaving teachers reeling and frightening parents and peers." They note that the teen is a committed student with 100% attendance so far this year, has been described by school staff as responsible and engaged student who "wants to learn English so badly that he refuses materials in his native language." It goes on to describe him as a leader in his College and Career Readiness class, and was working towards his goal of becoming a certified mechanic. Joel's attorney, Beth Baltimore of The Door's Legal Services Center, emphasized that her client "does not pose a threat to public safety" and has "fully complied with each and every imposed condition" from ICE. Baltimore noted that he has no criminal history aside from his detention by ICE upon entry into the United States to seek asylum with his mother. She urged the agency to stay his removal and allow him to remain in the city while pursuing permanent residency. Baltimore's filing highlighted the potential harm of removal, stating that deporting the teen now "would forever block him from accessing the protections Congress specifically enacted for the benefit of children like him" and undermine the intent of the SIJS statute. The 16-year-old is also a member of The Door, a youth development agency providing legal assistance, counseling, educational support, and career services. His attorney stated that these supports further reduce the risk of flight and enable him to continue his education safely in New York. ICE and U.S. attorneys for the Southern District of New York did not immediately respond to requests for comment. Mayor Eric Adams, however, said the cit is "proud to support his petition for justice." "Our public schools should be safe, nurturing places where any child can get the best education and the tools they need to succeed," said Adams following the filing of the amicus brief.



## Venezuelan military preparing guerrilla response in case of US attack

**Ajkal Desk**

Venezuela is deploying weapons, including decades-old Russian-made equipment, and is planning to mount a guerrilla-style resistance or sow chaos in the event of a U.S. air or ground attack, according to sources with knowledge of the efforts and planning documents seen by Reuters. The approach is a tacit admission of the South American country's shortage of personnel and equipment. The Reuters Tariff Watch newsletter is your daily guide to the latest global trade and tariff news. Sign up here. U.S. President Donald Trump has suggested the possibility of ground operations in Venezuela, saying "the land is going to be next" following multiple strikes on alleged drug-trafficking vessels in the Caribbean and a large U.S. military build-up in the region. He later denied he was considering strikes inside Venezuela.

Venezuelan President Nicolas Maduro, in power since 2013, says Trump is seeking to oust him and that Venezuelan citizens and the military will resist any such attempt. The U.S. military dwarfs Venezuela's, which is debilitated by a lack of training, low wages and deteriorating equipment, six sources familiar with Venezuela's military capabilities said.

Some unit commanders have even been forced to negotiate with local food producers to feed their troops because government supplies fall short, two sources with knowledge of state security forces told Reuters. That reality has led Maduro's government to bet on two potential strategies - including a guerrilla-style response referenced publicly, though without details, by high-ranking officials, and another which officials have not acknowledged.

**ANARCHY ON STREETS**

The guerrilla-style defense, which the government has termed "prolonged resistance" and mentioned in broadcasts on state television, would involve small military units at more than 280 locations carrying out acts of sabotage and other guerrilla tactics, according to the sources and several years old planning documents for the tactic seen by Reuters. The second strategy, called "anarchization," would use the intelligence services and armed ruling-party supporters to create disorder on the streets of capital Caracas and make Venezuela ungovernable for foreign forces, said one source with knowledge of defense efforts and another source close to the opposition. It was unclear when the government might deploy each of the tactics, which sources said are complementary, in case of U.S. attack. Any resistance strategy faces long odds of success, the sources acknowledged. "We wouldn't last two hours in a conventional war," said a source close to the government. Another source with knowledge of defense and security inside Venezuela said that the country was not "prepared or professionalized for a conflict," despite government assertions to the contrary. "We're not ready to face one of the world's most powerful and well-trained armies," the source said. The communications ministry, which handles media inquiries on behalf of the Venezuelan government, did not respond to questions. Government officials publicly have been dismissive of a U.S. military threat, though they have called for peace. "They think that with a bombing they'll end everything. Here in this country?" scoffed Interior Minister Diosdado Cabello on state television in early November, while Maduro has repeatedly praised the "soldiers of the homeland" as heirs of independence hero Simon Bolivar. "The aggression will be responded to with national unity," Defense Minister Vladimir Padrino said on Tuesday, amid renewed military exercises around the country. "We are ready here, we don't want war."

**SOLDIER SALARIES ARE LOW**

Maduro has enjoyed strong military loyalty by following the strategy of his predecessor Hugo Chavez, who placed officers in government roles as ministers or heads of state-run companies to ensure allegiance.

Military leadership backed Maduro's victory in the 2024 election, despite evidence, backed by many international observers, that the opposition candidate had resoundingly won. Venezuelan troops, however, have to deal with poor working conditions and there could be desertions in the event of an attack, the sources said. Rank-and-file soldiers earn roughly $100 a month in local currency - far short of the estimated $500 monthly cost of a basic food basket, according to April data from the Venezuelan Teachers Federation's Center for Documentation and Social Analysis. In recent years, their primary experience has been confronting unarmed civilians during street protests, the source close to the opposition said.

Maduro has said there are 8 million civilians training in militias to defend Venezuela, and some civilians have told Reuters in recent months that they are ready and willing to die to defend their homeland against a foreign force. But a source with defense and security knowledge estimated that in an anarchization scenario, just 5,000 to 7,000 people would participate, including intelligence personnel, armed ruling-party supporters and militia members. Meanwhile, there are some 60,000 members of the Army and National Guard that the government would deploy for its guerrilla-style "war of resistance," the source said.

**EQUIPMENT IS OLD**

The military's equipment - much of it Russian-made and decades-old - is lacking, the sources told Reuters. Venezuela bought some 20 Sukhoi fighter jets from the Russian company in Continued on page 26

# Mamdani opens floodgates of younger Democrats running for office

**Shah Nawaz**

New York City Mayor-elect Zohran Mamdani's insurgent campaign has driven a surge of younger Democratic candidates running for office and provided a road map for a new generation of politicians. Since last Tuesday, more than 4,000 people inquired about running for office through Run for Something, Ally Boguhn, its senior communications and marketing director, told The Hill. She credited the 34-year-old Mamdani's win with driving up registrations.

"When polls closed in New York, and they started calling that race, we saw another spike," she said. Candidates inspired by Mamdani and already running for office know they won't exactly replicate his campaign, whether due to volunteer and financial limitations or regional political differences. But they're still hoping to adapt his strategies to win their own races.




"I really think that me and all of the other progressives that are running, especially the Gen Z's that are running, we are all up against titans within our own races," said Courtney McClain, a 24-year-old running to unseat Rep. William Timmons (R) in a deep-red South Carolina district. "Seeing Mamdani's victory, we know we can also slay those titans." Mamdani faced off against former New York Gov. Andrew Cuomo (D), who ran as an independent after losing in the Democratic primary in June. Mamdani outperformed Cuomo then and maintained this momentum to win the general election, bolstering historic voter turnout in the city's mayoral race. Boguhn said his victory last week wasn't the first surge of interested political candidates Mamdani had sent Run for Something's way. More than 10,000 signed up to run for office with the organization in the two weeks following the June primary, which the organization called the largest "organic surge of candidate recruitment" it had ever seen. "Whenever there's a younger person who runs and gets elected, younger people decide that they want to jump on board," Democratic strategist Ameshia Cross said. "That's not necessarily new to Mamdani or something that's novel to him at all."

But she conceded there were aspects of his campaign that inspired other candidates running for office. Social media star Kat Abughazaleh, a Democrat who is facing off against Evanston mayor Daniel Biss (D) in a high-profile race for retiring Rep. Jan Schakowsky's (D-Ill.) seat, cited Mamdani's mayoral bid as inspiration for her own campaign. Tennessee state Rep. Justin Pearson (D), who knew Mamdani in college, said he was "completely inspired" by Mamdani's campaign as he runs against 76-year-old Rep. Steve Cohen (D-Tenn.). "The volunteer strategy was phenomenal," Pearson said. "I believe in people-power movements to create change, and he helped create and curate a people-power campaign that I think was absolutely inspiring for people in New York and outside of New York." Pearson added that Mamdani's race allowed people across the country to get involved in a race where they could exert influence, which offered hope to "people who live in states where they feel their influence may not exist in the same ways that they wish for it to."

For others, it's the upset nature of Mamdani's win that was so inspiring. The state Assembly member was polling at 1 percent in February. Last week, he was elected mayor with more than half the city's vote. "I know he was counted out," said McClain, the South Carolina House candidate. "And being a young Black woman in the South, in a district that has been red for over 30 years, a lot of people are also counting us out here." Like Mamdani, McClain hopes to strengthen voter turnout. Mamdani's campaign focused on boosting voter registration among demographics that typically turned out to the polls in lesser numbers, as well as first-time voters. "I really want to tackle rural areas and knock on those doors and speak to people who have never been spoken to before, especially within South Carolina," McClain said, adding that she plans on meeting voters "where they're at" so she can build a campaign where "organized people beat organized money."

But Olivia Julianna, a youth Democratic strategist, warned that people seeking to replicate Mamdani's campaign may find his strategies ineffective. She praised Mamdani's social media strategy — which netted him millions of views across platforms such as TikTok, X, and Instagram — but questioned whether others could replicate its success. "I think that we'll see more campaigns and more elected officials using those strategies in the future, but it's not something that you can just copy and paste," she said. Julianna instead pointed to how Mamdani's campaign messaging closely informed his social media strategy, including the mayor-elect talking to voters in New York City and posting videos of the interactions online. "I think that if candidates and campaigns are going to try to replicate the style of video that he was producing and posting online, they also have to replicate the substance of going and talking to voters and getting their perspectives. … Because I think the style of the substance of the campaign that Zohran ran in New York is effective," Julianna said. Other candidates could use this formula, but they would have to tailor their platforms to local issues faced by voters, Julianna added. She said voters weren't just interested in Democrats fighting President Trump and his agenda — they wanted candidates who ran on platforms that would tangibly improve their lives. "Zohran is not necessarily the kind of candidate that you're going to have running for a city council seat in South Carolina, because the issues are different," she said. "The issues are different, the candidates are different, but the formula has to be the same." Royce Mann, a Generation Z candidate running for Continued on page 26









# Families still cry for justice

**Ajkal Desk**

Families of slain journalist couple Sagar Sarwar and Meherun Runi, Cumilla cultural activist Sohagi Jahan Tonu, Narayanganj student Tanwir Muhammad Taqi, and college student Mosarat Jahan Munia still cry for justice as the murder cases have remained unsolved for years. All the cases share a pattern – high public profile, early promises from authorities, repeated delay in investigation or issuing clean-chits despite the family's objection and no final accountability for the perpetrators.

Journalist couple Sagar Sarwar and Meherun Runi were killed in their Dhaka apartment in February 2012, Taqi was killed in Narayanganj in March 2013, Tonu was raped and murdered in Cumilla in March 2016 and Mosarat Jahan Munia was found dead in a Gulshan apartment in April 2021. The incidents triggered nationwide protests demanding justice and bringing the perpetrators to book. The families of the victims expressed utter dissatisfaction over the delay in the completion of the investigations into the cases.

Maasranga Television news editor Sagar Sarowar and his wife and ATN Bangla senior reporter Meherun Runi were killed in their rented apartment in the capital's West Rajabazar area on February 11, 2012. Their son Mahir Sarowar Megh, then four-and-a-half-year-old and now 19, was at home during the murder. Runi's brother Nowsher Roman then filed a case with Sher-e-Bangla Nagar police station in connection with the murders. The investigators, in the past 13 years, took time from the court for 118 times to submit the investigation report. 'After the political change in 2024, we hoped that we would get justice. But, I am hopeless now as there is very little progress in the investigation,' Nowsher said.

Police Bureau of Investigation's additional superintendent of police Md Azizul Haque, who is now investigating the case, said that they were trying their best to solve the case. He, however, refrained from commenting on whether the investigation was in progress.

Taqi, an A-level student and son of cultural activist and rights campaigner Rafiur Rabbi in Narayanganj, was abducted on March 6, 2013 while he was going to a local library from his Shahesta Khan Road home. His body, bearing several wounds, was found floating in the Shitalakkhya River on March 8, 2013.

Taqi's father Rafiur Rabbi told New Age that he wanted to be hopeful that the long-awaited justice would be served soon.

'I spoke to the investigators of the case and told them that the probe report must be accurate so that not a single perpetrator can escape punishment for what they did to my son,' he added.

RAB-11 commanding officer Lieutenant Colonel HM Sajjad Hossain told New Age that their investigation was going on.

'After verifying all collected information and evidence, a charge sheet will be submitted to the court. Further information will be shared after the completion of the investigation,' he added. Continued on page 26

# I would never disrespect a woman: Irfan Sajjad

**Anik Raj**

A new series titled "Eta Amaderi Golpo", featuring Irfan Sajjad, has recently begun airing. Directed by Mohammad Mostafa Kamal Raz, the project also stars Khairul Basar, Sunerah Binte Kamal, and Keya Payel. "I've mentioned before that I'm focusing more on films and being selective about television work. However, the way this series has been designed is very rich—it carries the production values of OTT content. I can confidently say no television series in Bangladesh has been made with such arrangements."

The series premiered on November 5 on Cinemawala YouTube channel, with Channel i as its television partner. Irfan also revealed that he will soon begin work on an OTT project directed by Sumon Dhar for iScreen. "After quite some time, I've taken up a web project," he said. At this stage of his career, Irfan wants to focus on exclusive and festive projects. "I'm being very selective now, as I'm preparing myself for the silver screen and avoiding average work," he added. In a short span, two of Irfan's films— "Vhoyal" (November 2024) and "Ali" (July 2025)—were released, both directed by Biplob Hayder. Reflecting on the audience's response, Irfan noted, "Both films were made by new production houses. I believe the response could have been stronger with broader marketing and promotions. Large-scale campaigns help projects reach their audience—something these films lacked, no matter how good the project is." Currently in talks with several production houses, Irfan hopes to collaborate with established directors and major banners in the near future. Last week, an incident on social media left actor Irfan Sajjad deeply disturbed. Speaking to Reporters, he shared his side of the story. "My colleagues, friends, and followers know that I often post about cricket—and most of my posts are sarcastic," Irfan said. "After Rubaba Dowla ma'am was appointed as a director of the Bangladesh Cricket Board (BCB), I made a sarcastic post saying that now, at least if the boys don't perform well, there's no hope. It was meant humorously and positively, not in a negative or sexist way. What I meant was that for us, the boys, Rubaba ma'am is a diva—someone beautiful, brilliant, and admirable. Unfortunately, some radical feminists took it offensively. When I saw the situation escalating and hatred spreading, I chose not to argue and preferred peace over drama." *(Source-Daily Star)*






# হরমোন জীবন ও যৌবনের সঙ্গী

ডা. এম এ হালিম খান



শরীরকে প্রায়ই একটি যন্ত্রের সঙ্গে তুলনা করা যায়। যন্ত্রের কাজ চলে বিদ্যুৎ দিয়ে, আর মানুষের শরীর চলে হরমোনের অদৃশ্য শক্তিতে। হরমোন হলো বিশেষ রাসায়নিক বার্তাবাহক যা রক্তের মাধ্যমে শরীরের অঙ্গ-প্রত্যঙ্গে বার্তা পৌছে দেয় এবং প্রতিটি অঙ্গকে সঠিকভাবে কাজ করতে সাহায্য করে। জন্মের মুহূর্ত থেকে শুরু করে শৈশব, কৈশোর, যৌবন, মধ্য বয়স, এমনকি বার্ধক্য ও মৃত্যুর সময়েও মানুষের প্রতিটি ধাপেই হরমোন নীরবে নিয়ন্ত্রণ চালিয়ে যায়।

ভ্রূণের গঠন, শিশুর বৃদ্ধি, কিশোরের কণ্ঠস্বর ভারী হয়ে ওঠা, নারীর মাসিক চক্র, মায়ের মাতৃত্ব, পুরুষের পিতৃত্ব, বয়ঃসন্ধির উত্তেজনা, যৌবনের স্বপ্ন, এমনকি বার্ধক্যের ক্লান্তি- সবই আসলে হরমোনের মাধ্যমে পরিচালিত। হরমোন যেন আমাদের জীবনের নেপথ্যের পরিচালক; আমাদের সুখ-দুঃখ, শক্তি-দুর্বলতা, ইচ্ছা-অনিচ্ছা সবই কোনো না কোনোভাবে এর সঙ্গে জড়িয়ে আছে।

চলুন, বিজ্ঞানের আলোকে দেখে নেই জন্ম থেকে মৃত্যু পর্যন্ত হরমোন কীভাবে আমাদের জীবনের প্রতিটি অধ্যায়কে প্রভাবিত করে।

*** গর্ভকালীন জীবন : অস্তিত্বের সূচনা**

মানুষের জীবনের শুরু হয় মাতৃগর্ভে। এ সময় হরমোনের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

এইচসিজি : গর্ভধারণ বজায় রাখে।

ইস্টোজেন ও প্রোজেস্টেরন : ভ্রূণকে সুরক্ষিত পরিবেশ দেয় এবং জরায়ু প্রস্তুত করে।

থাইরয়েড হরমোন : ভ্রূণের মস্তিষ্ক ও স্নায়ুতন্ত্রের

এরপর ২৮ পৃষ্ঠায়



# তরুণদের রাতের জীবনধারা: স্বাস্থ্যঝুঁকি ও সমাধান

ডা. মুহাম্মাদ মাহতাব হোসাইন মাজেদ

আজকের প্রযুক্তিনির্ভর যুগে তরুণদের জীবনধারায় এসেছে ব্যাপক পরিবর্তন। দিনভর কর্মব্যস্ততা, পড়াশোনার চাপ, সামাজিক যোগাযোগমাধ্যমের প্রভাব এবং অনলাইন বিনোদনের সহজলভ্যতাড়সব মিলিয়ে রাতের নিস্তব্ধতা এখন আর কেবল বিশ্রামের সময় নয়। বরং অনেক তরুণের জন্য রাত মানে স্বাধীনতা, আনন্দ, যোগাযোগ কিংবা ব্যক্তিগত সময় কাটানোর সুযোগ। কিন্তু এই রাতকেন্দ্রিক জীবনধারা অজান্তেই তরুণদের শারীরিক, মানসিক ও সামাজিক স্বাস্থ্যের ওপর মারাত্মক প্রভাব ফেলছে।

**রাতের প্রলুব্ধতা: সমস্যা কোথায়?**

রাতের প্রলুব্ধতা হলো সেই মানসিক প্রবণতা, যখন মানুষ বিশ্রাম না নিয়ে রাতকে কাজে, বিনোদনে বা সামাজিক সংযোগে ব্যয় করে। তরুণদের মধ্যে এই প্রবণতা ক্রমেই বাড়ছে। এর কয়েকটি মূল কারণ হলোড়

**সোশ্যাল মিডিয়ার আকর্ষণ:** ফেসবুক, ইনস্টাগ্রাম, টিকটক বা ইউটিউবের অনন্ত স্ক্রলিং ঘুমের সময় কেড়ে নিচ্ছে।

**গেমিং ও অনলাইন বিনোদন:** আধুনিক গেম ও ওয়েব সিরিজ রাতের নিস্তব্ধ সময়কে বিনোদনের সোনালী সময়ে পরিণত করছে।

**মনোভাবগত পরিবর্তন:** অনেকেই মনে করেন, রাতই মনোযোগী কাজ বা পড়ার সেরা সময়।

**একাকীত্ব ও মানসিক চাপ:** কেউ কেউ রাতকে নিজের একান্ত সময় হিসেবে দেখে, যা ধীরে ধীরে অনিদ্রার অভ্যাসে পরিণত হয়।

গবেষণায় প্রমাণিত, রাতের জাগরণে শরীরের বায়োলজিক্যাল ক্লক বা সার্কাডিয়ান রিদম ব্যাহত হয়। এটি মানসিক স্থিতিশীলতা, হরমোন নিয়ন্ত্রণ, রোগ প্রতিরোধ এবং বিপাকীয় প্রক্রিয়ায় নেতিবাচক প্রভাব ফেলে।

**শারীরিক স্বাস্থ্যঝুঁকি**

রাতের জীবনধারার প্রভাব শুধু ক্লান্তিতে সীমাবদ্ধ নয়; এটি শরীরের ভেতরের প্রায় প্রতিটি অঙ্গপ্রত্যঙ্গে নেতিবাচক ছাপ ফেলে।

**১. ঘুমের ঘাটতি ও ক্লান্তি:** পর্যাপ্ত ঘুমের অভাবে মনোযোগ, স্মৃতিশক্তি ও সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা কমে যায়।

**২. হৃদরোগের ঝুঁকি:** দীর্ঘদিন রাত জেগে থাকা রক্তচাপ ও হার্টবিটের ভারসাম্য নষ্ট করে, যা হৃদরোগের ঝুঁকি বাড়ায়।

**৩. ওজন বৃদ্ধি ও মেদ জমা:** রাতে জাঙ্ক ফুড খাওয়া, অনিয়মিত খাবার ও শারীরিক নিষ্ক্রিয়তা স্থূলতার পথ প্রশস্ত করে।

এরপর ৩৮ পৃষ্ঠায়

# শীতে শিশু থাকুক সযত্নে

ডা. নাদিরা মোছাব্বির



শীত আসছে। শীতে শিশু নানারকম রোগে আক্রান্ত হয় যেমন-জ্বর, সর্দি, কাশি, গলাব্যথা, ডায়রিয়া ইত্যাদি। শীতে ধুলাবালির পরিমাণ অন্য সময়ের তুলনায় বেশি থাকে, তাই এ সময় শিশুদের বাড়তি যত্ন প্রয়োজন। অভিভাবকদের এসময় বিশেষ সচেতন থাকতে হবে। শিশুদের ধুলোবালি থেকে যতটা সম্ভব দূরে রাখতে হবে।

বাইরে বের হলে অবশ্যই মাস্ক ব্যবহার করতে হবে। শিশুর অল্প কাশি হলে মধু, আদার রস খাওয়ানো যেতে পারে। শিশুকে নিয়মিত গোসল করাতে হবে। তবে আবহাওয়া বেশি ঠান্ডা থাকলে একদিন বিরতি দিয়ে গোসল করাবেন। গোসলের সময় অবশ্যই কুসুম গরম পানি ব্যবহার করতে হবে। গোসলের পর সঙ্গে সঙ্গে শুষ্ক তোয়ালে দিয়ে শরীর মুছে দিয়ে জামা কাপড় পরিয়ে দিতে হবে। শীতে শিশুদের ত্বক অনেক শুষ্ক হয়ে যায়, তাই ত্বকেরও বাড়তি যত্ন প্রয়োজন। এসময় নিয়মিত শিশুদের ত্বক অনুযায়ী ময়েশ্চারাইজার এবং অলিভ অয়েল ব্যবহার করতে হবে। শিশুর এসময় আরামদায়ক উষ্ণ পোশাক পরাতে হবে। বেশি শীতের সময় মোটা সোয়েটার, পায়ে মোজা পরাতে হবে। তবে খেয়াল রাখতে হবে শিশু যেন ঘেমে না যায়। রাতে ঘুমানোর সময়

এরপর ২৮ পৃষ্ঠায়

# রক্ত জমাট না বাঁধার নীরব ঘাতক

## হাইপোফাইব্রিনোজেনেমিয়া

ডা. মো. কামরুজ্জামান

*** ফাইব্রিনোজেন কী**

ফাইব্রিনোজেন হলো একটি প্রোটিন, যা মূলত আমাদের লিভারে তৈরি হয়। এটি রক্ত জমাট বাঁধার চূড়ান্ত ধাপে অপরিহার্য ভূমিকা পালন করে। যখন রক্তক্ষরণ হয়, তখন জমাট বাঁধার অন্য ফ্যাক্টরগুলো একটি ক্যাসকেডের মাধ্যমে সক্রিয় হয়ে শেষ পর্যন্ত থ্রোম্বিন নামক এনজাইম তৈরি করে। এ থ্রোম্বিন ফাইব্রিনোজেনকে ফাইব্রিন-এ রূপান্তরিত করে। ফাইব্রিন অদৃশ্য সুতার মতো একটি জাল তৈরি করে, যা অণুচক্রিকাগুলোকে (প্লেটলেট) ধরে রাখে এবং একটি শক্তিশালী ক্লট বা থ্রম্বাস গঠন করে, ফলে রক্তপাত বন্ধ হয়। তাই, ফাইব্রিনোজেন ছাড়া কার্যকরীভাবে রক্ত জমাট বাঁধা অসম্ভব।



হাইপোফাইব্রিনোজেনেমিয়া হতে পারে দুভাবে : জন্মগত (Congenital) বা অর্জিত (Acquired)।

*** জন্মগত হাইপোফাইব্রিনোজেনেমিয়া**

এটি একটি বিরল জেনেটিক বা বংশাণুগত রোগ, যা পিতা-মাতা থেকে সন্তানের মধ্যে হয়। এখানে লিভার ফাইব্রিনোজেন তৈরি করতে অক্ষম হয় বা খুবই অল্প পরিমাণে তৈরি করে। এর মধ্যে আরও কয়েকটি উপপ্রকার আছে-

**আফাইব্রিনোজেনেমিয়া:** এতে রক্তে ফাইব্রিনোজেনের মাত্রা প্রায় শূন্য হয়ে যায়। এটি অত্যন্ত বিপজ্জনক।

**হাইপোফাইব্রিনোজেনেমিয়া:** এতে ফাইব্রিনোজেনের মাত্রা স্বাভাবিকের চেয়ে কম থাকে, কিন্তু সম্পূর্ণ অনুপস্থিত থাকে না।

*** অর্জিত হাইপোফাইব্রিনোজেনেমিয়া**

এটি বেশি সাধারণ এবং অন্যান্য রোগ বা অবস্থার

এরপর ২৮ পৃষ্ঠায়

# ক্যান্সার, কিডনি ও হৃদরোগের বিশেষ চিকিৎসা কেন্দ্রের কার্যকারিতা বৃদ্ধিতে সুপারিশ



ডা. আরমান রেজা চৌধুরি

আমরা সবাই জানি, সরকার ইতোমধ্যে ৮টি বিভাগে ক্যান্সার, কার্ডিওলজি ও নেফ্রোলজির জন্য ৮টি আঞ্চলিক কেন্দ্র স্থাপন করেছে। অনেক স্থানে বহু-তলা ভবনের নির্মাণ সম্পন্ন হয়েছে, কিছু স্থানে কাজ এখনও চলমান।

কিন্তু শুধু ভবন তৈরি করলেই সেটি কার্যকর হয় নাড় কার্যকারিতা নিশ্চিত করাই আসল চ্যালেঞ্জ।

এই কার্যকারিতা আনতে গেলে প্রয়োজন বিপুল পরিমাণ বিনিয়োগ, যা সরকারের একার পক্ষে তাৎক্ষণিকভাবে বাস্তবায়ন করা কঠিন।

কার্যকর সেবা প্রদানের জন্য প্রয়োজন আধুনিক যন্ত্রপাতি, দক্ষ মানবসম্পদ, ও কার্যকর ব্যবস্থাপনাড় যা এখন মূল চ্যালেঞ্জ।

**মূল চ্যালেঞ্জসমূহ**

**১. বিনিয়োগ ঘাটতি:** আধুনিক চিকিৎসা যন্ত্রপাতি ও প্রযুক্তি স্থাপনে বিপুল অর্থের প্রয়োজন।

**২. দক্ষ জনবল সংকট:** প্রশিক্ষিত বিশেষজ্ঞ চিকিৎসক, টেকনোলজিস্ট ও ফিজিসিস্টের সংখ্যা সীমিত।



**৩. অপারেশনাল বিলম্ব:** সরকারি প্রক্রিয়াজনিত জটিলতা ও বাজেট সীমাবদ্ধতার কারণে ভবনগুলো কার্যকর হতে সময় লাগছে।

নীতিগত প্রস্তাবনা: PPP (Public–Private Partnership) মডেল:

PPP মডেল বাস্তবায়নের মাধ্যমে সরকার ও বেসরকারি খাত একসাথে কাজ করতে পারে, যেখানেড়

১. সরকার দেবে জমি ও ভবন (ইতোমধ্যে নির্মিত বা নির্মাণাধীন)।

২. বেসরকারি অংশীদাররা বিনিয়োগ করবে যন্ত্রপাতি, প্রযুক্তি, মানবসম্পদ উন্নয়ন ও পরিচালন ব্যবস্থায়।

৩. একটি চুক্তিনির্ভর লাভ বণ্টন ব্যবস্থা থাকবে, যেখানে উভয় পক্ষের আর্থিক ও প্রশাসনিক স্বার্থ সুরক্ষিত থাকবে।

৪. যৌথ ব্যবস্থাপনা বোর্ড গঠন করা হবে যাতে নীতি ও সিদ্ধান্ত গ্রহণে সমতা বজায় থাকে।

এরপর ২৭ পৃষ্ঠায়



ভালোবাসা সবার তরে,
ঘৃণা নয়কো কারো পরে

Love for all, hatred for none

বাংলাডেস্ক যুক্তরাষ্ট্রের ভূবনে স্বাগতম

**For more information contact:**
Bait-uz-Zafar 188-15 McLaughlin Ave, Hollis NY 11423
(347) 530-5791

بسم الله الرحمن الرحيم

নিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হযরত মির্যা মসরূর আহমদ খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) গত ১৪ই জুন, ২০২৪ তারিখে যুক্তরাজ্যের (ইসলামাবাদস্থ) মসজিদে মুবারকে প্রদত্ত জুমুআর খুতবায় '**বনু নযীর**' এর যুদ্ধের ঘটনা বিশদভাবে উল্লেখ করেন এবং দু'জন শহীদের স্মৃতিচারণের পাশাপাশি পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষভাবে দোয়ার আহ্বান জানান।

তাশাহুদ, তা'উয ও সূরা ফাতিহা পাঠের পর হুযূর (আই.) বলেন, আজ বনু নযীরের যুদ্ধের কিছু ঘটনা বর্ণনা করবো। বনু নযীর গোত্রের পরিচিতি হলো, এরা মদীনার ইহুদীদের একটি বংশ ছিল। কোনো কোনো ঐতিহাসিক লিখেছেন, বনু নযীর খয়বরের ইহুদীদের একটি গোত্র ছিল এবং তাদের বসতিকে **যাহরা** বলা হতো। মহানবী (সা.) যখন মদীনায় আগমন করেন তখন বনু নযীর গোত্রের নেতা ছিল **হুয়াই বিন আখতাব**। তার পিতৃপুরুষের ষষ্ঠ প্রজন্মে নযীর বিন নাহামের নাম পাওয়া যায়, যার নামে এই গোত্রটি বনু নযীর নামে প্রসিদ্ধি লাভ করে। **উম্মুল মু'মিনীন হযরত সাফীয়া (রা.) বনু নযীরের নেতা হুয়াই বিন আখতাবের কন্যা ছিলেন**। ইতিহাসের গ্রন্থাবলীতে লেখা আছে, হুয়াই বিন আখতাবের বংশধারা হযরত মূসা (আ.)-এর ভাই হযরত হারূন (আ.)-এর সাথে গিয়ে মিলিত হয়। হুয়াই এর বংশে কতিপয় ব্যক্তি নবুওয়্যতের সম্মানে ধন্য হয়েছিলেন, যাদের কারণে সে গর্বিত ছিল। আর এই অহংকারের কারণেই সে বলতো, **আল্লাহ্ তা'লা আমাদের প্রতি ইহকালেও দয়ালু এবং পরকালেও আমাদের প্রতি স্নেহ ও অনুগ্রহ করবেন। তিনি আমাদেরকে পাপের কারণে কয়েকদিন শাস্তি দিবেন, অবশেষে জান্নাতই হবে আমাদের স্থায়ী নিবাস**। এই বংশীয় আত্মগরিমা ও ঔদ্ধত্যের কারণেই হুয়াই মহানবী (সা.)-এর শিক্ষামালা থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল। অবস্থানের নিরিখে বনু নযীর গোত্রটি মসজিদে কুবা থেকে আধা মাইল দূরে উত্তর পূর্ব দিকে (অবস্থিত) ছিল। আর মদীনার মধ্যভাগে এর বসতি প্রথমে আসতো এবং মসজিদে কুবা এর থেকে কিছুটা দূরত্বে দক্ষিণ পার্শ্বে অবস্থিত ছিল।

**চতুর্থ হিজরীর রবিউল আউয়াল (মাসে) বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়**। এক ভাষ্য অনুসারে এটি উহুদের যুদ্ধের পূর্বের ঘটনা আর ইমাম বুখারীর ভাষ্যও এটিই। তবে ইমাম বুখারী (রহ.) এখানে একথাও লিখেছেন যে, ইবনে ইসহাকের মতে এই যুদ্ধ উহুদ ও বি'রে ম'উনার পরে হয়েছিল। যদিও আল্লামা ইবনে কাসীর ছাড়াও অধিকাংশ ঐতিহাসিক এবং জীবনীকার বলেছেন, উহুদের যুদ্ধের পরেই বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়েছিল। বনু নযীরের যুদ্ধের প্রেক্ষাপট হলো, মক্কার কুরাইশ কাফিররা বদরের যুদ্ধের পূর্বে আব্দুল্লাহ বিন উবাই বিন সলূল এবং অওস ও খাযরাজ গোত্রের অন্যান্য প্রতিমাপূজারীদের লিখেছিল, {তখন মহানবী (সা.) মদীনায় ছিলেন। } তোমরা আমাদের সঙ্গীকে আশ্রয় দিয়েছ। মদীনায় তোমাদের সংখ্যা সবচেয়ে বেশি। আমরা শপথ করে বলছি, হয় (তোমরা) তাদের সাথে যুদ্ধ করো অথবা তাদেরকে নিজেদের শহর থেকে বহিস্কার করো; নতুবা আমরা গোটা আরবকে ঐক্যবদ্ধ করে তোমাদের ওপর আক্রমণ করবো। তোমাদের যোদ্ধাদের সাথে যুদ্ধ করবো, তোমাদের নারী ও শিশুদের (নির্মমভাবে) হত্যা করবো। যখন ইবনে উবাই এবং অন্য প্রতিমাপূজারীরা এই পত্র পায় তখন তারা একে অপরকে বার্তা পাঠায় এবং মহানবী (সা.) ও তাঁর সাহাবীদের সাথে যুদ্ধ করার জন্য দৃঢ় সংকল্প করে। এই সংবাদ পাওয়ার পর মহানবী (সা.) তাঁর সাহাবীদের একটি দলকে নিয়ে মদীনার নেতাদের সাথে সাক্ষাৎ করেন। তিনি (সা.) বলেন, কুরাইশরা তোমাদেরকে কঠোর হুঁশিয়ারি দিয়ে পত্র লিখেছে। এই পত্র তোমাদেরকে কোনো ধোঁকায় যেন না ফেলে, পাছে তোমরা স্বয়ং ধোঁকা ও প্রতারণার শিকার হয়ে নিজেদেরই ভাই ও পুত্রদের সাথে আবার যুদ্ধ করতে না আরম্ভ করো। মহানবী (সা.)-এর একথা শোনে তারা বিষয়টি অনুধাবন করতে পারে এবং নিজেদের সংকল্প স্থগিত করে আর ছত্রভঙ্গ হয়ে যায়। এভাবে মক্কার কুরাইশের এই হুমকি আর শেষ পর্যন্ত কার্যকর হয়নি।

এরপর কুরাইশরা বদরের যুদ্ধের পর ইহুদীদের কাছে একটি পত্র লিখে যে, তোমাদের কাছে অস্ত্র আছে আর তোমরা দুর্গেরও মালিক। হয় তোমরা আমাদের সহযোগী হয়ে যুদ্ধ করো নতুবা আমরা তোমাদের ওপর আক্রমণ করবো এবং তোমাদের পুরুষদেরকে হত্যা করবো আর তোমাদের নারীদেরকে আমাদের দাসী বানাবো। এই পত্র যখন ইহুদীদের কাছে পৌঁছায় তখন বনু নযীর গোত্র মহানবী (সা.)-কে ধোঁকা দেয়ার জন্য সহমত হয়, কেননা ইহুদী গোত্রগুলো তো আগে থেকেই সুযোগ খুঁজছিল যাতে মুসলমানদের আধিপত্য ও ক্ষমতার যতদ্রুত সম্ভব অবসান করা যায়। এ পর্যায়ে তারা এমন দুরভিসন্ধি করার চিন্তা করে যাতে মহানবী (সা.)-কে নাউযুবিল্লাহ্ হত্যা করা যায়। অতএব, তারা তাঁর সমীপে সংবাদ প্রেরণ করে যে, আপনি আপনার ত্রিশজন সাহাবীকে নিয়ে আসুন, আমাদের ত্রিশজন আলেমও আপনার সামনে উপস্থিত হবে; এমনকি আমরা এমন এক স্থানে মিলিত হবো যা আমাদের এবং আপনাদের পছন্দের হবে। আমাদের লোকেরা আপনার কথা শুনবে। তারা যদি আপনাকে সত্যায়ন করে অর্থাৎ ইহুদী আলেমরা যদি আপনার প্রতি ঈমান আনয়ন করে তাহলে আমরাও আপনার প্রতি ঈমান আনব। পরের দিন মহানবী (সা.) ত্রিশজন সাহাবীকে সাথে নিয়ে তাদের উদ্দেশ্যে যাত্রা করেন। ত্রিশজন ইহুদী আলেমও তাঁর কাছে আসে। ইহুদীরা যখন খোলা প্রান্তরে আসে তখন তারা পরস্পরকে বলে, তোমরা তাঁর ওপর কীভাবে আক্রমণ করবে? কেননা তাঁর সাথে ত্রিশজন সঙ্গী রয়েছেন। ত্রিশজন সঙ্গীর উপস্থিতিতে আক্রমণ করা তো কঠিন আর তারা এমন সঙ্গী, যারা তাঁর জন্য প্রাণ বিসর্জন দিতেও কুণ্ঠাবোধ করবে না। তখন ইহুদীরা তাঁর কাছে পুনরায় এই সংবাদ প্রেরণ করে যে, আমরা ষাটজন পরস্পর কীভাবে প্রজ্ঞাপূর্ণ আলোচনা করবো? আপনি এক কাজ করুন, তিনজন সঙ্গীকে নিয়ে আসুন আর আমরাও আমাদের তিনজন আলেমকে নিয়ে আসবো, তারা আপনার আলোচনা শুনবে। তখন তিনি (সা.) তিনজন সাহাবীকে সাথে নিয়ে আসার প্রস্তাবটি গ্রহণ করেন। তিনজন ইহুদী আলেমও রওয়ানা হয় আর ঐ ইহুদীদের কাছে খঞ্জর বা ধারালো ছুরি ছিল। তারা মহানবী (সা.)-এর ওপর আক্রমণ করতে চাচ্ছিল। যাহোক, মহানবী (সা.) যাত্রার জন্য প্রস্তুত ছিলেন, পথিমধ্যেই বনু নযীরের একজন হিতাকাঙ্খী নারী একজন আনসারী মুসলমানকে এবং পরে মহানবী (সা.)-কে বনু নযীরের সকল চক্রান্তের কথা বলে দেয়। তাই মহানবী (সা.) ইহুদীদের কাছে না গিয়ে মদীনায় ফেরত চলে আসেন।

এই যুদ্ধের আরেকটি কারণ বর্ণনা করতে গিয়ে একজন রচয়িতা লিখেছেন, বনু নযীর গোত্র সংগোপনে কুরাইশের কাছে বার্তা পাঠায় আর তাদেরকে মহানবী (সা.)-এর বিরুদ্ধে যুদ্ধ করতে প্ররোচিত করে বরং তাদেরকে মুসলমানদের প্রতিরক্ষা-খাতের কিছু দুর্বলতার কথাও জানিয়ে দেয়। কোনো কোনো বর্ণনা অনুযায়ী উহুদের যুদ্ধের পূর্বে ইহুদীরাও মক্কার কুরাইশকে চরমভাবে উত্তেজিত করেছিল যার ফলশ্রুতিতে উহুদের যুদ্ধ সংঘটিত হয়েছিল।

এ যুদ্ধের একটি গুরুত্বপূর্ণ ও তাৎক্ষণিক কারণ এটিও বর্ণনা করা হয় যে, বি'রে ম'উনা থেকে প্রত্যাবর্তনের সময় যখন হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বনু আমেরের দু'জনকে হত্যা করেছিলেন যাদের সাথে মুসলমানদের সন্ধিচুক্তি ছিল, তাই তাদেরকে রক্তপণ প্রদান আবশ্যক ছিল। এ উদ্দেশ্যে মহানবী (সা.) বনু নযীরের কাছে গিয়েছিলেন, কেননা মহানবী (সা.) ইহুদীদের সাথে যে সন্ধিচুক্তি করেছিলেন এর একটি ধারায় ছিল, '**আইয়া'ওয়ানুহু ফীদ্ দিয়াত**' অর্থাৎ তারা রক্তপণের ব্যাপারে মুসলমানদের সাথে সহযোগিতা করবে। এই ঘটনার বিশদ বিবরণ হলো, হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) যখন মহানবী (সা.)-এর নিকট এসে পুরো বৃত্তান্ত বর্ণনা করেন তখন তিনি (সা.) বলেন, তুমি খুবই অন্যায় কাজ করেছ। তাদের সাথে আমাদের চুক্তি এবং নিরাপত্তার শর্ত ছিল। হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বলেন, আমি এই সন্ধিচুক্তির বিষয়টি জানতাম না। আমি তাদেরকে মুশরিক মনে করতাম আর তাদের গোত্র আমাদের সাথে প্রতারণাও করেছে। হযরত আমর (রা.) তাদের মালপত্র এবং কাপড়-চোপড় সাথে করে নিয়ে এসেছিলেন। মহানবী (সা.) তাকে নির্দেশ দেন তাদের মালপত্র এবং কাপড়-চোপড় যেন তাদের শোকসন্তপ্ত পরিবারের কাছে ফেরত পাঠানো হয়। মহানবী (সা.) রক্তপণ সহ সেগুলো পাঠিয়ে দেন। মহানবী (সা.) শনিবার দিন বনু নযীর গোত্রের উদ্দেশ্যে রওয়ানা হন, মসজিদে কুবায় নামায পড়েন। প্রায় দশজনের মতো মুহাজির ও আনসার সাহাবী মহানবী (সা.)-এর সাথে ছিলেন। তিনি (সা.) বনু নযীরকে তাদের বৈঠকে উপবিষ্ট দেখতে পান। তিনিও তখন সেখানে আসন গ্রহণ করেন যাতে করে মৃত দুই ব্যক্তির রক্তপণ আদায়ের ব্যাপারে তাদের সাথে শলাপরামর্শ করতে পারেন, যেন তারা দু'জন নিহত ব্যক্তির রক্তপণ পরিশোধে তাঁকে সহযোগিতা করে।

এই যুদ্ধাভিযানের কারণ কি ছিল এ ব্যাপারে হযরত মির্যা বশীর আহমদ সাহেব এম, এ (রা.)'র একটি ভাষ্য পাওয়া যায় যা থেকে বিষয়টি আরও সুস্পষ্ট হয়। তিনি (রা.) লিখেন, এই যুদ্ধের কারণ বর্ণনা করতে গিয়ে প্রসিদ্ধ হাদীসবেত্তাগণ বিভিন্ন আঙ্গিক তুলে ধরেছেন আর এ কারণে এই যুদ্ধ ঠিক কখন আরম্ভ হয়েছিল সে ব্যাপারেও দ্বিমত রয়েছে। বনু নযীরের পক্ষ থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন যুদ্ধের সূচনা হয়েছে। সকল ঘটনাই নিজ নিজ সময় ও স্থান সাপেক্ষে সঠিক। কিন্তু সর্বশেষ যুদ্ধ সেটি ছিল যা বনু আমেরের দু'জন ব্যক্তির রক্তপণ আদায়ের সময় আরম্ভ হয়েছিল, বাকি আল্লাহ্ই ভালো জানেন। রক্তপণ আদায়ের ব্যাপারে মহানবী (সা.) একদল সাহাবীকে নিয়ে বনু নযীরের নিকট উপস্থিত হন এবং চুক্তি অনুসারে রক্তপণ আদায়ের বিষয়টি তাদের কাছে উত্থাপন করেন। তারা বলে, হ্যাঁ, আবুল কাশেম! আপনি খাবার খেয়ে নিন এরপর আমরা এ ব্যাপারে কথা বলছি। এভাবে বাহ্যিকভাবে ইহুদীরা খুবই হাস্যোজ্জ্বলভাবে মহানবী (সা.)-এর সাথে কথা বলে। কিন্তু ভেতরে ভেতরে তারা মহানবী (সা.)-কে হত্যার ষড়যন্ত্র করতে থাকে। তখন তিনি (সা.) তাদের বাড়ির এক দেয়ালের পাশে উপবিষ্ট ছিলেন। একজন বর্ণনাকারী ইহুদীদের মহানবী (সা.)-কে হত্যার ঘৃণ্য ষড়যন্ত্রের কথা উল্লেখ করতে গিয়ে লিখেন, বনু নযীরের সর্দার হুয়াই বলে, "**হে ইহুদীর দল! মুহাম্মদ (সা.) তাঁর কতিপয় সাথীকে নিয়ে তোমাদের কাছে উপস্থিত হয়েছে, তাদের সংখ্যা দশজনেরও কম। এই বাড়ির ছাদে উঠে বড় একটি পাথর ফেলে মুহাম্মদকে (সা.)-কে হত্যা করো, তোমরা এর চেয়ে উত্তম সুযোগ আর কখনো পাবে না। যদি তাকে মেরে ফেলতে পারো তাহলে তার সঙ্গীরা ছত্রভঙ্গ হয়ে যাবে। মক্কা থেকে আসা তোমাদের সাথীরা মক্কায় ফিরে যাবে এবং এখানে শুধু অওস ও খাযরাজ থাকবে, যারা তোমাদেরই মিত্র। তাই তোমরা যা করতে চাও, এখনই করো**"। একথা শুনে এক দুর্ভাগা ইহুদী আমর বিন জাহাশ বলে, "**আমি বাড়ির ছাদে উঠে পাথর ফেলে মুহাম্মদ (সা.)-কে (নাউযুবিল্লাহ্) হত্যা করবো**"। যখন এসব সলাপরামর্শ করা হচ্ছিল তখন **বনু নযীরের এক নেতা সালামা বিন মিশকাম বলে, "হে ইহুদীর দল! তোমরা চাইলে সারাজীবন আমার বিরোধিতা কোরো, কিন্তু আজ আমার কথা মেনে নাও। আল্লাহ্র কসম! মুহাম্মদ (সা.)-কে তোমাদের এই ষড়যন্ত্রের ব্যাপারে অবগত করা হবে। আর এটি আমাদের এবং তাদের মাঝে বিদ্যমান সন্ধিচুক্তির লঙ্ঘনও বটে।**" কিন্তু ইহুদীরা তার কথার কর্ণপাত না করে নিজেদের সিদ্ধান্তে অটল থাকে। হুযুর (আই.) বলেন, '**ইনশাল্লাহ্ আগামীতে বর্ণনা করা হবে যে, তারা কি পরিকল্পনা করেছিল এবং কীভাবে আল্লাহ্ তা'লা মহানবী (সা.)-কে রক্ষা করে তাদের ষড়যন্ত্রকে ব্যর্থ করে দিয়েছিলেন।**'

পরিশেষে হুযূর (আই.) পাকিস্তানের আহমদীদের জন্য দোয়ার আহবান জানিয়ে বলেন, '**পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষ দোয়ার আহবান করতে চাই। সম্প্রতি তাদের ওপর পুনরায় নির্যাতন শুরু হয়েছে। আল্লাহ্ তা'লা শীঘ্র পাকিস্তানের আহমদীদেরকে অত্যাচারের কবল থেকে মুক্তি দিন আর সেখানেও আমাদের পরিস্থিতি অনুকূল করে দিন। কেননা তুচ্ছাতিতুচ্ছ বিষয়কে কেন্দ্র করে তাদের বিরুদ্ধে মামলা-মোকদ্দমা ও নির্যাতনের চেষ্টা করা হচ্ছে।**' এরপর হুযূর (আই.) পাকিস্তানের দু'জন শহীদ ও একজন মরহুমের স্মৃতিচারণ করেন এবং নামাযের পর তাদের গায়েবানা জানাযা পড়ান। শহীদদের একজন হলেন, ৬৪ বছর বয়স্ক মুকাররম গোলাম সারোয়ার সাহেব আর অপরজন হলেন ৩২ বছর বয়স্ক শহীদ মুকাররম রাহাত আহমদ বাজওয়া সাহেব। মণ্ডী বাহাউদ্দিন জেলার সাদুউল্লাহপুরে গত ৮-ই জুন, ২০২৪ তারিখে একজন মাদ্রাসা ছাত্র সৈয়দ আলী রেযার গুলিতে তারা উভয়ই ঘটনাস্থলে শাহাদত বরণ করেন, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। হুযূর (আই.) তাদের সংক্ষিপ্ত স্মৃতিচারণ করার পর মুকাররম মালেক মুজাফফর খান সাহেবেরও স্মৃতিচারণ করেন এবং তাদের তিনজনের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করে দোয়া করেন, '**আল্লাহ্ তা'লা তাদের সাথে প্রতি দয়া ও ক্ষমাসুলভ আচরণ করুন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারকে ধৈর্য ধারণের তৌফিক দিন**' আমীন।

**[প্রিয় পাঠকবৃন্দ! হুযূরের খুতবা সম্পূর্ণ শোনার কখনোই কোনো বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ্য রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হুযূরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হুযূরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, www.mta.tv এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট www.ahmadiyyabangla.org -এ]**

**(সূত্রঃ কেন্দ্রীয় বাংলাডেস্ক লন্ডনের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)**

# MONIR SECURITY TRAINING SCHOOL

## 37-22 73 Street Suite # 1C
## Jackson Heights, NY 11372

# 347-659-8842

# 7 DAYS OPEN



আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)

## রাজনৈতিক অস্থিরতা: বিপর্যস্ত জীবন-জীবিকা

৬ পৃষ্ঠার পর

টিকে থাকতে হবে।

তো এই যখন দেশের অধিকাংশ মানুষের জীবনযাপনের স্তর ও বৈশিষ্ট্য, তখন একটি ন্যূনতম সভ্য রাষ্ট্রের নাগরিক হিসেবে তাদের মনের মধ্যে এ আকাঙ্ক্ষা থাকতেই পারে যে, এ রাষ্ট্র তথা এর পরিচালক ও রাজনীতিকেরা জনগণের জীবনযাপনের ক্ষেত্রে বিরাজমান সংকট নিয়ে দুশ্চিন্তাগ্রস্ত হবেন এবং তা দূরীকরণের উপায় নিয়ে গভীরভাবে চিন্তাভাবনা করবেন। যেহেতু অন্তর্বর্তী সরকারের সব চিন্তাই সংসদ নির্বাচন নিয়ে, তাই তারা এ বিষয়টির প্রতি তেমন নজর দিতে পারছে না। অন্যদিকে, ক্ষমতায় যেতে ইচ্ছুক রাজনীতিকেরা জনগণের জীবনযাপনের সে কষ্ট ও দুর্ভোগ নিয়ে উদ্বিগ্ন ও দুশ্চিন্তাগ্রস্ত হবেন তো দূরের কথা, তাঁদের কাছে জনগণ নিছকই ভোটের সময়কার বক্তৃতা-মাঠের মাথাগুনতির অলংকার ও উপকরণ মাত্র। আর সে কারণেই বিশ্বব্যাংক যখন তথ্য দেয় যে দারিদ্র্য আবার ফিরে আসছে, তখন মাঠের জীবনে অভ্যস্ত মানুষ হিসেবে ভয় হয়-বাংলাদেশ আবার দক্ষিণ সুদান, কঙ্গো বা মোজাম্বিকের দিকে যাত্রা করছে না তো?

দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে মানব উন্নয়ন সূচকে (এইচডিআই) বাংলাদেশ এই সেদিনও শ্রীলঙ্কা ও ভারত ব্যতীত অন্য পাঁচটি দেশের তুলনায় প্রায় সব কটি সূচকেই সুস্পষ্টভাবে এগিয়ে ছিল। এমনকি বেশ কিছু ক্ষেত্রে বাংলাদেশের অবস্থান ছিল শ্রীলঙ্কা ও ভারতের চেয়েও এগিয়ে। কিন্তু দারিদ্র্যহার বৃদ্ধির পূর্ব-প্রবণতা আবার ফিরে আসার পরিপ্রেক্ষিতে আশঙ্কা হয়, এসব ক্ষেত্রে বাংলাদেশ হয়তো পুনরায় পাকিস্তান বা আফগানিস্তানের পর্যায়ে নেমে যেতে পারে। এই সেদিনও বাংলাদেশের তুলনায় বহু ক্ষেত্রে পিছিয়ে থাকা ভিয়েতনাম এখন বাংলাদেশকে প্রায় কোনো ক্ষেত্রেই আর প্রতিদ্বন্দ্বী হিসেবে গণ্য করে না। এমনকি বাংলাদেশের নাগরিকদের তারা ভিসাও দিতে চায় না। ২০২২ সালের জুলাইয়ে শ্রীলঙ্কায় প্রচণ্ড জনবিক্ষোভের মুখে সরকার পতনের মাত্র এক বছরের মধ্যে দেশটি শুধু ঘুরেই দাঁড়ায়নি, তাদের জিডিপি প্রবৃদ্ধির হার এখন ৫ দশমিক ২ শতাংশ, যা বাংলাদেশের তুলনায় দশমিক ৪ শতাংশ বেশি এবং সার্কভুক্ত দেশ হয়েও বাংলাদেশকে ভিসা দিতে তারা কড়াকড়ি করছে। জিডিপি প্রবৃদ্ধির হারে সার্কভুক্ত দেশগুলোর মধ্যে বাংলাদেশ এখন শুধু পাকিস্তানের (৩.২ শতাংশ) ও আফগানিস্তানের (২.৭ শতাংশ) চেয়ে এগিয়ে আছে।

এসব বিষয় নিয়ে চিন্তাভাবনা করার অবকাশ কি মনে হয় অন্তর্বর্তী সরকার বা 'ফেব্রুয়ারি নির্বাচনে' অংশগ্রহণের জন্য প্রস্তুতি গ্রহণকারী দলসমূহের আছে? নেই। উপরিউক্ত পূর্বাভাস অনুযায়ী, এ বছর দেশে দারিদ্র্যের হার যেখানে ১ দশমিক ২ শতাংশ বাড়ছে, সেখানে পরবর্তী বছরগুলোতেও যদি এ ধারা অব্যাহত থাকে, তাহলে ২০৩০ সাল নাগাদ দেশের দারিদ্র্য পরিস্থিতি ও সাধারণ জনগণের বিপর্যস্ত জীবনমানের অবস্থা কোথায় গিয়ে দাঁড়াবে, তা ভাবতেই গা শিউরে ওঠে বৈকি! রাষ্ট্রের পরিচালকদের এ ব্যাপারে নির্বিকার থাকা চলে না। দেশ ও দেশের সাধারণ মানুষের এই মুহূর্তের কষ্টময় জীবনযাপনের প্রতি ন্যূনতম মমতা জানিয়ে বিষয়টিকে গুরুত্বের সঙ্গে নেওয়া উচিত।

**লেখক: সাবেক পরিচালক, বিসিক।**

## ত্রিভুজ সম্পর্কের অনিবার্য পরিণতির অপেক্ষায়

৭ পৃষ্ঠার পর

নিজেদের বসে সমস্যার নিরসন করতে হবে। যে বিরোধের নিরসন টানা আট মাস রাজনৈতিক দলগুলো একসঙ্গে বসে সমাধান করতে পারেনি, সেটা সাত দিনে কীভাবে সম্ভব হবে? তা ছাড়া আরেকটি কথাও উচ্চারিত হচ্ছে। জুলাই সনদ নিয়ে এই বিরোধ, বাস্তবায়ন প্রস্তাবে নোট অব ডিসেন্টগুলোকে না রাখা, এটা আসলে কার দায়? এ অপকর্মটি করেছে জাতীয় ঐকমত্য কমিশন। যে কমিশনের প্রধান আবার ড. ইউনূস নিজে। তাহলে যে ক্রাইসিস সৃষ্টি করেছে ড. ইউনূসের কমিশন, সেটির সমাধানের দায়িত্ব রাজনৈতিক দলগুলোর ওপর দেওয়া কেন? এদিকে আবার সেই সাত দিনও শেষ হয়ে গেছে গতকাল রোববার। কোনো সমাধান কি হয়েছে? এখন কী হবে? যথারীতি সেই একই কথা বলা হচ্ছে-ড. ইউনূসই দেবেন সমাধান। কিন্তু কীভাবে? তিনি কি খুব বড় রাজনীতিবিদ? আবার যদি ড. ইউনূস কিংবা তাঁর পরিষদ যদি কোনো একটা সিদ্ধান্ত দেয়, তাহলে সেটাকে কি আর ঐকমত্যের সিদ্ধান্ত বলা যাবে? এটা তো তাঁর সরকারের সিদ্ধান্ত হয়ে যাবে। সরকারই যদি সিদ্ধান্ত দেবে, তাহলে আর সংস্কার কমিশনের নামে এত নাটকের কী প্রয়োজন ছিল? এত সময়ক্ষেপণই বা কেন করা হলো?

এতসব প্রশ্নের জবাব আসলে কে দেবে, কী দেবে, কেউ জানে না। হয়তো জবাব কখনোই পাওয়া যাবে না। তবে বিএনপি কিন্তু এরই মধ্যে সরকারের দিকে আঙুল তুলতে শুরু করেছে। এর মধ্যে গত শনিবার দেখলাম বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ সরাসরি সরকারকে সতর্ক করে দিয়ে বললেন-এভাবে সময়সীমা নির্ধারণ করে দেওয়ার কোনো এখতিয়ার এই সরকারের নেই। এই সরকার যে কোনো নির্বাচিত সরকার নয়, এটাও তিনি তাদের স্মরণে রাখতে বলেছেন। জামায়াতে ইসলামী আবার এ পরিস্থিতিতে রাজনৈতিক সুবিধা নেওয়ার চেষ্টা চালাচ্ছে। তারা এরই মধ্যে আট দলের একটা জোট বানিয়ে নিয়েছে। এই আট দলকে নিয়ে রাস্তায়ও নেমে গেছে পাঁচ দফা দাবি আদায়ে। তাদের এক শীর্ষস্থানীয় নেতা প্রকাশ্যে বলেছেন-ঘি তাদের চাই। আর এই ঘি পেতে যদি আঙুল বাঁকা করতে হয়, তারা সেটাই করবে। এ বক্তব্য কি কেবলই রেটরিক, নাকি এর মধ্যে প্রচ্ছন্ন কোনো হুমকি আছে; সেটাও কিন্তু চিন্তার বিষয়। এসবের বিপরীতে বিএনপিও বসে নেই। বিএনপির কেন্দ্রীয় নেতা আমীর খসরু মাহমুদ চৌধুরী শনিবার এক জায়গায় বললেন, বিএনপির মতো বড় দলের কর্মীরা যদি রাস্তায় নামে, তাহলে সংঘাত হতে পারে।

এ রকম পরিস্থিতিতে জনগণের অবস্থান কোথায়? আমরা এখন বসে আছি ক্লাইমেক্সের অপেক্ষায়! এরই মধ্যে পরস্পরের পাল্টাপাল্টি অভিযোগ আমরা দেখতে পাচ্ছি।

**লেখক: জ্যেষ্ঠ সাংবাদিক।**

## অচলাবস্থা কাটবে কীভাবে

১০ পৃষ্ঠার পর

তিনি উপযুক্ত সিদ্ধান্ত নেবেন। সব রাজনৈতিক পক্ষের কাছে গ্রহণযোগ্য সিদ্ধান্ত নেওয়া অবশ্য কঠিন। মাঝে ছোটখাটো সংস্কারে অগ্রগতি আনতেও হিমশিম খাচ্ছে সরকার। এনবিআর সংস্কার ঘিরে তো নজিরবিহীন অচলাবস্থা চলে রাজস্ব আহরণে। ক্ষতিগ্রস্ত হয় আন্তর্জাতিক বাণিজ্য। 'আশু বাস্তবায়নযোগ্য' সংস্কারেও পারদর্শিতা দেখাতে পারেনি সরকার। এ অবস্থায় জুলাই সনদ ঘিরে গুরুতর রাজনৈতিক মতপার্থক্যের মাঝে তারা কীভাবে কী করবেন, তা দেখার অপেক্ষায় অনেকে। বিএনপি ও জামায়াত কাউকেই অসন্তুষ্ট না করার মতো সিদ্ধান্ত নেওয়া সত্যি কঠিন। এনসিপিকে খুশি রাখার ব্যাপারও রয়েছে। নির্বাচনের পর পরিস্থিতি যা-ই দাঁড়াক; এর আগ পর্যন্ত দলটির এক ধরনের গুরুত্ব থাকবে বলেই মনে হয়।

সরকার ১৫ নভেম্বরের মধ্যে জুলাই সনদ বাস্তবায়ন আদেশ জারি করতে চায় বলে খবর রয়েছে। বিদ্যমান বাস্তবতায় রাষ্ট্রপতিকে এড়িয়ে সেটা কি সম্ভব? একতরফাভাবে আদেশ জারিও নতুন সংকটের জন্ম দিতে পারে। রাজনৈতিক দলগুলোর সঙ্গে আরেক দফা অনানুষ্ঠানিক আলোচনা করে হলেও এ কাজে এগোতে হবে সরকারকে। গণতন্ত্রে উত্তরণের জন্য জরুরি নির্বাচনের পথ প্রশস্ত করতে দলগুলো অল্প ছাড় দিয়ে হলেও সরকারকে সিদ্ধান্ত গ্রহণে সহায়তা জোগাতে পারে। কেননা, নির্বাচন নতুন করে অনিশ্চিত হয়ে পড়লে সব রাজনৈতিক দলই পড়তে পারে অপরিমেয় ক্ষতির মুখে। তেমন পরিস্থিতিতে গণভোট আর সংস্কার বাস্তবায়ন ইত্যাদি প্রশ্ন সোজা চলে যেতে পারে হিমাগারে। গণঅভ্যুত্থান-পরবর্তী পুরো যাত্রাপথটি তখন হয়ে থাকবে মূল্যবান সময়ের অপচয় আর দুর্ভাগ্যজনক অভিজ্ঞতা।

সম্ভাব্য এ পরিস্থিতি মাথায় রাখতে হবে দেশে গণতন্ত্র ও সুশাসন জোরদার করতে চাওয়া সব পক্ষকে। জনপ্রত্যাশারও দাম দেওয়া চাই। অর্থনীতির দিক থেকে বাংলাদেশ সম্ভাবনাময়, এটাও মনে রাখা প্রয়োজন। গ্রহণযোগ্য নির্বাচনের মাধ্যমে একটি রাজনৈতিক সরকার মিললে বিনিয়োগ আর কর্মসংস্থানে অচলাবস্থাও কাটবে। ঐকমত্যের ভিত্তিতে চলমান সংস্কার বাস্তবায়নের পাশাপাশি অর্থনীতিতেও সংস্কার আনতে হবে নতুন সরকারকে, যেটা এখন অবহেলিত।

**হাসান মামুন: সাংবাদিক, কলাম লেখক।**

## ধানের শীষে পোকার আক্রমণ

১০ পৃষ্ঠার পর

রাজনীতিবিদ খালেদা জিয়ার আসনে প্রার্থী না দেওয়ার ঘোষণা দিয়ে এনসিপি ও গণঅধিকার ংংপরিষদ বিচক্ষণতার পরিচয় দিয়েছে। কেননা খালেদা জিয়া প্রতিকূল পরিবেশেও পাঁচ থেকে তিনটি আসনে বিজয়ী হয়েছেন। সম্প্রতি তার জনপ্রিয়তা আরও বেড়েছে বলে মনে করা হয়। কিন্তু, তার দলের কোনো কোনো নেতা এবং ভিউ ব্যবসায়ী ইউটিউবাররা ব্যাপারটা বুঝতে পারেননি। এক পরিবার থেকে একাধিক প্রার্থী না দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে বিএনপি। তাই, তিনটি আসনে খালেদা জিয়া ও একটিতে তারেক রহমানকে মনোনীত করায় কিছু অর্বাচীন আড়েঠারে সমালোচনা করছে। বিএনপির কোনো কোনো নেতা নিজে এবং স্ত্রী-সন্তানদের জন্য মনোনয়ন চেয়েছিলেন। কেউ কেউ ছেলের বউ, মেয়ের জামাইয়ের জন্যও আশা করেছিলেন। না পেয়ে তারা, মনোনয়নবঞ্চিতদের উসকে দিচ্ছেন। বিক্ষুব্ধরা রাজপথ অবরোধ করে গাড়ি পুড়িয়ে দলের বদনাম করছে। জুলাই অভ্যুত্থানের পর চাঁদাবাজি ও দখলবাজির মাধ্যমে তারা বিতর্কিত করেছিল বিএনপিকে। তারাই এখন দলীয় সিদ্ধান্তের বিপক্ষে গিয়ে জনদুর্ভোগ তৈরি করে বেকায়দায় ফেলছে দলকে। তাদের কয়েকজনের বিরুদ্ধে এরই মধ্যে বিএনপি ব্যবস্থা নিয়েছে। কিন্তু, মূলহোতারা ধরাছোঁয়ার বাইরে রয়ে গেছে।

আগে আগে প্রার্থী ঘোষণার সুবিধা-অসুবিধা দুটোই আছে। ভালো-মন্দ কোনোটাই নিরবচ্ছিন্ন নয়। বরং নির্বাচন নিয়ে টালবাহানার মুখে বিএনপির প্রার্থী ঘোষণার সিদ্ধান্ত রাজনীতিতে দাওয়াই হিসেবে কাজ করেছে। এখন এ সিদ্ধান্তে অনড় থাকতে হবে দলটিকে। মনোনয়নের দাবিতে বিশৃঙ্খলাকারীর ব্যাপারে কোনো ছাড় দেওয়া যাবে না। দলীয় মনোনয়ন না পেয়ে যারা জনদুর্ভোগ তৈরি করেছে, তারা জনপ্রতিনিধি হওয়ার উপযুক্ত না। শুধু ত্যাগী হলেই চলবে না। সংসদ সদস্য হওয়ার জন্য দক্ষ, যোগ্যও হতে হবে। সর্বোপরি দলীয় সিদ্ধান্ত মানতে হবে। যৌক্তিক দাবি থাকলে নিয়মতান্ত্রিক প্রতিবাদ হতে পারে। দলীয় কার্যালয়ে প্রতিবাদলিপি পেশ বা অনশনও হতে পারে। কেউ কেউ যেমন ধানক্ষেতে নেমে ক্রিকেটীয় ভাষায় রিভিউ আবেদন করছে। কিন্তু, নিজেকে অনিবার্য ভাবার কোনো কারণ নেই। অতীতে অনেক মহিরুহ পর্যায়ের নেতা, দলের সঙ্গে বেইমানি করায় পাতার মতো ঝরে পড়েছে। জুলাই অভ্যুত্থান-পরবর্তী সময়ে বিএনপির কিছু নেতাকর্মীর আত্মবিশ্বাস অহমিকার পর্যায়ে চলে গেছে। তারা মনে করছে, ধানের শীষ প্রতীক নিয়ে কলাগাছ দাঁড়ালেও বিজয় নিশ্চিত। আওয়ামী লীগ নেই বলে ওয়াকওভার পাওয়া যাবে-কথাটা ঠিক নয়। এক আওয়ামী লীগ লোকান্তরে, লক্ষ আওয়ামী লীগ বিভিন্ন দলের ঘরে ঘরে। কয়েকটি আসন নিয়ে ব্যাকবেঞ্চে বসা দলটিও ক্ষমতায় যাওয়ার স্বপ্ন দেখছে। বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান পোড়খাওয়া নির্বাসিত রাজনীতিবিদ তারেক রহমান বারবার সতর্ক করছেন-এবারের নির্বাচন কঠিন হবে। অথচ, তার দলের কতিপয় নেতাকর্মী বিষয়টি আমলেই নিচ্ছেন না। বিএনপি ক্ষমতায় গেলেও কতদিন টিকবে, তা নিয়ে সংশয় আছে-পর্দার আড়ালে এমন কথাও হচ্ছে। ধানের শীষের মৌ-মৌ গন্ধে শুধু ভোটার নয়, কীটপতঙ্গও হামলে পড়ছে। এরই মধ্যে চিহ্নিত ইউটিউবার ও তার মুরিদরা মাজরা পোকার মতো আক্রমণ করছে। মনোনয়ন চাননি এরকম বর্ষীয়ান, সর্বজনশ্রদ্ধেয় নেতাদের বঞ্চিত দাবি করে মায়াকান্না করছে বিএনপিবিরোধী বিভিন্ন বট বাহিনী। বুঝে না বুঝে সে ফাঁদে পা দিচ্ছে ধানের শীষের অনেক সহজ-সরল সমর্থক। সচেতন নেতাকর্মীদের দায়িত্ব হলো, যে কোনো মূল্যে ঐক্য ধরে রাখা। অন্য যে কোনো দলের চেয়ে বিএনপিতে প্রার্থী জট বেশি। প্রতিটি আসনে অন্তত পাঁচজন যোগ্য প্রার্থী রয়েছে। দেড় দশকের জট তো এক নির্বাচনে খুলবে না। বিচক্ষণ না হলে বিলক্ষণ দুর্গতি আছে বিএনপির কপালে।

**লেখক: হেড অব নিউজ, আরটিভি।**


# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of

FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

**Captor USA, Inc.**

Franchise & Business Consulting Firm

37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.

Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590

Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১

সপ্তাহে ৭ দিনই খোলা

## ‘মামদানি মডেল’ কি নিউইয়র্কের বাইরেও ছড়িয়ে পড়বে




১২ পৃষ্ঠার পর

মামদানিকে সবচেয়ে তীব্র আক্রমণ করেছেন তাঁর নিজের দিকের মানুষেরাই। ডেমোক্র্যাট প্রাইমারিতে হেরে গিয়ে যৌন কেলেঙ্কারিতে জড়িত অ্যান্ড্রু কুমো স্বতন্ত্র প্রার্থী হিসেবে দাঁড়ান এবং এই নির্বাচনে প্রকাশ্যে ট্রাম্পের পছন্দের প্রার্থী হিসেবে প্রচার চালান। এই প্রচারে নিউইয়র্কের প্রথম মুসলিম মেয়র হতে চাওয়া মামদানিকে নিয়মিতভাবে ‘সন্ত্রাসবাদে সহানুভূতিশীল’ বলে অপবাদ দেওয়া হয়েছে। ইউরোপজুড়ে এখন দেখা যাচ্ছে সামাজিক গণতন্ত্রের নেতারা যুক্তরাষ্ট্রের ‘চরমপন্থার প্রধান’ ট্রাম্পের সামনে মাথা নত করছেন। ব্রিটেনের কিয়ার স্টারমার ট্রাম্পকে অভূতপূর্ব কায়দায় স্বাগত জানিয়েছেন। আর ন্যাটোর প্রধান মার্ক রুতে তাঁকে ‘ড্যাডি’ পর্যন্ত বলেছেন। পাঁচ বছর আগেও মার্কিন গণমাধ্যমের মালিকেরা বৈচিত্র্যের প্রতি প্রতিশ্রুতি দেখাতে হাঁটু গেড়ে প্রতিবাদ করেছিলেন। এখন তারা হাঁটু গেড়ে বসছে এক বর্ণবাদী গালিবাজের সামনে। ট্রাম্পবাদের বিরুদ্ধে যখন দুই দিনব্যাপী বিশাল বিক্ষোভে প্রায় ১ কোটি ২০ লাখ মানুষ অংশ নেয়, তখন মার্কিন কলামিস্ট আর পডকাস্টাররা পরিবেশ বদলের গল্প শুনিয়েছেন। এ অবস্থায় মামদানির জয় প্রমাণ করে জনগণ এখনো প্রতিরোধে আস্থা রাখে।

**আদিত্য চক্রবর্তী: দ্য গার্ডিয়ান-এর কলামিস্ট।**

## প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের উপহার

৩ পৃষ্ঠার পর

লিখেছেন, প্রত্যেককে অন্তত ২ হাজার ডলারের লভ্যাংশ দেওয়া হবে (উচ্চ আয়ের মানুষদের বাদ দিয়ে)।

টিআরটি ওয়ার্ল্ড বলছে, প্রত্যেক মার্কিন নাগরিককে অর্থ দেওয়ার এই ঘোষণা এমন সময় এসেছে, যখন যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্ট ট্রাম্পের শুল্ক নীতির সাংবিধানিক বৈধতা নিয়ে প্রশ্ন তুলেছে এবং সরকারের অচলাবস্থার কারণে খাদ্য সহায়তা কর্মসূচি ব্যাহত হচ্ছে। যুক্তরাষ্ট্রের ট্রেজারি সেক্রেটারি স্কট বেসেন্ট এবিসি নিউজকে বলেন, “এই ২ হাজার ডলারের লভ্যাংশ নানা উপায়ে দেওয়া হতে পারে”। তিনি জানান, এতে কর ছাড়ও অন্তর্ভুক্ত থাকতে পারেড় যেমন বখশিশ ও ওভারটাইম আয়ের ওপর কর না নেওয়ার ব্যবস্থা। এদিকে ট্রাম্প তার শুল্কনীতির পক্ষে অবস্থান নিয়ে বলেন, “যারা ট্যারিফের বিরোধিতা করে, তারা বোকা! এখন আমেরিকা বিশ্বের সবচেয়ে ধনী ও মর্যাদাপূর্ণ দেশ। এখানে মুদ্রাস্ফীতি প্রায় নেই বললেই চলে এবং শেয়ারবাজার রেকর্ড উচ্চতায় রয়েছে।”

## খালেদা জিয়ার নির্বাচনে অংশগ্রহণ নিয়ে কেন বিতর্ক

৬ পৃষ্ঠার পর

জিয়ার আবির্ভাব-অতি সাধারণ অভিষেক।

অকাল বৈধব্যের শোক আর বেদনা সহনীয় হওয়ার আগেই প্রায় এক দশকের স্বৈরাচারবিরোধী সংগ্রামে নিজেকে সম্পৃক্ত করলেন। এল ১৯৯১-এর জাতীয় নির্বাচন। অতীতে যিনি কখনো নির্বাচনে অংশ নেওয়ার সুযোগই পাননি, তিনি শুধু সংসদ সদস্যই নন, প্রথম নির্বাচনেই হলেন প্রধানমন্ত্রী, দেশের প্রথম নারী সরকারপ্রধান। তিন দলীয় জোটের অলিখিত রূপরেখা বাস্তবায়ন করলেন অঙ্গীকার রক্ষার সততা থেকে। দেশ রাষ্ট্রপতি শাসনব্যবস্থা থেকে রূপান্তরিত হলো সংসদীয় গণতন্ত্রে। ১৯৯৬-তে স্থাপন করলেন আরেকটি অসাধারণ কীর্তি। সুষ্ঠু, অবাধ, নিরপেক্ষ আর অংশগ্রহণমূলক নির্বাচন নিশ্চিত করতে সংবিধানে যুক্ত করলেন তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা।

২০০১-২০০৬ সালের সরকারের মেয়াদকাল শেষে এক-এগারোর সরকারের হঠকারিতায় হলেন কারারুদ্ধ। তারপরের ঘটনা আমাদের কারও অজানা নয়। আওয়ামী শাসনের চরম শিকার হলেন দলের নেতা-কর্মীদের সঙ্গে নিয়ে। হারালেন কনিষ্ঠ পুত্র আরাফাত রহমানকে। আর নির্যাতনের শিকার হয়ে জ্যেষ্ঠ পুত্র তারেক রহমান হলেন দেশছাড়া। আর তিনি রইলেন মাটি কামড়ে এই বাংলাদেশে। দেশ থেকে গণতন্ত্র হলো নির্বাসিত, ২০১৪-র ভোটারবিহীন নির্বাচনে জনরায় প্রত্যাখ্যাত হলো, ২০১৮ সালে হাসিনার কারাগারে হলেন অন্তরিন। পরিত্যক্ত বিশাল নির্জন কারাগারে থেকেই দেখলেন আঠারোর নৈশভোট। অসুস্থতা নিয়ে নীরবে হজম করলেন কটাক্ষ-‘এই শুনি যায় যায়’, ‘এই শুনি মরে মরে’।

দেশের মানুষের জন্য সর্বস্ব নিবেদন করা সুস্থ একটা মানুষ কারাগার থেকে ফিরলেন লিভারের দুরারোগ্য অসুস্থতা নিয়ে। আজ জাতির সামনে সুযোগ সেই অপমান আর কটাক্ষের সমুচিত জবাব দেওয়ার এবং সেটি হতে পারে নির্বাচনের মধ্য দিয়েই। আজ সুযোগ এসেছে তাঁকে সম্মানিত করার। তিনি কতটা অসুস্থ, সেটা আজ মানুষের কাছে বিচার্য নয়, নির্বাচনে তিনি গণসংযোগ করবেন কি না, জনসংযোগ করবেন কি না-সেটা নিয়েও মাথাব্যথা নেই কারও; বগুড়া, দিনাজপুর আর ফেনীর মানুষই শুধু নয়, এই তিন প্রতীকী আসনই আজ যেন সারা বাংলাদেশ।

অতীতের ফলাফলের হিসাব থেকে আমরা তো জানিই যে তাঁর পরাজয়ের কোনো রেকর্ড নেই। এবারেও সেটার ব্যতিক্রম হওয়ার সম্ভাবনা যখন শূন্য, তখন প্রাপ্য এই সম্মান থেকে কেন তাঁকে বঞ্চিত করব আমরা?

**অধ্যাপক ডা. মওদুদ হোসেন আলমগীর আহ্বায়ক, বিএনপি মিডিয়া সেল।**

## গণতন্ত্র কি মুক্তি পেয়েছে

১২ পৃষ্ঠার পর

আজও অমর করে রেখেছে।

কোঁকড়া চুলের নূর হোসেন তিন দশক পরেও তরুণ, প্রাসঙ্গিক। তাঁর আত্মত্যাগ পরবর্তীকালে গণতন্ত্র প্রতিষ্ঠায় পথ দেখায়। ১৯৯০ সালের ৬ ডিসেম্বর পতন ঘটে এরশাদ সরকারের। যে গণতন্ত্রকে মুক্তি দিতে নূর প্রাণ দিয়েছিলেন, সেই গণতন্ত্র বন্দী হয়ে গিয়েছিল আবারও। আর আবারও স্বৈরাচারবিরোধী আন্দোলন এবং সরকার পতন হলো, কিন্তু গণতন্ত্র কি আজও মুক্তি পেল? কখনো পাবে? এ প্রশ্ন হয়তো নূর হোসেন মনে মনে ভাবছেন, অন্য জগতে বসে। তাঁর প্রতি শ্রদ্ধা।

**লেখক: সহসম্পাদক, আজকের পত্রিকা।**

## বিবিসি শতভাগ ভুয়া সংবাদমাধ্যম : প্রেস সেক্রেটারি

৩ পৃষ্ঠার পর

বুলেটিন দেখায় তার সময়ের অপচয় হয়েছে। লিভিটের দাবি করেন, করদাতাদের এমন বামপন্থী মিডিয়ার খরচ বহন করতে বাধ্য করা হচ্ছে। সম্প্রতি বিবিসির একটি তথ্যচিত্রে প্রেসিডেন্টের একটি ভাষণ যেভাবে সম্পাদনা করা হয়েছে তা নিয়ে গুরুতর অভিযোগ উঠেছে। ওই ঘটনার পরই বিবিসিকে নিয়ে এমন বিস্ফোরক মন্তব্য করলেন ট্রাম্পের প্রেস সেক্রেটারি। টেলিগ্রাফে ফাঁস হওয়া একটি নথিতে বলা হয়েছে, বর্তমান বিষয়ের অনুষ্ঠানের একটি পর্ব ভাষণের দুটি অংশ একসাথে মিশিয়ে দর্শকদের সম্পূর্ণ বিভ্রান্ত করেছে। ২০২১ সালের ৬ জানুয়ারি ক্যাপিটলে দাঙ্গার ঘটনা নিয়ে একটি খবর নিয়ে ওই বিতর্ক তৈরি হয়।

## কমিউনিটির ‘আনসাং হিরো’ টিপু সুলতান

৬৪ পৃষ্ঠার পর

২০২১ সালে নিউ ইয়র্ক সিটি হলে ট্যাক্সি চালকদের ঐতিহাসিক অনশন ও আন্দোলনের অন্যতম সংগঠক ছিলেন তিনি, যার ফলস্বরূপ ড্রাইভারদের ঋণমুক্তি নিয়ে আসে এক যুগান্তকারী সাফল্য। নীরবে অথচ নিরলস পরিশ্রমের মাধ্যমে শ্রমজীবী মানুষের জীবনমান উন্নয়নে কাজ করে যাচ্ছেন মোহাম্মদ টিপু সুলতান। এই কারণে তাঁকে ২০২৫ সালের ‘আনসাং হিরো’ সম্মাননায় ভূষিত করেছে সিটি এন্ড স্টেট সাময়িকীটি।

## প্রত্যেক নাগরিকের জন্য ২ হাজার ডলার

৬৪ পৃষ্ঠার পর

সরাসরি নির্বাহী ক্ষমতার মাধ্যমে এই অর্থ বিতরণ করা সম্ভব কি না, সেটি বড় প্রশ্ন। এদিকে ট্রাম্পের ট্যারিফ নীতির একটি গুরুত্বপূর্ণ অংশ এখন সুপ্রিম কোর্টে বিচারাধীন। বিশেষ করে ১৯৭৭ সালের ইন্টারন্যাশনাল ইমারজেন্সি ইকনমিক পাওয়ারস অ্যাক্ট (আইইইপিএ)-এর আওতায় ব্যাপক আমদানি শুল্ক আরোপের বৈধতা নিয়ে আদালত প্রশ্ন তুলেছে। যদি সুপ্রিম কোর্ট রায় দেয় যে এসব ট্যারিফ আরোপ অবৈধ, তাহলে ব্যবসায়ীরা সরকারি কোষাগারে পরিশোধ করা অর্থ ফেরত পাওয়ার অধিকারী হবেন। এর ফলে ট্যারিফ রাজস্বের উল্লেখযোগ্য অংশই সরকারের হাতে থাকবে না। রায়টি সরাসরি ট্রাম্পের ডিভিডেন্ড পরিকল্পনাকে অস্থিতিশীল করে দিতে পারে।

অর্থনীতিবিদদের হিসাব অনুযায়ী, যুক্তরাষ্ট্রে বার্ষিক আয় ১ লাখ ডলারের নিচে এমন প্রায় ১৫ কোটি প্রাপ্তবয়স্ক রয়েছে। তাদের প্রত্যেককে ২ হাজার ডলার করে দিতে হলে সরকারের প্রয়োজন হবে প্রায় ৩০০ বিলিয়ন ডলার। কিন্তু এখন পর্যন্ত নতুন ট্যারিফ থেকে সরকারি আয় মাত্র ১২০ বিলিয়ন ডলার। এছাড়া ২০২৪ অর্থবছর শেষে মার্কিন ট্রেজারির তথ্যমতে, কাস্টমস ডিউটি থেকে অর্জিত রাজস্ব মাত্র ১৯৫ বিলিয়ন ডলার। ফলে আয় ও ব্যয়ের বিশাল এই ব্যবধান পূরণ করা অর্থনৈতিকভাবে কঠিন হবে বলে অনেক বিশেষজ্ঞ মনে করছেন।

মহামারির সময় প্রণোদনা চেক বিতরণের ফলে যে মুদ্রাস্ফীতি দেখা দিয়েছিল, তা এখনো অর্থনীতিবিদদের স্মৃতিতে সতেজ। সেই সময় শুধু আর্থিক প্রবাহ বৃদ্ধি পেয়েছিল, কিন্তু পণ্য ও সেবার সরবরাহ বাড়েনি। এই চাহিদা-উদ্দীপিত মূল্যবৃদ্ধি যুক্তরাষ্ট্রকে ৪০ বছরের সর্বোচ্চ মূল্যস্ফীতির পর্যায়ে নিয়ে যায়। অর্থনীতিবিদরা মনে করেন, ট্রাম্পের এই নতুন ডিভিডেন্ড নীতি অর্থনৈতিকভাবে সেই একই ঝুঁকি তৈরি করতে পারে।

এছাড়া ট্যারিফ নিজেই মূল্যস্ফীতি বাড়ায়। যুক্তরাষ্ট্রে ব্যবসায়ীরা আমদানিকৃত পণ্য ও উপাদানের ওপর আরোপিত অতিরিক্ত শুল্কের কিছু অংশ ভোক্তাদের ওপর চাপিয়ে দিচ্ছে। এর ফলে বাজারে দাম বাড়ছে, সরবরাহ চেইনে অস্থিরতা দেখা দিচ্ছে। এরিকা ইয়র্ক বলেন, প্রস্তাবিত এই ট্যারিফ ডিভিডেন্ড মুদ্রাস্ফীতি ১ থেকে ৩ শতাংশ পর্যন্ত বাড়াতে পারে-যদিও এর মাত্রা মহামারিকালীন পরিস্থিতির মতো নাও হতে পারে। ট্রাম্প দাবি করেছেন, ডিভিডেন্ড বিতরণের পরও অতিরিক্ত অর্থ থেকে যাবে, যা দিয়ে তিনি জাতীয় ঋণ কমাবেন। কিন্তু অর্থনীতিবিদরা বলছেন, বর্তমান ঋণের পরিমাণ ৩৪ ট্রিলিয়ন ডলারেরও বেশি; সেখানে ১০০ বা ২০০ বিলিয়ন ডলার অত্যন্ত অপ্রতুল। তাছাড়া প্রস্তাব বাস্তবায়নে দেশকে নতুনভাবে ধার নিতে হবে, যা ঋণের বোঝা আরও বাড়াবে।অর্থনীতি বিশেষজ্ঞরা প্রাথমিকভাবে যা ভাবছেন তা হলো-১) কংগ্রেস ছাড়া এটি সম্ভব নয়, ২) ট্যারিফ রাজস্ব যথেষ্ট নয়, ৩) এর মাধ্যমে মুদ্রাস্ফীতি বাড়তে পারে, ৪) ব্যবসা বিনিয়োগ ব্যাহত হওয়ায় দীর্ঘমেয়াদী ক্ষতি হতে পারে। সার্বিকভাবে, ট্রাম্পের প্রস্তাবটি ভোট-মনস্তত্ত্বের রাজনীতি বা পপুলিস্ট অর্থনীতি হিসেবে বিশ্লেষণ করা হচ্ছে। ২০২৬ নির্বাচনের প্রাক্কালে অর্থনৈতিক চাপ ও দ্রব্যমূল্যের উর্ধ্বগতির সময়ে সাধারণ জনগণের হাতে বাড়তি অর্থ তুলে দেওয়ার প্রতিশ্রুতি নিঃসন্দেহে জনপ্রিয় শোনায়। তবে অর্থনৈতিক বাস্তবতা, আইনি কাঠামো ও বাজেট ভারসাম্যের প্রশ্নে এটি গুরুতর বিতর্ক সৃষ্টি করেছে। প্রশ্ন এখন একটাই-সুপ্রিম কোর্টের রায়, কংগ্রেসের অনুমতি ও অর্থনৈতিক বাস্তবতা-এই তিনের ছেদবিন্দুতে ট্রাম্পের ডিভিডেন্ড পরিকল্পনার ভবিষ্যৎ কোন দিকে মোড় নেবে?


জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস



মেডিসিন বিশেষজ্ঞ

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।

Cell: 718-864-8882

আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।

Dr. Mohammad M. Rahman, MD
Attending Physician, NYU School of Medicine

Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine



Astoria Office
30-04 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500
www.drmrahman.com

718-526-0700

অভিজ্ঞ ডেন্টিষ্ট

Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।



We Do Implant



Dr. Siddiqur Rahman D.D.S.

We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.

Dental Office

Jamaica Office
170-12, Highland Ave,
Jamaica NY 11432
Tel: 718-526-0700

Mon-Tue-Thu-Fri (2Pm to 7 Pm)

Wednesday (12 Pm to 5 Pm)
Saturday (12pm to 5 Pm)

MEDICAL & DENTAL OFFICE
170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432



# বিনিয়োগ বন্ডের প্রয়োগ ও ইসলাম

আব্দুল্লাহ মাসুম




সরকার বা আর্থিক প্রতিষ্ঠানের যখন তারল্য সংকট দেখা দেয়, তখন জনগণ থেকে ঋণ গ্রহণ করা হয়। এ ঋণ গ্রহণের প্রক্রিয়াটাই বন্ড নামে পরিচিত। বন্ড ক্রয় করার অর্থ ঋণ প্রদান করা, বন্ড ইস্যু করা বা বিক্রয়ের অর্থ ঋণ গ্রহণ করা। পুরো প্রক্রিয়াটাই হয়ে থাকে সুদভিত্তিক।

**বন্ডের ব্যবহার :** বাংলাদেশে বন্ডের ব্যবহার সাধারণত কেন্দ্রীয় ব্যাংকের মাধ্যমে সরকারের ঋণ সরবরাহের জন্য হয়ে থাকে। সাধারণত সরকার এক বছরের বেশি সময়ে অর্থাৎ সর্বোচ্চ বিশ বছরের জন্য ঋণ নিলে, তার বিপরীতে বন্ড সরবরাহ করা হয়। আর এক বছরের কম সময়ের জন্য ঋণ নিলে, এর বিপরীতে ব্যাংকগুলোকে ট্রেজারি বিল দেওয়া হয়।

**কারা বন্ড বেচাকেনা করে :** সাধারণত বাণিজ্যিক ব্যাংকগুলো বন্ড বেচাকেনা করে থাকে। বিষয়টি খোলাসা করার জন্য ব্যাংকের আমানতের বিপরীতে বিনিয়োগ পলিসি নিয়ে কিছু বিষয় জানা প্রয়োজন।

**ব্যাংকের বিনিয়োগ পলিসি :** ব্যাংকের একটি সাধারণ নীতি হলো, ঋণের প্রবাহ আমানতের চেয়ে কম হতে হবে। অর্থাৎ ১০০ টাকা আমানত হলে, ঋণ প্রদান এর কম হতে হবে; যেন জমাকারীদের অর্থের নিরাপত্তা নিশ্চিত হয়। এ কমের পরিমাণ কত হবে, এটি নির্ধারণ করে দেয় কেন্দ্রীয় ব্যাংক। গত তিন বছরে কেন্দ্রীয় ব্যাংকের এ সংক্রান্ত সার্কুলেশন অন্তত চার দফা পরিবর্তন করতে হয়েছে। এটি কেন্দ্রীয় ব্যাংকের ব্যর্থতা ঢাকার এক ঘৃণ্য প্রয়াস। যার যার ইচ্ছেমতো জনগণের কষ্টার্জিত অর্থ ব্যাংক থেকে লুটেরারা লুটে নিচ্ছে। ঋণ খেলাপিদের সংখ্যা আগের সব রেকর্ড ভেঙে দিচ্ছে। কেন্দ্রীয় ব্যাংক বিনিয়োগসীমার ব্যাপারে কঠোর না হয়ে চরম ব্যর্থতার পরিচয় দিয়েছে। এর সঙ্গে সুদের ভয়াবহতা তো আছেই।

এরপর ৩৬ পৃষ্ঠায়

## দুশ্চিন্তা থেকে মুক্তির দোয়া

খালিদ সাইফুল্লাহ

দুশ্চিন্তা ও পেরেশানি মানুষের জীবনের নিত্যসঙ্গী। তবে দুশ্চিন্তা থেকে বেঁচে থাকা সবার কর্তব্য। এমন কিছু আমল রয়েছে যার মাধ্যমে দুশ্চিন্তা থেকে মুক্ত থাকা যায়। পবিত্র কোরআনে একটি আয়াত বেশি বেশি পড়ার কথা হাদিস শরিফে এসেছে। আয়াতটি হলো-

**বাংলা উচ্চারণ :** 'হাসবি ইয়াল্লাহু লা ইলাহা ইল্লা, হুয়া আলাইহি তাওয়াক্কালতু ওয়া হুয়া রাব্বুল আরশিল আজিম।'

**বাংলা অর্থ :** আমার জন্য আল্লাহ যথেষ্ট, যিনি ছাড়া আর কোনো উপাস্য নেই। আমি তার ওপর ভরসা করলাম। আর তিনিই মহান আরশের অধিপতি।

রাসুলুল্লাহ (সা.) বলেছেন, 'যে ব্যক্তি সকাল-সন্ধ্যা উল্লিখিত আয়াতটি সাতবার পাঠ করবে তাকে সব পেরেশানি থেকে মুক্তি দেওয়ার জন্য আল্লাহই যথেষ্ট।' *(আবু দাউদ : ৫০৮১)।*

আবু সাইদ খুদরি (রা.) বলেন, 'একবার রাসুল (সা.) মসজিদে প্রবেশ করে সেখানে আবু উমামাহ নামক এক আনসারি সাহাবিকে দেখতে পেয়ে তাকে বলেন, হে আবু উমামাহ, কী ব্যাপার! আমি তোমাকে নামাজের ওয়াক্ত ছাড়া মসজিদে বসে থাকতে দেখছি? তিনি বলেন, সীমাহীন দুশ্চিন্তা ও ঋণের বোঝার কারণে হে আল্লাহর রাসুল। তিনি

এরপর ৩৬ পৃষ্ঠায়



## নামাজ না পড়ার শাস্তি



ফারহান হাসনাত

আল্লাহতায়ালা মানুষকে সৃষ্টি করেছেন তাঁর ইবাদতের জন্য, আর ইবাদতের সবচেয়ে বড় নিদর্শন হলো নামাজ। যে ব্যক্তি নামাজ পরিত্যাগ করে, সে আসলে আল্লাহর সঙ্গে সম্পর্ক ছিন্ন করে ফেলে। রাসুলুল্লাহ (সা.) বলেছেন, 'মানুষ ও কুফরের মধ্যে পার্থক্য হলো নামাজ।' *(মুসলিম : ৮২)*। অর্থাৎ নামাজ ছেড়ে দেওয়া মানে ইসলাম থেকে দূরে সরে যাওয়া।

**কোরআনে নামাজ না পড়ার শাস্তি :** আল্লাহতায়ালা অনেক আয়াতে নামাজ প্রতিষ্ঠার আদেশ দিয়েছেন এবং নামাজ ত্যাগকারীদের সম্পর্কে কঠোর সতর্কতা দিয়েছেন।

**১. সুরা মরিয়ম :** 'তাদের পর এমন এক প্রজন্ম এলো, যারা নামাজ নষ্ট করল এবং প্রবৃত্তির অনুসরণ করল। তারা শিগগিরই গোমরাহির শাস্তির সম্মুখীন হবে।' *(আয়াত : ৫৯)*।

**২. সুরা মুদ্দাসসির :** 'তোমাদের কী জাহান্নামে নিক্ষেপ করেছে?' তারা বলবে, 'আমরা নামাজ আদায় করতাম না।' *(আয়াত : ৪২-৪৩)*। এই আয়াতে স্পষ্ট বলা হয়েছে, নামাজ না পড়া জাহান্নামে যাওয়ার অন্যতম কারণ।

**৩. সুরা তহা :** 'আমার স্মরণের জন্য নামাজ কায়েম করো।' *(আয়াত : ১৪)*। অর্থাৎ, নামাজ না পড়া মানে আল্লাহর স্মরণ থেকে মুখ ফিরিয়ে নেওয়া।

রাসুল (সা.) বলেছেন, 'নামাজ ছেড়ে দিলে মানুষ কুফরির কাছাকাছি চলে যায়।' (মুসলিম : ৮২)। 'যে ব্যক্তি ইচ্ছাকৃতভাবে নামাজ ত্যাগ করে, তার ওপর আল্লাহর কোনো দায়িত্ব নেই।' *(ইবনে মাজাহ : ৪০২৩)*। অর্থাৎ সে আল্লাহর রহমত ও রক্ষার বাইরে চলে যায়।

আরেক হাদিসে এসেছে, 'কেয়ামতের দিন আল্লাহ প্রথমে নামাজের হিসাব নেবেন। যদি নামাজ ঠিক থাকে, তবে বাকি কাজও ঠিক থাকবে; আর যদি নামাজ নষ্ট হয়, তবে সব কাজই নষ্ট

এরপর ২৮ পৃষ্ঠায়



## হারাম বর্জনে প্রশান্তি

তাবাসসুম মাহমুদ

ইবাদত কবুলের জন্য পরিধেয় বস্ত্রসহ সবকিছু হালাল উপার্জনের হতে হবে। অন্যথায় তা গ্রহণযোগ্য হবে না। রাসুল (সা.) বলেন, নিশ্চয় আল্লাহতায়ালা পবিত্র। তিনি শুধু পবিত্র বস্তু গ্রহণ করেন।

তিনি মোমিনদের সেই আদেশই দিয়েছেন, যে আদেশ তিনি দিয়েছিলেন রাসুলদের। আল্লাহতায়ালা বলেন, 'হে ঈমানদাররা! তোমরা পবিত্র বস্তুসামগ্রী আহার কর, যেগুলো আমি তোমাদের রিজিক হিসেবে দান করেছি।'

এরপর রাসুল (সা.) এমন এক ব্যক্তির কথা উল্লেখ করলেন, যে দীর্ঘ সফরে থাকাবস্থায় এলোমেলো চুল ও ধূলি-ধূসরিত ক্লান্ত-শ্রান্ত শরীরে আকাশের দিকে আল্লাহর দরবারে হাত তুলে প্রার্থনা করে ডাকছে, 'হে আমার রব! হে আমার রব!' অথচ সে যা খায়, তা হারাম; যা পান করে, তা হারাম; যা পরিধান করে, তা হারাম এবং হারামের দ্বারা সে পুষ্টি অর্জন করে। সুতরাং তার দোয়া কীভাবে কবুল হবে? *(মুসলিম : ২৭৬০)*।

**মিথ্যা ও প্রতারণা ছাড়ুন :** মিথ্যা ও প্রতারণার মাধ্যমে সম্পদ অর্জন না করা চাই।

এরপর ৩৬ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি Prayer Times For New York City নভেম্বর-২০২৫

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| 14 | 5:23 | 6:42 | 11:40 | 2:18 | 4:39 | 5:57 |
| 15 | 5:24 | 6:43 | 11:41 | 2:17 | 4:38 | 5:56 |
| 16 | 5:25 | 6:44 | 11:41 | 2:16 | 4:37 | 5:56 |
| 17 | 5:26 | 6:45 | 11:41 | 2:16 | 4:36 | 5:55 |
| 18 | 5:27 | 6:47 | 11:41 | 2:15 | 4:35 | 5:55 |
| 19 | 5:28 | 6:48 | 11:41 | 2:15 | 4:35 | 5:54 |
| 20 | 5:29 | 6:49 | 11:42 | 2:14 | 4:34 | 5:54 |

source: salahtimes.com

# Venezuelan military preparing guerrilla response in case of US attack

*Continued from page 18*

the 2000s, but "next to the U.S. B-2s, they are nothing," said the source with defense and security knowledge, adding that Venezuela's Russian-made helicopters, tanks and shoulder-fired missiles capable of destroying low-flying airplanes are also outdated.

Russia's foreign ministry said last week it was prepared to respond to Venezuela's requests for assistance, while urging against an escalation in tensions. Maduro has appealed to Moscow for repairs to the Sukhoi jets, upgrades to radar systems and the delivery of missile systems.

Venezuela's 5,000 Russian-made Igla missiles have already been deployed, one of the sources said, and military orders are that, upon receiving "the first hit from the gringos, all units should disperse or go with their weapons to fall back or hide at various locations."

"Any military force in the world knows the power of the Igla-S, and Venezuela has no less than 5,000 of them," Maduro said during a recent state television broadcast.

He added that the portable missiles and their operators had been deployed "to the last mountain, the last town, and the last city in the territory."

More than a dozen military training and planning documents dated between 2012 and 2022 and seen by Reuters show a long-term focus on planning for a fight against "imperialist aggressions." One, from September 2019, details how platoons should position machine guns, grenade launchers and other equipment. It explains the characteristics of a AK-103 assault rifle and how lone combatants can use a compass, the sun and even the stars to orient themselves if they are on the move.

Venezuelan opposition groups, NGOs, Washington and some Latin American governments have accused Maduro's administration and the Venezuelan military of ties to drug trafficking, especially in the country's west, where Colombian guerrilla groups like the National Liberation Army operate and coca, the base ingredient in cocaine, is widely cultivated.

The government has consistently denied such links and says it combats Colombian drug traffickers.

But Maduro may be trying to send a message about the risks of invasion through his appearances on state television, where he regularly shows off military equipment, said Andrei Serbin Pont, a defense and security analyst.

"The underlying message isn't actual military capability but deterrence through chaos: the threat that this equipment could end up in the hands of armed groups, guerrillas, paramilitaries, or reorganized ex-military personnel, worsening violence and instability during a potential transition," Serbin said.*( By Reuters)*

# Mamdani opens floodgates of younger Democrats running for office

*Continued from page 19*

a school board in Atlanta, said observing Mamdani's campaign on social media taught him to put forward specific policies to appeal to voters. Though Mamdani's campaign broadly focused on affordability, he ran on several key promises to voters: freezing the rent in rent-controlled apartments, funding free buses, and operating city-owned grocery stores.

"I think that influenced our decision to really zero in on a few issues," Mann said. "I have a broad platform that talks about my values across the board and my priorities across the board, but zero in on some tangible priorities that are a bit more accessible for the average voter, because these policies are very clear in what they would achieve." His platform includes doubling the number of counselors in schools and providing free transportation vouchers to Atlanta students.

The defeat of democratic socialist Omar Fateh in the Minneapolis mayoral race also underscored how regional differences could affect races. Fateh earned comparison to Mamdani due to their similar policy proposals and his race against an establishment-backed incumbent Jacob Frey (D). While Tuesday ended in a landslide victory for Mamdani, Fateh lost his election amid record turnout among Minneapolis voters, who instead supported Frey's more moderate platform.

Differences in local political engagement can also affect election outcomes. Mamdani's campaign knocked on more than 3 million doors — a scale made possible by the sheer size of his volunteer team, which surpassed 50,000 people over the summer.

His volunteer team was able to reach that size in part because of the already-strong presence of New York City's Democratic Socialists for America chapter, which helped Rep. Alexandria Ocasio-Cortez (D) win an election against an incumbent Democrat during Trump's first presidency. Other cities don't have the same political institutions. Pearson, the Tennessee state representative, said he has a strong volunteer coalition due to his involvement with community organizations. "We're really fortunate to have people over the years who have volunteered with our campaign," he said. Cameron Kasky, a gun violence prevention activist, has had a front-row seat to Mamdani's mayoral run as a New York resident. A few weeks ago, he filed to run for retiring Rep. Jerry Nadler's (D-N.Y.) seat.  He said Mamdani's mayoral win showed a way forward for other young progressive candidates. "You have to run against Donald Trump in every race, but you also need to tell people, 'We are going to propose new solutions. We are going to try new things to make your life better, and there is a future we can obtain where the world works better for people,'" Kasky said.

# Families still cry for justice

*Continued from page 19*

The RAB has taken 70 time extensions to submit a charge sheet in the case filed following the killing.

Following the fall of the Awami League regime in early August last year, six suspects were arrested in connection with the murder.

The RAB sought additional time from a Narayanganj court on September 18 to submit the charge sheet in the case.

Tonu, a student of Cumilla Victoria College's history department and also a theatre activist, was raped and murdered inside Cumilla Cantonment on March 20, 2016.

The incident triggered nationwide protests and drew widespread media attention, both locally and internationally. However, the police could not submit a charge sheet in the case in nine years.

Even after two autopsies at Cumilla Medical College Hospital, the cause of the death could not be determined. Tonu's ailing father, Yaar Hossain, while talking to New Age, started wailing and said that he had no hope left for justice for his daughter.

'Nine years have passed without justice, and I don't think this government will be able to do anything to ensure justice,' he said.

'Almighty Allah has seen those who killed my daughter and He will punish them,' Yaar Hossain said in despair. The Criminal Investigation Department previously claimed to have interrogated around 200 individuals, including army personnel, but no significant progress was made.

PBI inspector Tariqul Islam took charge of the case as the latest investigation officer in October last year after being appointed by the PBI headquarters in Dhaka.

PBI deputy inspector general Md Mustafa Kamal told New Age on Sunday that the investigation was going on. 'The investigators are trying to solve the murder case as soon as possible,' he said. He, however, refrained from commenting on details of the investigation process or the progress in the investigation. The only confirmed development in the case was that DNA tests proved that Tonu had been raped before her murder.

Sperm from three unidentified individuals was found on her clothes, but the samples did not match any of the known suspects. The family of college student Mosarat Jahan Munia, whose body was found in a Gulshan flat on April 26, 2021, has demanded a reinvestigation into the rape and murder cases filed against Bashundhara Group managing director Sayem Sobhan Anvir and seven others. Following Munia's death, her sister Nusrat Jahan Tania filed two cases against Anvir, his family members and some others. On October 19, 2022, the PBI submitted a probe report clearing all the accused, including Anvir, of the charges over the rape and murder of Munia.

A no-confidence petition has been filed recently before the court over clearing all the accused of the charges, Nusrat's lawyer Sarwar Hossain said. 'We will wait for the court's decision and act accordingly after the decision,' he added. *(Source-New Age)*




*বৃহস্পতিবার রাতে দলের চেয়ারপার্সনের গুলশান কার্যালয়ে বিএনপি'র জাতীয় স্থায়ী কমিটির সভা শেষে ব্রিফিং হয়*

# প্রধান উপদেষ্টাকে ধন্যবাদ জানিয়েছে বিএনপি

ঢাকা অফিস

গতকাল বৃহস্পতিবার রাতে দলের চেয়ারপার্সনের গুলশান কার্যালয়ে বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি'র জাতীয় স্থায়ী কমিটির সভা থেকে প্রধান উপদেষ্টাকে এই ধন্যবাদ জানানো হয়।

বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের সভাপতিত্বে দলের জাতীয় স্থায়ী কমিটির এই সভা অনুষ্ঠিত হয়।

একই সাথে সভা থেকে গত ১৭ অক্টোবর ঐকমত্যের ভিত্তিতে স্বাক্ষরিত জুলাই জাতীয় সনদের উপর জনগণের সম্মতি গ্রহণের জন্য গণভোট অনুষ্ঠানের এবং যথা শিগগির জাতীয় সংসদ নির্বাচনের আয়োজন করার জন্য সরকার ও নির্বাচন কমিশনের প্রতি আহ্বান জানানো হয়।

# এশিয়ান হেরিটেজ অ্যাওয়ার্ড পেলেন শাহ নেওয়াজ

*১ পৃষ্ঠার পর*

সাউথ এশিয়ান আমেরিকান লেবার (অ্যাসাল)-এর প্রতিষ্ঠাতা ও প্রেসিডেন্ট মাফ মিসবাহ উদ্দিন। সংগঠনের ১৫৭০০০ সাধারণ সদস্য, ৬২টি লোকাল ইউনিয়নের সদস্যদের মতামতের ভিত্তিতে শাহ নেওয়াজকে পুরষ্কারের জন্য নির্বাচিত করা হয়।

# ভাষণ ঘিরে বিএনপি জামায়াত পক্ষে-বিপক্ষে

*১ পৃষ্ঠার পর*

ও গণভোট নিয়ে যে ভাষণ দিয়েছেন তা নিয়ে বিএনপির পক্ষ থেকে অভিনন্দন জানানো হয়েছে। অন্যদিকে জামায়াতে ইসলামির পক্ষ থেকে বলা হয়েছে, একই দিনে নির্বাচন ও গণভোটের আয়োজন 'জনগণের আশা আকাঙ্খার বিপরিত' জানিয়ে হতাশা ব্যক্ত করা হয়েছে। বিএনপি ও জামায়াত ভাষণ ঘিরে এখন পক্ষে ও বিপক্ষে অবস্থান নিয়েছে। অন্যদিকে এবি পার্টি ও ১২ দল প্রধান উপদেষ্টার এই ভাষণকে স্বাগত জানিয়েছে। বৃহস্পতিবার বাংলাদেশ সময় রাতে বিএনপির চেয়ারপার্সনের গুলশান কার্যালয়ে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি'র জাতীয় স্থায়ী কমিটির সভা থেকে প্রধান উপদেষ্টাকে এই ভাষণের জন্য ধন্যবাদ জানানো হয়। বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের সভাপতিত্বে দলের জাতীয় স্থায়ী কমিটির এই সভা অনুষ্ঠিত হয়েছে বলে জানা যায়।

একই সাথে সভা থেকে গত ১৭ অক্টোবর ঐকমত্যের ভিত্তিতে স্বাক্ষরিত জুলাই জাতীয় সনদের উপর জনগণের সম্মতি গ্রহণের জন্য গণভোট অনুষ্ঠানের এবং যথা শিগগির জাতীয় সংসদ নির্বাচনের আয়োজন করার জন্য সরকার ও নির্বাচন কমিশনের প্রতি আহ্বান জানানো হয়। এদিকে বাংলাদেশ জামায়াতে ইসলামের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেছেন, প্রধান উপদেষ্টার একই দিনে গণভোট ও জাতীয় নির্বাচনের ঘোষণায় জনগণের আকাঙ্খা পুরোপুরি পূরণ হয়নি। বৃহস্পতিবার জাতির উদ্দেশ্যে প্রধান উপদেষ্টার ভাষণের পর তিনি এই মন্তব্য করেন।

মিয়া গোলাম পরওয়ার বলেন, 'সাংবিধানিক সংস্কারসহ অন্যান্য সংস্কার নিয়ে আমরা যে ৪৮টি প্রস্তাবে সর্বসম্মত হয়েছি, সেগুলো অবশ্যই জাতিকে জাতীয় নির্বাচনের পূর্বে জানানো দরকার। যাতে ভোটাররা তা বিবেচনা করে হ্যাঁ-না সিদ্ধান্ত নিতে পারেন।' তিনি আরও বলেন, একই দিনে জাতীয় নির্বাচন এবং গণভোট অনুষ্ঠিত হলে ভোটপ্রক্রিয়ায় জটিলতা ও সংকট সৃষ্টি হবে। 'এই প্রক্রিয়ার পাশাপাশি ভোটারকে আবার জাতীয় নির্বাচনের প্রতীকের উপরও ভোট দিতে হবে। এটা একটা সংকট তৈরি করবে বলে তিনি মন্তব্য করেন। মিয়া গোলাম পরওয়ার বলেন, 'বাংলাদেশে প্রতিটি নির্বাচনে কোথাও না কোথাও সহিংসতা বা বিশৃঙ্খলা দেখা গেছে; কখনো চার-পাঁচ কেন্দ্র বন্ধও হয়েছে। একই দিনে ভোট হলে কোনো কেন্দ্রে জাতীয় নির্বাচনের প্রতীকের ভোট বন্ধ হলে গণভোটের ফল কী হবে তার কোন নিশ্চয়তা নেই।'

# তারেক রহমানের ফেরা নিয়ে 'আজকাল'কে যা জানালেন

*১ পৃষ্ঠার পর*

নিশ্চিত করা হয়েছে। প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস আগেই কর্মকর্তাদের নির্দেশ দিয়েছেন যে, নভেম্বরের মধ্যে নির্বাচনের সকল প্রস্তুতি সম্পন্ন করতে হবে। ফলে ডিসেম্বর নাগাদ নির্বাচনের তফসিল ঘোষণা করা হতে পারে। অন্তর্বর্তী সরকার ফেব্রুয়ারির প্রথমার্ধে জাতীয় সংসদ নির্বাচনের আয়োজন করবে।

মরহুম রাষ্ট্রপতি জিয়াউর রহমান এবং সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার ছেলে তারেক রহমান প্রায় দুই দশক ধরে যুক্তরাজ্যে নির্বাসিত। লন্ডনে অবস্থান করেও টেলিফোন ও অনলাইনের মাধ্যমে নির্দেশনা দিয়ে তিনি বাংলাদেশে বিএনপি'র কেন্দ্রীয় ও মাঠপর্যায়ে দলীয় কার্যক্রম পরিচালনা করেন। সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার আমলে তার বিরুদ্ধে অসংখ্য মামলা দেওয়া হয়েছিলো। এসব মামলার কোনও কোনওটিতে তিনি দন্ডিতও হয়েছিলেন। গত বছরের ৫ আগস্ট ছাত্রদের নেতৃত্বে পরিচালিত গণঅভ্যুত্থানে শেখ হাসিনা ভারতে পালিয়ে যান। নোবেল বিজয়ী ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে অর্ন্তবর্তী সরকার দায়িত্ব গ্রহণ করলে একে একে সব মামলা থেকে তারেক রহমান খালাস পান। ফলে তার দেশে ফেরার পথ সুগম হয়।

দলের শীর্ষস্থানীয় নেতারা বলছেন, নিরাপত্তাজনিত শঙ্কার কারণে তিনি দেশে ফিরতে পারছেন না। তবে তারেক রহমান নিজে বিবিসি বাংলার কাছে এক সাক্ষাৎকারে বলেছেন, তিনি শিগগিরই দেশে ফিরে আসবেন। যদিও বিএনপি'র একাধিক শীর্ষস্থানীয় নেতা 'আজকালকে' বলেছেন, নির্বাচনের তফসিল ঘোষণার পর তার দেশে ফেরার সম্ভাবনা বেশি। অভ্যুত্থান সমর্থনকারী দলগুলোর মধ্যে বিএনপি সবচেয়ে বড় রাজনৈতিক দল এবং এই দলটি আগামীতে ক্ষমতায় যাবে বলে আশা করা হচ্ছে। সেক্ষেত্রে, তারেক রহমান পরবর্তি প্রধানমন্ত্রী হবেন বলে তার দলের নেতা-কর্মীরা আশা করছে।

# আলী রীয়াজ প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী

*৬৪ পৃষ্ঠার পর*

হয়েছে। উপদেষ্টার পদমর্যাদায় তাকে এ নিয়োগ দিয়ে গতকাল বৃহস্পতিবার মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। প্রজ্ঞাপনে বলা হয়, অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা বৃহস্পতিবার অধ্যাপক আলী রীয়াজকে প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী হিসেবে নিয়োগদান করেছেন। বিশেষ সহকারী পদে অধিষ্ঠিত থাকাকালীন তিনি উপদেষ্টার পদমর্যাদা, বেতন-ভাতাদি ও আনুষঙ্গিক সুযোগ-সুবিধা পাবেন বলেও প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে। জাতীয় ঐকমত্য কমিশনে তার দায়িত্ব শেষ হবার পর এই নিয়োগ দেয়া হলো।

# সম্ভাবনার জটিল পথ

*৫ পৃষ্ঠার পর*

বিপ্লবে সে দেশগুলোর জনগণ একটা মুক্তির পথ পেয়েছিল। তুরস্কের কামাল আতাতুর্ক সব ধর্মান্ধতা এবং গোঁড়ামি থেকে একটা মুক্ত সমাজ গড়েছিলেন। আমাদের দেশেও লাখ লাখ মানুষ দেশের জন্য বড় বড় ত্যাগ স্বীকার করেছেন। কিন্তু রাজনৈতিক নেতৃত্ব তা সমাজের কাজে ব্যবহার করতে পারেননি। একটাই বড় বিষয় হয়ে দাঁড়িয়েছে, তা হলো ক্ষমতা। ক্ষমতার ব্যবহার এবং অপব্যবহার একটি সমাজের জন্য যে কত ভয়ংকর হতে পারে, তা আমরা দেখেছি। এটা সবাই স্বীকার করছেন, আমরা একটি সংকটকাল পার করছি। তার মধ্যেও মানুষের মনে আশা জাগে-একটা সুদিন আসবে। কীভাবে যে সে আশা পূর্ণ হবে আমি জানি না, কেউ জানে কি না জানি না, তবে কেউ না কেউ নিশ্চয়ই জানেন। জেনে থাকলে আমাদের খবর দেবেন।

**লেখক: নাট্যব্যক্তিত্ব।**

# প্রযোজকের বিরুদ্ধে অভিযোগ তমার

*৪৬ পৃষ্ঠার পর*

তমা মির্জা গণমাধ্যমকে জানান, '১১ বছর আগে শুটিং শেষ করেছি। তখন ছবিটি সময়োপযোগী ছিল। আমাদের অভিনয়, চিন্তাভাবনা, চেহারা এখন বদলে গেছে। এত বছর পরে মুক্তি হলে দর্শকরা আমাদের বর্তমান অবস্থা সঙ্গে তুলনা করবেন, যা ছবির জন্য ক্ষতিকর।'

তিনি আরও বলেন, 'একটি ছবির শুটিং শেষ হওয়ার তিন বছরের মধ্যে মুক্তি দেওয়া উচিত। না হলে ছবির মেরিট নষ্ট হয়। এতে শিল্পীর সুনামও ক্ষতিগ্রস্ত হয়। প্রযোজক অনেক টাকা বিনিয়োগ করেছেন, তা ঠিক আছে। কিন্তু বছরের পর বছর মুক্তি না দিয়ে ফেলে রাখা কতটা যুক্তিসঙ্গত, তা প্রশ্নবিদ্ধ।'

তমা বলেন, 'একজন প্রযোজক যখন কোনো ছবি বানান, তার মুক্তি দেওয়ার অধিকার রয়েছে। কিন্তু শুটিং শেষে আমাদের সঙ্গে কোনো আলোচনা বা মতামতের প্রয়োজনীয়তা তারা অনুভব করেননি। এটি চূড়ান্ত অপেশাদার আচরণ।'

তমাকে সর্বশেষ 'দাগি' সিনেমায় দেখা গেছে। শিহাব শাহীন পরিচালিত এই ছবিতে তার বিপরীতে ছিলেন আরেফিন শুভ। এছাড়া ছবিতে অভিনয় করেছেন সুনেহার বিনতে কামাল, রাশেদ মামুন অপু, শহীদুজ্জামান সেলিম, মনিরা মিঠু প্রমুখ।

## ক্যান্সার, কিডনি ও হৃদরোগের বিশেষ চিকিৎসা কেন্দ্রের কার্যকারিতা বৃদ্ধিতে সুপারিশ

২০ পৃষ্ঠার পর

**সম্ভাব্য সুফল:**

১. **দ্রুত কার্যকারিতা:** ভবনগুলো স্বল্প সময়ে সেবা দিতে সক্ষম হবে।
২. **আধুনিক প্রযুক্তি:** আন্তর্জাতিক মানের যন্ত্রপাতি ও সফটওয়্যার সংযোজন সম্ভব হবে।
৩. **মানবসম্পদ উন্নয়ন:** প্রশিক্ষণ ও জ্ঞান বিনিময়ের মাধ্যমে দক্ষতা বাড়বে।
৪. **সাশ্রয়ী চিকিৎসা:** সরকারি নীতিমালা অনুসারে সেবা মূল্য নিয়ন্ত্রণে থাকবে।
৫. **আঞ্চলিক ভারসাম্য:** ঢাকাকেন্দ্রিক চিকিৎসা নির্ভরতা কমে বিভাগীয় পর্যায়ে উন্নত সেবা পাওয়া যাবে।

**আশাবাদী দৃষ্টিভঙ্গি:** এই চচচ মডেল কেবল অবকাঠামো নয়ড়একটি সেবা কাঠামোকে জীবন্ত বাস্তবতায় রূপান্তর করতে পারে। সরকারের দূরদর্শিতা, বেসরকারি খাতের উদ্ভাবন এবং জনগণের আস্থা একত্রিত হলে, বাংলাদেশে বিশেষায়িত চিকিৎসা ব্যবস্থার এক নতুন যুগের সূচনা হবে।

উপসংহার: এখন সময় কেবল ভবন নির্মাণ নয়, বরং ভবনের ভেতর প্রাণ সঞ্চার করারড়কার্যকারিতা ও টেকসই সেবা নিশ্চিত করার। PPP মডেলের মাধ্যমে সরকার দ্রুত এই লক্ষ্য অর্জন করতে পারবেড়স্বল্প বিনিয়োগে, উচ্চ মানে, এবং জনগণের আস্থার সঙ্গে।

মূল বার্তা: অবকাঠামো থেকে কার্যকারিতা — সরকার ও বেসরকারি অংশীদারিত্বের মাধ্যমে সম্ভব টেকসই স্বাস্থ্যসেবা।

**লেখক: সিনিয়র কনসালট্যান্ট-রেডিয়েশন অনকোলজি, এভারকেয়ার হাসপাতাল ঢাকা।**

## ফের সমালোচনার মুখে পরীমনি

৪৬ পৃষ্ঠার পর

ধরনের নেতিবাচক মন্তব্য করেছেন। এক নেটিজেন লিখেছেনড় গান করো ভালো কথা, গায়ে উঠেপড়ে করে কেন? আরেক নেটিজেন তার ব্যক্তিগতজীবনকে ইঙ্গিত করে লিখেছেনড় পরীমনির প্রেম আর শেষ হয় না।

## বিয়েরও একটা মেয়াদ থাকা উচিত : কাজল

৪৬ পৃষ্ঠার পর

না।'কাজল সঙ্গে সঙ্গে হেসে তাকে চুপ করতে বলেন, 'চুপ করো, চুপ!'ড়যেন গোপন তথ্য ফাঁস না হয়ে যায়।

এর আগের এক পর্বে, যেখানে অতিথি ছিলেন জাহ্নবী কাপুর ও করণ জোহর, টুইংকেল খান্না 'শারীরিক প্রতারণা' নিয়ে খোলাখুলি মত দেন। প্রশ্ন ছিল-'মানসিক প্রতারণা কি শারীরিক প্রতারণার চেয়ে খারাপ?'

এতে টুইংকেল, কাজল ও করণ জোহর একসঙ্গে বলেনড়শারীরিক প্রতারণা সম্পর্ক ভাঙার কারণ নয়। অন্যদিকে জাহ্নবী কাপুর বলেন, 'না, এতে সম্পর্ক ভেঙে যায়।'

তখন টুইংকেল যোগ করেন, 'আমরা পঞ্চাশে, ও বিশে। ও এখনও দেখেনি আমরা যা দেখেছি। রাত গেল, কথা গেলড়য়া হয়ে গেছে, তা ভুলে যেও।'

টুইংকেল খান্না ২০০১ সালে অভিনেতা অক্ষয় কুমারকে বিয়ে করেন। কাজল ও অজয় দেবগণ ১৯৯৯ সাল থেকে দাম্পত্য জীবন কাটাচ্ছেন। এই 'টু মাচ' টকশোতে দুজনেই বলিউডের প্রতিষ্ঠিত অভিনেত্রী হলেও তাদের খোলামেলা মতামত ও রসিকতা এখন নেটদুনিয়ার অন্যতম আলোচ্য বিষয়। *সূত্র: এনডিটিভি*






# শীতে শিশু থাকুক সযত্নে

২০ পৃষ্ঠার পর

কম্বল ব্যবহার করতে হবে।

বেশি শীত পড়লে ঘরের তাপমাত্রা উষ্ণ রাখার জন্য জানালা বন্ধ করে হিটার ব্যবহার করা যেতে পারে। এ ছাড়া শিশুকে পর্যাপ্ত সময় রোদে রাখতে হবে। শিশুর রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ানোর জন্য এসময় পর্যাপ্ত পরিমাণে ফলমূল, শাকসবজি, দুধ, ডিম খাওয়াতে হবে। এসময় শিশুর খাদ্য তালিকাতে সবজি খিচুড়ি রাখা যেতে পারে। এ ছাড়া ঠান্ডা খাবার, ঠান্ডা পানি পরিহার করতে হবে।

**লেখক : সহকারী অধ্যাপক, শিশু পরিপাকতন্ত্র ও পুষ্টি বিভাগ, বাংলাদেশ মেডিকেল ইউনিভার্সিটি।**

# নামাজ না পড়ার শাস্তি

২৫ পৃষ্ঠার পর

হবে।' (তিরমিজি : ৪১৩)।

**দুনিয়ায় নামাজ না পড়ার পরিণতি**

১. **হৃদয়ের কঠোরতা :** আল্লাহর ভয় ও রহমত থেকে বঞ্চিত হয়।
২. **অশান্তি ও হতাশা :** নামাজ আল্লাহর স্মরণ; তা না থাকলে মন অশান্ত থাকে।
৩. **রিজিকে অবারকতা :** রাসুল (সা.) বলেছেন, 'নামাজ রিজিক বৃদ্ধি করে।' নামাজ না পড়লে তার উল্টো ঘটে।
৪. **অন্ধকার ও হতাশ মৃত্যু :** হাদিসে এসেছে, 'নামাজ হলো কবর ও আখিরাতে আলো।' *(মুসলিম : ২২৩)*।

**পরকালে নামাজ না পড়ার শাস্তি**

১. জাহান্নামের আগুনে দগ্ধ হওয়া। কোরআনে বলা হয়েছে, 'যারা নামাজ আদায় করে না, তাদের জন্য আফসোস! (ওয়াইল)' *(সুরা মাউন : ৪৫)*।
২. **হিসাবের দিন প্রথম প্রশ্নেই ব্যর্থতা :** নামাজ ঠিক না থাকলে সব আমল বাতিল হবে।
৩. **চিরন্তন আফসোস :** কেয়ামতের দিন তারা বলবে: 'হায়, যদি আমি নামাজ আদায় করতাম, তাহলে আজ এই অবস্থা হতো না!' ইমাম আহমদ ইবনু হাম্বল (রহ.) বলেছেন, 'যে ব্যক্তি ইচ্ছাকৃতভাবে নামাজ ত্যাগ করে, সে কাফের।' *(আল-মুগনি, খণ্ড : ২, পৃষ্ঠা : ৪৪৩)*।

ইমাম আবু হানিফা (রহ.) বলেছেন, 'যে নামাজ ছেড়ে দেয়, তাকে তওবা করতে বলা হবে; তাওবা না করলে শাস্তি দেওয়া হবে, তবে কাফের গণ্য হবে না।' *(ফাতহুল কাদির, খণ্ড : ১, পৃষ্ঠা : ২৯৪)*।

ইমাম শাফেয়ি ও মালেকি মত অনুযায়ী, 'নামাজ না পড়া বড় গুনাহ, তবে ঈমান অস্বীকার না করলে সে ইসলাম থেকে বের হয় না।' *(আল-মাজমু, খণ্ড : ৩, পৃষ্ঠা : ১২)*।

নামাজ ত্যাগকারীর জন্য উপদেশ : আল্লাহর দরজা সর্বদা খোলা। যে ব্যক্তি তওবা করে আবার নামাজে ফিরে আসে, আল্লাহ তার অতীতের সব গোনাহ ক্ষমা করে দেন। আল্লাহ বলেছেন, 'তুমি বলো, হে আমার বান্দাগণ, যারা নিজেদের ওপর সীমালঙ্ঘন করেছে, তোমরা আল্লাহর রহমত থেকে নিরাশ হয়ো না; নিশ্চয়ই আল্লাহ সব গোহ ক্ষমা করেন।' *(সুরা জুমার : ৫৩)*।

নামাজ শুধু একটি ফরজ ইবাদত নয়, মুসলমানের জীবনের মেরুদণ্ড। যে নামাজ পড়ে, সে আল্লাহর সান্নিধ্যে থাকে; আর যে নামাজ ত্যাগ করে, সে নিজের জীবনের আলো নিভিয়ে দেয়। তাই আসুন, আমরা সবাই প্রতিজ্ঞা করি, আজ থেকেই নিয়মিত নামাজ পড়ব, কারণ নামাজই আমাদের কবরের আলো, দুনিয়ার শান্তি।

# বিশ্বাসের দ্বৈততা : কেন নিয়ন্ত্রকের কাছেই সাহায্য চাই?

১৬ পৃষ্ঠার পর

জন মিলটনের "They also serve who only stand and wait/তারাও সেবা করে, যারা কেবল স্থির হয়ে দাঁড়িয়ে থাকে আর অপেক্ষা করেচ -পঙতিটি চূড়ান্ত বৌদ্ধিক সমর্পণের প্রকাশ। এর অর্থ, মানুষের নিজস্ব 'কর্মের সময়' শেষ হলেও, 'অপেক্ষা করার সময়' কখনও শেষ হয় না এবং সেই অপেক্ষাই হলো নীরবতম ও শ্রেষ্ঠতম সেবা। এই অপেক্ষা হলো যুক্তির আত্মসমর্পণ এবং আত্মিক শক্তির চূড়ান্ত বিজয়ের প্রতীক।

প্রার্থনার অর্থ এই নয় যে আমরা ঈশ্বরের সময়সূচী বদলাতে চাইছি। এর অর্থ হলো, আমরা সেই কষ্টকর সময়ে তাঁর উপস্থিতি কামনা করছি। আমরা বলছি, "প্রভু, আমি একা চলতে পারছি না, দয়া করে আপনি আমার হাত ধরুন।চ ঈশ্বরের কাছে সাহায্য চাওয়া আমাদের অহংকে বিসর্জন দিতে শেখায়। একজন মানুষ যখন জীবনের সব নিয়ন্ত্রণ নিজের হাতে রাখতে চায় (যেমন মিলটন তাঁর দৃষ্টিশক্তি হারিয়েও ঈশ্বরের সেবা করার তাগিদ অনুভব করেছিলেন), তখনই সে হতাশার শিকার হয়। প্রার্থনা এই অহংকে বিনয়ী করে তোলে এবং মানুষকে মনে করিয়ে দেয়: আমরা সেই বৃহত্তর পরিকল্পনার অংশ, যা আমাদের সীমিত বোধগম্যতার উর্ধ্বে। আমাদের কষ্ট কেবল ব্যক্তিগত নয়, বরং তা একটি মহাজাগতিক নাটকের অংশ, যা আমাদের চরিত্রকে গভীরতম অর্থে পরিশুদ্ধ করছে। এই প্রার্থনা বিচলিত মনকে সাময়িকভাবে স্থির করে, সংগ্রামকে নতুন দৃষ্টিকোণ থেকে দেখতে সাহায্য করে এবং হতাশার অন্ধকারের মাঝে একটি আশার আলোকবর্তিকা জ্বালিয়ে রাখে। এটি আমাদের বলে-'যুদ্ধ চলছে, কিন্তু তুমি একা নও।'

সুতরাং, আমরা ঈশ্বরের কাছে সাহায্য চাই, কারণ আমরা মানুষ। আমরা দুর্বল, আমরা আশা করি, আমরা ভুলে যাই। আমাদের প্রার্থনা ঈশ্বরের অপরিবর্তনীয় পরিকল্পনাকে পরিবর্তন করার জন্য নয়, বরং সেই পরিকল্পনার মধ্যে আমাদের অংশগ্রহণের শক্তি বজায় রাখার জন্য।

যখন আমি জীবনের মরণব্যাধি বা গভীর কষ্টের ভার বহন করি, তখন আমার প্রার্থনায় ঈশ্বর কখনো বিরক্ত হন না। কারণ আমি প্রার্থনা করি ধৈর্য্যের, শক্তির, এবং সহ্য করার-নিরাময়ের নয়। আমার এই প্রার্থনা তাঁর ইচ্ছার বিরুদ্ধে কোনো বিদ্রোহ নয়, বরং তাঁর পরিকল্পনার প্রতি আমার গভীরতম শ্রদ্ধা। যখন আমি বলি, 'আমাকে নিরাময় করো না, বরং আমাকে এই কষ্ট সহ্য করার শক্তি দাও,' তখন আমি প্রমাণ করি যে আমার বিশ্বাস ক্ষণস্থায়ী আরামের উর্ধ্বে; আমি সেই উচ্চতর উদ্দেশ্যকে আলিঙ্গন করি যা আমার কষ্টের মধ্যেই নিহিত। এই প্রার্থনা আমাকে কেবল বেঁচে থাকতে শেখায় না, বরং মর্যাদার সাথে লড়াই করতে শেখায়।

তার মানে এই নয় যে আমি ঈশ্বরকে প্রশ্ন করি না। মানুষ হিসেবে, আমাদের যুক্তি ও কৌতূহল স্বভাবজাত। বিশেষত যখন দেখি, নিরপরাধ মানুষের ওপর নেমে আসে ভয়াবহ যন্ত্রণা, তখন গভীর বিশ্বাসী মনও প্রশ্ন করতে বাধ্য হয়-কেন? এই প্রশ্ন, যেমন মিলটন জিজ্ঞেস করেছিলেন, "Doth God exact day-labour, light denied?"-তা ঈশ্বরের কর্তৃত্বের বিরুদ্ধে বিদ্রোহ নয়, বরং বোঝার জন্য এক আকুল আবেদন। প্রশ্ন করা হলো যুক্তিবাদী মানুষের একটি ধর্ম। ঈশ্বরকে প্রশ্ন করার মাধ্যমে আমরা তাঁর পরিকল্পনাকে বাতিল করতে চাই না, বরং সেই পরিকল্পনার নৈতিক ভিত্তি এবং আমাদের কষ্টের উদ্দেশ্য জানতে চাই।

আমাদের মনস্তাত্ত্বিক কাঠামো বলে, প্রতিটি ঘটনার পেছনে একটি কারণ থাকা উচিত। যখন যুক্তি সেই কারণ খুঁজে পায় না, তখন এটি সরাসরি সৃষ্টিকর্তার দিকে তাকায়। এই বৌদ্ধিক জিজ্ঞাসা স্বীকার করে যে, তাঁর পরিকল্পনা আমাদের সীমিত বোধগম্যতার উর্ধ্বে, কিন্তু তারপরও প্রশ্ন করার মধ্য দিয়ে মানুষ তার মানবিক মর্যাদা বজায় রাখে।

প্রার্থনা এবং প্রশ্ন-এই দুটি প্রক্রিয়া সমান্তরালে চলে। আমরা তাঁকে প্রশ্ন করি, কারণ আমরা জানি তিনিই একমাত্র সত্তা যিনি চূড়ান্ত উত্তর দিতে পারেন; যদিও সেই উত্তর নীরবতা বা সময়ের আড়ালে লুকিয়ে থাকে।

কাজেই, কঠিন সময়ে ঈশ্বরের কাছে আমাদের সাহায্য চাওয়া, শক্তি হোক বা নিরাময়-তা একইসাথে বিশ্বাস ও যুক্তির দ্বন্দ্ব এবং সহযোগিতার চূড়ান্ত ক্ষেত্র। এই দ্বন্দ্বেই আমাদের বিশ্বাস আরও গভীর হয়, এবং আমরা বুঝতে পারি যে মানুষের কাজ হলো কর্ম করে যাওয়া এবং অপেক্ষার সময়টুকুকে ধৈর্যের সাথে ধরে রাখা।

# রক্ত জমাট না বাঁধার নীরব ঘাতক

২০ পৃষ্ঠার পর

কারণে দেখা দেয়। এর মধ্যে উল্লেখযোগ্য হলো :

**ডিসেমিনেটেড ইন্ট্রাভাসকুলার কোয়াগুলোপ্যাথি (ডিআইসি) :** এটি সবচেয়ে কমন কারণ। ডিআইসিতে শরীরজুড়ে অস্বাভাবিকভাবে ছোট ছোট রক্তনালিতে রক্ত জমাট বাঁধতে শুরু করে, যা ফাইব্রিনোজেনসহ অন্যান্য ক্লটিং ফ্যাক্টর নিঃশেষ করে ফেলে, ফলে মারাত্মক রক্তপাত হয়। সেপসিস, ক্যানসার, গর্ভকালীন জটিলতা (যেমন প্লাসেন্টা প্রিভিয়া) ইত্যাদি ডিআইসির কারণ।

**লিভারের গুরুতর রোগ :** যকৃতের (লিভার) গুরুতর রোগ যেমন সিরোসিস, ফুলমিন্যান্ট হেপাটাইটিস ইত্যাদিতে ফাইব্রিনোজেন উৎপাদন ক্ষমতা কমে যায়।

**অতিরিক্ত রক্তপাত :** কোনো বড় অপারেশন বা গুরুতর আঘাতে অতিরিক্ত রক্তক্ষরণ হলে দেহের সব ফাইব্রিনোজেন ব্যবহৃত হয়ে তার মাত্রা কমে যেতে পারে।

**থ্রম্বোলাইটিক থেরাপি :** হার্ট অ্যাটাক বা স্ট্রোকের চিকিৎসায় ব্যবহৃত কিছু ওষুধ (যেমন : PA) রক্ত জমাট গলিয়ে দিতে দেয়, যা ফাইব্রিনোজেন ভেঙে ফেলে।

কোনো কোনো ধরনের লিউকেমিয়া বা ক্যানসার।

*** হাইপোফাইব্রিনোজেনেমিয়ার লক্ষণ**

লক্ষণগুলো ফাইব্রিনোজেনের মাত্রার ওপর নির্ভর করে। মাত্রা যত কম হবে, লক্ষণ ততই গুরুতর হবে।

**অকারণে বা স্বতঃস্ফূর্ত রক্তপাত :** সামান্য আঘাতেই দীর্ঘ সময় ধরে রক্তপাত হওয়া।

মাড়ি বা নাক থেকে রক্ত পড়া।

ত্বকে সহজেই ছোট ছোট লাল দাগ (পেটেকিয়া) বা বড় কালশিটে দাগ (ইকাইমোসিস) দেখা দেওয়া।

পেশি বা জয়েন্টে রক্তক্ষরণ (হেমারথ্রোসিস) যা ব্যথা ও ফোলাভাব তৈরি করে।

অস্ত্রোপচার বা দাঁত তোলার পর নিয়ন্ত্রণহীন রক্তপাত।

মহিলাদের মধ্যে অতিরিক্ত বা দীর্ঘস্থায়ী ঋতুস্রাব (মেনোরেজিয়া)।

জন্মগত ক্ষেত্রে নাভির কর্ড থেকে রক্তপাত হতে দেখা যায়।

ডিআইসির মতো জটিল অবস্থায় শরীরের বিভিন্ন অঙ্গ (যেমন কিডনি, মস্তিষ্ক) ফেইলিউর পর্যন্ত হতে পারে।

*** রোগ নির্ণয়**

সন্দেহ হলে চিকিৎসক বেশ কয়েকটি রক্ত পরীক্ষার উপদেশ দেন। এর মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো ফাইব্রিনোজেন লেভেল পরিমাপ। এ ছাড়াও PT, APTT, Thrombin Time (TT)-এর মতো পরীক্ষাগুলো সাধারণত অস্বাভাবিকভাবে দীর্ঘ হয়।

*** চিকিৎসা :** চিকিৎসা সম্পূর্ণরূপে নির্ভর করে রোগের কারণ ও তীব্রতার ওপর।

অর্জিত হাইপোফাইব্রিনোজেনেমিয়ার ক্ষেত্রে প্রাথমিক লক্ষ হলো রোগীকে চিকিৎসা করা। যেমন, ডিআইসি হলে তার চিকিৎসা, লিভারের রোগ হলে তার ব্যবস্থাপনা।

**ফাইব্রিনোজেন প্রতিস্থাপন :** রক্তপাত রোধ বা অস্ত্রোপচারের প্রস্তুতি হিসাবে সরাসরি ফাইব্রিনোজেন সরবরাহ করা হয়। এটি সাধারণত দেওয়া হয়-

**ক্রায়োপ্রেসিপিটেট :** এটি রক্তের একটি ঘনীভূত অংশ যাতে ফাইব্রিনোজেন, ফ্যাক্টর VIII এবং অন্যান্য প্রোটিন থাকে।

**ফাইব্রিনোজেন কনসেন্ট্রেট :** এটি হলো বিশুদ্ধ ফাইব্রিনোজেনের পাউডার, যা স্যালাইনের সঙ্গে মিশিয়ে ইনফিউশন দেওয়া হয়। এটি জন্মগত রোগীদের প্রথম পছন্দ।

*** সতর্কতা :** জন্মগত হাইপোফাইব্রিনোজেনেমিয়া যাদের আছে, তাদের কোনো অ্যান্টি-ইনফ্লেমেটরি ওষুধ (যেমন অ্যাসপিরিন, আইবোপ্রোফেন সেবন থেকে বিরত থাকতে হবে, কারণ এগুলো রক্তপাতের ঝুঁকি বাড়ায়। তাদের কোনো অস্ত্রোপচার বা দাঁতের চিকিৎসার আগে চিকিৎসককে অবশ্যই জানাতে হবে। গর্ভাবস্থায় ফাইব্রিনোজেনের মাত্রা স্বাভাবিকভাবেই কিছুটা বৃদ্ধি পায়। কিন্তু যদি কমে যায়, তবে তা মা ও শিশু উভয়ের জন্যই ঝুঁকিপূর্ণ। এটি গর্ভপাত, প্লাসেন্টা বিচ্ছিন্নতা (ধনৼঃরড়হ) এবং প্রসবোত্তর অতিরিক্ত রক্তপাতের (চচঐ)-এর আশঙ্কা থাকে। তাই গর্ভবতীর নিয়মিত প্রসবপূর্ব চেকআপের অংশ হিসাবে রক্ত পরীক্ষা করা জরুরি।

*** পরিশেষে :** হাইপোফাইব্রিনোজেনেমিয়া একটি গুরুতর মেডিকেল কন্ডিশন, যা অগোচরেই থেকে যেতে পারে যতক্ষণ না কোনো বড় আঘাত, অস্ত্রোপচার বা রক্তপাতের ঘটনা ঘটে। সময়মতো শনাক্তকরণ ও যথাযথ চিকিৎসা জীবন বাঁচাতে পারে। যাদের পরিবারে এ ধরনের রক্তরোগের ইতিহাস আছে বা যারা অস্বাভাবিক ও দীর্ঘস্থায়ী রক্তপাতের অভিজ্ঞতা রাখেন, তাদের দেরি না করে হেমাটোলজিস্টের (রক্তরোগ বিশেষজ্ঞ)-এর পরামর্শ নেওয়া উচিত। সচেতনতাই হলো এ বিরল রোগ মোকাবিলার প্রথম ও প্রধান ধাপ।

**লেখক : ইউনিট প্রধান ও সহযোগী অধ্যাপক, হেমাটোলজি বিভাগ ও বিএমটি ইউনিট, ঢাকা মেডিকেল কলেজ।**

# হরমোন জীবন ও যৌবনের সঙ্গী

২০ পৃষ্ঠার পর

বিকাশ ঘটায়।

গ্রোথ হরমোন ও ইনসুলিন : অঙ্গপ্রত্যঙ্গের বৃদ্ধি ও শক্তি জোগাতে কাজ করে।

বলা যায়, জন্মের আগেই জীবন গড়ে তোলার কাজে হরমোন অগ্রণী ভূমিকা রাখে।

*** শৈশব : বৃদ্ধি ও বিকাশের অধ্যায়**

শিশুর জন্মের পর হরমোন আরও নতুনভাবে কাজ শুরু করে।

গ্রোথ হরমোন : হাড় ও পেশি বাড়ায়।

থাইরয়েড হরমোন : বুদ্ধিবিকাশ, শেখার ক্ষমতা ও স্মৃতিশক্তি বাড়ায়।

ইনসুলিন : খাবার থেকে পাওয়া শক্তিকে কাজে লাগায়।

মেলাটোনিন : ঘুম-জাগরণ নিয়ন্ত্রণ করে।

থাইমাস হরমোন : রোগ-প্রতিরোধ ক্ষমতা তৈরি করে।

হরমোন ছাড়া শিশুর স্বাভাবিক বৃদ্ধি ও বুদ্ধিবিকাশ অসম্ভব।

*** কৈশোর : জীবনের মোড় পরিবর্তন**

কৈশোরে হরমোনের প্রভাব নাটকীয়ভাবে দৃশ্যমান হয়।

GnRH, LH, FSH : যৌন হরমোন উৎপাদন শুরু করে।

টেস্টোস্টেরন : কণ্ঠস্বর ভারী হয়, দাড়ি-গোঁফ গজায়, পেশি শক্তিশালী হয়।

ইস্টোজেন ও প্রোজেস্টেরন : স্তন বিকাশ, মাসিক চক্র ও প্রজনন ক্ষমতা তৈরি হয়।

গ্রোথ হরমোন : দ্রুত শারীরিক বৃদ্ধি ঘটে।

কৈশোর হলো হরমোনের এক বৈপ্লবিক রূপান্তরের সময়।

*** যৌবন : পূর্ণতার অধ্যায়**

প্রাপ্তবয়স্ক জীবনে হরমোন যৌনতা, প্রজনন ও শক্তি বজায় রাখে।

টেস্টোস্টেরন ও ইস্টোজেন : যৌন ইচ্ছা ও প্রজনন ক্ষমতা নিয়ন্ত্রণ করে।

ইনসুলিন ও মেটাবলিক হরমোনস : খাবারকে শক্তিতে রূপান্তরিত করে।

কর্টিসল (স্ট্রেস হরমোন) : চাপ সামলায়, তবে বেশি হলে ক্ষতিকর হয়।

থাইরয়েড হরমোনস : দেহের মেটাবলিজম ও শক্তি ব্যয় নিয়ন্ত্রণ করে।

যৌবনকাল হলো হরমোনের সর্বাধিক সক্রিয় অধ্যায়।

*** মধ্যবয়স : পরিবর্তনের সূচনা**

বয়স বাড়ার সঙ্গে সঙ্গে হরমোনের ভারসাম্য নষ্ট হতে শুরু করে।

পুরুষদের ক্ষেত্রে টেস্টোস্টেরন কমে যায়, যৌন আগ্রহ হ্রাস, পেশি দুর্বলতা, স্থূলতা।

নারীদের ক্ষেত্রে মেনোপোজ-এ ইস্টোজেন কমে যায়। মাসিক বন্ধ, গরমে হঠাৎ ঘাম, যোনি শুষ্কতা, হাড় ভাঙার ঝুঁকি।

ইনসুলিন রেজিস্টেন্স বাড়ে, ডায়াবেটিসের ঝুঁকি।

কর্টিসল দীর্ঘস্থায়ীভাবে বাড়তে থাকে, মানসিক চাপ, উচ্চরক্তচাপ হয়।

মধ্যবয়সে হরমোননির্ভর রোগ বেড়ে যায়, যা জীবনযাত্রায় বড় প্রভাব ফেলে।

*** বার্ধক্য : ক্ষয়ের অধ্যায়**

বার্ধক্যে হরমোন ধীরে ধীরে ক্ষয় হতে থাকে।

গ্রোথ হরমোন কমে যায়, শরীর শুকিয়ে যায়, চামড়া পাতলা হয়।

টেস্টোস্টেরন ও ইস্টোজেন হ্রাস পায়, যৌন আগ্রহ কমে, হাড় ভঙ্গুর হয়।

মেলাটোনিন কমে যায়, ঘুমের সমস্যা বাড়ে।

